২৪ পাতার বিশেষ সংখ্যা
দাম : ৫ টাকা

# কর্মসংস্থান

www.karmosangsthan.com

Vol. 35 ■ Issue No. 30 ■ 23rd July 2022 ■ Saturday ■ Kolkata ■ R.N.I. 44167/88

আপনি কি মাধ্যমিক / H.S ফেল?
NIOS
আপনি কি H.S Science নিয়ে পাশ করতে চান?
রবীন্দ্র মুক্ত ও NIOS থেকে একচান্সে পাশ করুন
100% Pass Asst., Admission Guide, Study Materials & Online Coaching
HALDAR GROUP
WB GOVT. REG. No. : IV-1903-00118/2022
ISO 9001:2008 Certified
হেড অফিস : সোনারপুর, কলকাতা- ৭০০১৫০
www.haldargroup.org
ভর্তি চলছে : 7044064045/9088945055

## নেভিতে ২০০ অগ্নিবীর

**মাধ্যমিক ছেলেমেয়ের জন্য**

**নিজস্ব সংবাদদাতা :** ভারতীয় নৌবাহিনী 'অগ্নিবীর (ম্যাট্রিক রিক্রুটস)' ক্যাটেগরিতে 'নাবিক ( 01/2022 Batch)' পদে ২০০ জন অবিবাহিত ছেলেমেয়ে নিচ্ছে।

মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা সব পদের জন্য আবেদন করতে পারেন। শেফ পদের বেলায় বিভিন্ন ধরনের খাবার তৈরি (নিরামিষ ও আমিষ) করতে হবে ও রেশনের হিসাব রাখতে হবে। সেইসঙ্গে সংগঠনকে দক্ষভাবে চালনার জন্য বিভিন্ন ধরনের কাজ করতে হবে।

স্টুয়ার্ড পদের বেলায় ওয়েটার, হাউসকীপিং হিসাবে অফিসার মেসে খাবার সরবরাহ করতে হবে ও ফান্ড, ওয়াইন আর স্টোর্সের কাজে হিসাব রাখতে হবে। সেইসঙ্গে সংগঠনকে দক্ষভাবে চালনার জন্য বিভিন্ন ধরনের কাজ করতে হবে।

হাইজেনিস্ট পদের বেলায় টয়লেট পরিষ্কার-সহ সাফাইওয়ালার ☞ এরপর ২২ পাতায়

VANIK
Admission open for
Bank / SSC
Railway
WBCS / UPSC
7449556677

## ন্যাবার্ডে ১৬১ অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার

**গ্র্যাজুয়েট ছেলেমেয়ের জন্য**

**নিজস্ব সংবাদদাতা :** ন্যাশনাল ব্যাঙ্ক ফর অ্যাগ্রিকালচার অ্যান্ড রুরাল ডেভেলপমেন্ট (ন্যাবার্ড) রুরাল ডেভেলপমেন্ট ব্যাঙ্কিং সার্ভিসে 'অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার গ্রেড-A' পদে ১৬১ জন ছেলেমেয়ে নিচ্ছে।

কারা কোন পদের জন্য যোগ্য :

**অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার, গ্রেড-এ পদে নেওয়া হবে এইসব শাখায় :**

**জেনারেল :** যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা মোট অন্তত ৬০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৫৫%) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। মোট অন্তত ৫৫% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৫০%) নম্বর পেয়ে পোস্ট-গ্র্যাজুয়েট, এম.বি.এ. বা, পি.জি.ডি.এম. কোর্স পাশ হলেও যোগ্য। ☞ এরপর ১৭ পাতায়

## সেবিতে ২৪ অফিসার

**নিজস্ব সংবাদদাতা :** সিকিউরিটি অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া 'অফিসার গ্রেড-এ (অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার)' পদে ২৪ জন লোক নিচ্ছে। নেওয়া হবে ইনফর্মেশন টেকনোলজি শাখায়।

ইঞ্জিনিয়ারিংয়ের যে কোনো ☞ এরপর ২২ পাতায়

## ১৩৯ নার্স ও টেকনিশিয়ান

**নিজস্ব সংবাদদাতা :** পুদুচেরির জওহরলাল ইনস্টিটিউট অফ পোস্ট-গ্র্যাজুয়েট মেডিক্যাল এডুকেশন অ্যান্ড রিসার্চ 'নার্সিং অফিসার', 'এক্স-রে টেকনিশিয়ান' ও 'রেসপিরেটরি ল্যাবরেটরি টেকনিশিয়ান' পদে ১৩৯ জন ছেলেমেয়ে নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**নার্সিং অফিসার :** বি.এসসি. (অনার্স) কিংবা বি.এসসি. নার্সিং কোর্স পাশরা ভারতীয় ও রাজ্য নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকলে যোগ্য। বি.এসসি. (পোস্ট-সার্টিফিকেট) বা, পোস্ট বেসিক বি.এসসি. নার্সিং কোর্স পাশরা রাজ্য বা, ভারতীয় নার্সিং কাউন্সিলে নার্স ও মিডওয়াইফ হিসাবে নাম নথিভুক্ত থাকলেও যোগ্য।

জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারির ডিপ্লোমা কোর্স পাশরাও যোগ্য। রাজ্য বা, ভারতীয় নার্সিং কাউন্সিলে নার্স অ্যান্ড মিডওয়াইফ হিসাবে নাম নথিভুক্ত থাকতে হবে। ৫০ শয্যার হাসপাতালে অন্তত ২ বছর কাজের অভিজ্ঞতা থাকতে হবে। ☞ এরপর ৭ পাতায়

সি.এস.আর-ইউ.জি.সি 'নেট' পরীক্ষার মাধ্যমে

## কয়েকশো লেকচারার

**নিজস্ব সংবাদদাতা :** পশ্চিমবঙ্গ-সহ সারা ভারতের কলেজগুলির 'অ্যাসিস্ট্যান্ট প্রফেসর / লেকচারশিপ' পদে চাকরি ও 'জুনিয়র রিসার্চ ফেলোশিপে'র জন্য বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন আর বৈজ্ঞানিক ও শিল্প সংক্রান্ত গবেষণা সংসদ (CSIR-UGC Test) 'ন্যাশনাল এলিজিবিলিটি টেস্ট বা, 'NET-June' পরীক্ষার জন্য দরখাস্ত নিচ্ছে।

বি.এস. (৪ বছর), বি.ই. /বি.টেক. / বি. ফার্মা / এম.বি.বি.এস. / বি.এস.সি. (অনার্স) / ইন্টিগ্রেটেড বি.এস.-এম.এস. পাশ ছেলেমেয়েরা মোট অন্তত ৫৫% (তপশিলী, শারীরিক প্রতিবন্ধী, দৃষ্টিহীন প্রতিবন্ধী হলে ৫০%) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। ভৌত বিজ্ঞান, জীব বিজ্ঞান, রসায়ন বিজ্ঞান, ☞ এরপর ১২ পাতায়

ANGEL DAY SCHOOL OF NURSING
পশ্চিমবঙ্গে GNM নার্সিং
(গভঃ ও কাউন্সিল স্বীকৃত)
নিজস্ব কলেজ এবং নিজস্ব হাসপাতাল
আমডাঙ্গা, উত্তর ২৪ পরগনা
For More info@ 8972046553, 8334081245

সরাসরি ভর্ত্তির সুবর্ণ সুযোগ
নার্সিং ও ফার্মাসি কোর্সে ১৭০০ ছেলেমেয়ের ট্রেনিং দিয়ে নিশ্চিত চাকরি
NINPS এবং ইহার গ্রুপ অফ ইনস্টিটিউশনস্ এর যৌথ উদ্যোগে সরাসরি নিজস্ব কলেজে ভর্ত্তির কাউন্সিলিং শুরু হয়েছে।

বারাসাত সদর হাসপাতালের
2 নং গেটের পাশে মিত্রালয় ভবন
ভর্ত্তির কাউন্সিলিং শুরু হয়েছে
GNM নার্সিং | B.Sc. নার্সিং
D.Pharm (ফার্মাসি)
যোগ্যতা : H.S পাশ আর্টস ও সায়েন্স বিভাগের ছাত্রছাত্রীরা আবেদন যোগ্য
All Courses offered under State Council, INC, PCI Approved Colleges.
বিশেষত্ব : নিজস্ব কলেজ ও নিজস্ব হাসপাতালে 100% প্র্যাক্টিক্যালের সুযোগ, স্টুডেন্ট ক্রেডিট কার্ড সহ এডুকেশন লোন এর সুবিধা, ন্যূনতম ফিস্ এবং কিস্তির মাধ্যমে ফিস্ পরিশোধের সুবিধা, সকল ডিগ্রি সার্টিফিকেট সরকারী ও বেসরকারী চাকরিতে সর্বত্র মান্যতা প্রাপ্ত।
ন্যাশনাল ইনস্টিটিউট অফ নার্সিং এন্ড প্যারামেডিক্যাল সায়েন্স
(An ISO 9001 : 2015 Certified & MSME-Govt. of India Regd.)
ভর্ত্তির জন্য আবেদন করতে / বিস্তারিত জানতে আবেদন করুন
বারাসাত 8972046553 কোলকাতা 9830687078
বসিরহাট 8334081245 Website : www.ninps.org

## কমান্ড হাসপাতালে ৭৯ ক্লার্ক, গ্রুপ 'ডি'

**নিজস্ব সংবাদদাতা :** হেড কোয়ার্টার্স নর্দার্ন কমান্ড হাসপাতাল বারবার, চৌকিদার, লোয়ার ডিভিশন ক্লার্ক, সাফাইওয়ালি, কুক, ট্রেডসম্যান মেট, ওয়ার্ড সহায়িকা, ম্যাসেঞ্জার, ওয়াশ্যারম্যান পদে ৭৯ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**বারবার :** মাধ্যমিক পাশরা বারবারের কাজে দক্ষতা থাকলে যোগ্য। সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ বছরের অভিজ্ঞতা থাকলে ভালো হয়। শূন্যপদ : ৫টি (জেনাঃ ২, তঃজাঃ ২, ও.বি.সি. ১)। এর মধ্যে প্রাঃসঃকঃ ১।

**চৌকিদার :** মাধ্যমিক পাশরা যোগ্য। সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ বছরের অভিজ্ঞতা থাকলে ভালো হয়। শূন্যপদ : ৬টি (জেনাঃ ৫, ও.বি.সি. ১, তঃউঃজাঃ ২)। এর মধ্যে প্রাঃসঃকঃ ১।

**কুক :** মাধ্যমিক পাশরা যোগ্য। ☞ এরপর ৫ পাতায়

ভেতরের পাতায় আছে :
- রেলের গ্রুপ 'ডি' পরীক্ষার সম্ভাব্য প্রশ্নোত্তর
- নানান পরীক্ষার জিজ্ঞাসা ও সাধারণ জ্ঞান

## আশা কর্মী

**নিজস্ব সংবাদদাতা :** উত্তর ২৪ পরগনা জেলার বারাসাত (সদর) মহকুমার অন্তর্গত আমডাঙ্গা, রাজারহাট, বারাসাত-১নং, বারাসাত -২নং, হাবড়া-১, হাবড়া-২, দেগঙ্গা, ব্যারাকপুর-। ও ব্যারাকপুর-।। ব্লকের উপস্বাস্থ্য কেন্দ্রে কাজের জন্য 'আশা' কর্মী আর বসিরহাট সাব ☞ এরপর ১১ পাতায়

## আই.টি.বি.পি'তে ৩৭ সাব-ইন্সপেক্টর

**নিজস্ব সংবাদদাতা :** কেন্দ্রীয় সরকারের স্বরাষ্ট্রমন্ত্রকের অধীন ভারত-তিব্বত সীমান্ত পুলিশ 'সাব-ইন্সপেক্টর (ওভারসিয়ার)' পদে ৩৭ জন ছেলেমেয়ে নিচ্ছে। মাধ্যমিক পাশরা কোনো স্বীকৃত ☞ এরপর ১৫ পাতায়

WBCS (MAINS)
আবশ্যিক পত্র
বাংলা ও ইংরাজি
68 Practice set
2021 সালের WBCS (Mains) পরীক্ষায় এই বই থেকে কমনযোগ্য প্রশ্ন
বাংলা: দাগ নং-১.ক. (পৃষ্ঠা-৭৬), খ. (পৃষ্ঠা-১৭৭), গ. (পৃষ্ঠা-৬১)
English : Q.2. (Page-240), 3.a (Page-230), 4. (Page-249)
MISSION I'MPOSSIBLE
Mock Test Series for WBCS Exam. (Preli.)
89 set
রেলওয়ে গ্রুপ- ডি -সাজেস্টিড প্র্যাকটিস সেট
EPH EDUCON ®
PUBLISHING HOUSE
Our Books Now Available on Amazon and Flipkart Follow us on

## কেন্দ্রীয় সংস্থায় ৫১ অ্যাপ্রেন্টিস

**নিজস্ব সংবাদদাতা :** কেন্দ্রীয় সরকারি সংস্থা ডিফেন্স রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অর্গানাইজেশন (ডি.আর.ডি.ও.)'এর অধীন অ্যারোনটিক্যাল ডেভেলপমেন্ট এস্ট্যাবলিশমেন্ট ট্রেড অ্যাপ্রেন্টিস, টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস ও গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস হিসাবে ৫১ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ডিপ্লোমা) ট্রেনি : পলিটেকনিক থেকে কম্পিউটার সায়েন্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা সংশ্লিষ্ট ট্রেডের জন্য যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। স্টাইপেন্ড মাসে ৮,০০০ টাকা। শূন্যপদ : কম্পিউটার সায়েন্স-৩টি, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন-৪টি, ☞ এরপর ১৫ পাতায়

পশ্চিমবঙ্গ ও কলকাতা পুলিশ কনস্টেবল
3750 MCQ + Important Study Materials
কলকাতা পুলিশ কনস্টেবল
30 সাজেস্টিড প্র্যাকটিস সেট & Mock Test
রেলওয়ে গ্রুপ- ডি
ইতিহাস এনসাইক্লোপিডিয়া 7000+ MCQ
তপতী® পাবলিশার্স
e.mail: tapatipublishers@gmail.com
Our Books Now Available on Amazon and Flipkart Follow us on

**কর্মসংস্থান**
সাপ্তাহিক পত্রিকা

প্রধান কার্যালয়
১২/৩/৪ জামির লেন,
কলকাতা - ৭০০ ০১৯

হেল্প লাইন
✆ : (০৩৩) ২৪৬০ ৬২১১/ ৬২১২/ ৮২৩৪ ফ্যাক্স নং : ২৪৬০ ৮২৩৩

নয়াদিল্লি কার্যালয়
রুম নং - ১০২ অ্যানেক্স, আই.এন.এস বিল্ডিং, রফি মার্গ
নয়াদিল্লি-১১০ ০০১
ফোন : ০৯৮১৮৬৭৫২৮৩


## স্কুল-কলেজ-শিক্ষা

### ভর্তি চলছে

GNM / B.Sc নার্সিং, D. Pharm, LL.B, B.Ed, D.Ed, BCA, BBA, Ph.D, MA, BA(HS/MP-NIOS) - রেগুলার ও ডিস্ট্যান্সে ভর্তি চলছে আপনাদের বিশ্বস্থ প্রতিষ্ঠানে (L.G.I.), কোচবিহার -7076350148

□ R

IRHAH রিসার্চ & এডুকেশন (DST, Govt. of India & BSS স্বীকৃত) আয়ুর্বেদিক, নার্সিং, D. Pharm, হোমিওপ্যাথি, কোর্সে ভর্তি চলছে। www.irhah.org, 7890294680

□ B

LL.B (3 yrs) যে কোন বয়সে। যোগ্যতা : যে কোন গ্র্যাজুয়েট ও 45% নম্বর, SC/ST-40%, OBC-42%, ল'পয়েন্ট 9830132343

□ S

## স্কুল-কলেজ-শিক্ষা

St Frank High School Co Ed CBSE/WBBSE/NIOS XI Admission Going on. Mob.- 9831360030, 8777238293 Non attending for JEE/NEET

□ SH

### ২৩বছরের প্রতিষ্ঠান MRIT

শ্রীরামপুরে MBBS ডাক্তার ও GNM নার্স দ্বারা পরিচালিত ANM /DHN নার্সিং ট্রেনি (হাসপাতালে প্র্যাক্টিক্যাল)। এছাড়াও DMLT (প্যাথলজি), X-Ray/ECG, DPT (ফিজিওথেরাপি) কোর্সে ভর্ত্তি চলছে। শিক্ষান্তে কাজের সুযোগ। M-9231839309.

□ R

### ADMISSION OPEN

Pathology (DMLT), Physiotherapy (DPT), ICU, ECG, OT, Dressing Technician Courses, Quali. 10th/12th (Arts / Com / Sci), Affiliated: BSS Govt. of India, Contact: Asansol Technological Institution. M-7797918120, 9434182065, Job Placement here.

□ MS

All disputes regarding sales and advertisement of all publications of Sangsthaan Prakashan Pvt. Ltd. are subject to Kolkata Jurisdiction only.

## স্কুল-কলেজ-শিক্ষা

Admission open for Top Medical & Engineering College (Private). BA, B.Sc., B.Com, BBA, BCA, MBA, MCA, Hotel Management, B.Tech, M.Tech, BDA, MBBS, B.Pharma, D.Pharma, Nursing. 2022 Seats are limited. Cont. 9831360030, 8777238293

□ SH

### ITI ছাত্র ভর্তি

ফিটার, ইলেক্ট্রিশিয়ান, ওয়েল্ডার ট্রেডে ছাত্র ভর্তি চলছে (NCVT), 100% চাকরির সহায়তা, M: 9123691699

□ SH(A)

NSDC অনুমোদিত ফিজিওথেরাপি, ECG, X-Ray কোর্সে ভর্তি চলছে। CBMC – 8697893849, 32, Surya Sen St. Kol- 9.

□ CM

### সরকারি চাকরির ট্রেনিং

আসন্ন বিভিন্ন চাকরির পরীক্ষায় ম্যাথ ও রিজনিং (GI) বিষয়ে চ্যালেঞ্জিং ট্রেনিং (85% + স্কোর) দিচ্ছেন 22 বছরের অভিজ্ঞ প্রশিক্ষক T. K. Mitra, Eng, GK ও CA বিষয়েও ক্লাস নেওয়া হয়। যোগাযোগ : CACES, 2/80, দমদম রোড (জিটিআর গেটের বিপরীতে), কলি-74, M: 9062756906, 9123846235 আমাদের বৈশিষ্ট্য : (১) দক্ষ ফ্যাকাল্টি, (২) উন্নত স্টাডি ম্যাট্স, (৩) শর্ট কাট্ টিপস্ (মৌখিক সমাধান), (৪) কমনযোগ্য নোটস, (৫) মক্ টেস্ট, (৬) পর্যাপ্ত প্র্যাকটিস পেপার্স, (৭) ডাউট ক্লিয়ারিং ক্লাস, (৮) মাস্থলি ফীজ, (৯) প্রাক্ ভর্তি কাউন্সেলিং, (১০) সান্ধ্য ক্লাসের ব্যবস্থা ইত্যাদি। বর্তমানে WBCS, SLST (PT) ও COMB কোর্সে ভর্তি চলছে।

□ SH(A)

## স্কুল-কলেজ-শিক্ষা

মাধ্যমিক /H.S./B.A./M.A./ M.B.A / B.Ed./D.El.Ed./ GNM / Engineering / Pharmacy / B.Libs. / LL.B MSW / PH.D. করুন W.B. Govt University থেকে। ডাইরেক্ট সার্টিফিকেটের জন্য যোগাযোগ করুন। Contact for placement: FUTURE ACADEMY, Durgapur, BWN (W) M: 9476470958 www.futureacademydurgapur.com

□ B

### ফিটার, সার্ভেয়ার ও ইলেক্ট্রিশিয়ান কোর্সে ভর্তি

NCVT স্বীকৃত নেতাজী প্রাঃ আই.টি.আইয়ে ইলেক্ট্রিশিয়ান, ফিটার ও ভারত সার্ভে স্কুলে সার্ভেয়র কোর্সে ভর্তি শুরু হয়েছে। যোগ্যতা : মাধ্যমিক বা, সমতুল। এছাড়া এখানে ১ বছরের ড্রাফটসম্যান সিভিল ইঞ্জিনিয়ারিং, ক্যাড ও ৬ মাসের আমিন ট্রেনিং করানো হয়। শিক্ষান্তে চাকরির সুযোগ আছে। যোগাযোগ : শক্তিনগর, কৃষ্ণনগর, নদিয়া। ফোন : 9232608289, 9126756658.

□ S

### B.Sc. Nursing, GNM

ANM, B.Pharma, D.Pharma. সরাসরি ভর্তির জন্য, Mob- 9143237745, 8910797294

□ M(A)

### GNM, B.Sc. Nursing

D. Pharma ও B. Pharma, সরাসরি ভর্তির জন্য যোগাযোগ- M: 8582831515, 9330836135

□ B

### GNM/D.Pharm

একটি কোর্স করলে আরেকটি কোর্স ফ্রি। আগে জব সাথে পড়া। আজই খুব কম খরচে কোর্ট এগ্রিমেন্ট করে GNM/B.Sc/D.Pharm/ LLB/ Lab/OT Tech-এ ভর্তি হন। SPPI, Hooghly- 7076030201

□ SH

## কর্মখালি

### JIO Fibre, D2H

কাস্টমার কেয়ারে কাস্টমারদের সঠিক তথ্য দেবার জন্য পঃবঃ ২৩টি জেলা থেকে (HS-MA) M/F কর্মী নিয়োগ চলছে। বয়স-18-35, বেতন :15,800-25,500+PF+ ESI + মেস। দমদম- 9330835785, দঃ ২৪ পরগনা-9674256755.

□ R

### জাহাজ ও ডকে চাকরি

জাহাজে অষ্টম-স্নাতক 107 জন নিয়োগ। খিদিরপুর, হলদিয়া হইতে আন্দামান। বেতন : 27,400/-65,700/- +PF, শীঘ্র যোগাযোগ, M : 9434565014

□ SA

### প্রাঃ ব্যাঙ্কে স্থায়ী জব

Front & Back office. Age : 18-35, HS & Graduate. Salary :12k-20K. নিজ এলাকা। হাওড়া-হুগলি : 9477762102, 6291125164, 8697616100.

□ R

HDFC, AXIS, বন্ধন ব্যাঙ্ক, DSA-তে অফিশিয়াল ও অন্যান্য পদে নিজ জেলায় M/F চাই। 19K–30K + PF, ESI,INC. M :8274905013

□ SA

### প্রাইভেট ব্যাঙ্কে জেলাভিত্তিক স্থায়ী জব

L/C No. KOL-WB50C97, পঃ বাংলার বিভিন্ন প্রান্তে প্রাঃ ব্যাঙ্কে Back-Office, এছাড়া বিভিন্ন পদে ও বিভিন্ন বেতনে ৯৩ জন M/F জেলাভিত্তিক নিয়োগ করানো হচ্ছে। Salary - 16,500/- – 26,700/-, MP–স্নাতক, Age - 18–41, ছুটি, বোনাস, ESI, PF এছাড়া অন্যান্য সুবিধা। M - 7384333014

□ SA

## কর্মখালি

### Airport এ নিয়োগ

No Donation, সরকারি কন্ট্রাক্টরের অধীনে ৮ম/স্নাতক নিয়োগ। পদ- S/V, G/FS, চেকিং - পোস্টিং দমদম, বর্ধমান, অণ্ডাল, শিলিগুড়ি। বেতন - 17,900/--42,400/-, থাকা-খাওয়া ফ্রি। M : 9434564954

□ SA

SSWS মাইক্রোফাইন্যান্স এ কর্মী নিয়োগ বিজ্ঞপ্তি। B.M, ABM ও FCO পদে নিয়োগ চলছে। আগ্রহী প্রার্থী hrssws@gmail.com এই e-mail id CV প্রেরণ করুন। Mob- 7872340496.

□ SH

SBI Banking / JIO / DISH TV BPO-তে বিভিন্ন জেলার গ্রাম ও শহরাঞ্চল থেকে (18-36), M/F চাই। বেতন-INC+OT-সহ 9850/-14580/-. NUBTI-নদীয়া - 9564585693.

□ R

### BANK-AIRPORT

Govt. Reg. No.-2248 সমস্ত জেলায় বিনা ডোনেশনে ব্যাঙ্ক, Airport-এ ৮ম/স্নাতক M/F কর্মী চাই। বেতন : (17200–42000) থাকা-খাওয়া ফ্রি। PF, ESI, বোনাস। শীঘ্র যোগাযোগ Mob: 9432957601

□ SA

নিজের জেলায় Pvt. Ltd. ব্যাঙ্কে M/F চাই। বেতন - 13k-25K, priyankagrouppvtltd.co.in Mob-9046133293

□ R

## কর্মখালি

### শীঘ্র নিয়োগ

অরুন্ত (DSA)-তে বিস্কুট, মেডিসিন, চিপস, জল, Co.-তে M/F চাই। থাকা-খাওয়া ফ্রি। বেতন : 12000/– 18000/-, M : 8370952035

□ SA

### ব্যাঙ্ক, এয়ারপোর্ট

বিনা ডোনেশনে Bank ও এয়ারপোর্টে অষ্টম/স্নাতক M/F কর্মী চাই। বেতন : 22,000/-– 42,700/-, PF, ESI, বোনাস-সহ থাকা-খাওয়া ফ্রি। 9434568004

□ SA

### এয়ারপোর্ট ও ব্যাঙ্ক DSA

M/F কর্মী নিয়োগ চলছে। বেতন : 17,500–52,600, থাকা-খাওয়া, যাতায়াত ফ্রি। এছাড়া Ex-Army দের বিশেষ সুবিধা দেওয়া হচ্ছে। বিশদ জানতে Mobile : 7596831900, কর্ম - 100+

□ SA

### জাহাজে ও ডকে চাকরি

L/C No. KOL69WB, পঃবাংলার 23টি জেলার কর্মপ্রার্থীদের যোগ্যতানুযায়ী বিভিন্ন পদে ও বিভিন্ন বেতনে 193 জন M/F নিয়োগ করানো হচ্ছে। Salary : 23,750–53800, MP-স্নাতক, Age : 18–38, 3 মাস 7 দিন জব করার পর 22 দিনের ছুটি with Salary-সহ। থাকা, খাওয়া-সহ ছুটি, বোনাস, ESI, PF, এছাড়া অন্যান্য সুবিধা - 7477530111

□ SA

দরখাস্ত পাঠানোর আগে কর্ম-সহ যাবতীয় প্রমাণপত্রের এক কপি জেরক্স নিজের কাছে রেখে দেবেন।


সরাসরি ভর্তি ২০২২ সেশনে
B.Pharm-5.0L D.Pharm-2.5L
[থেকে শুরু হোস্টেল সহ]
M.Pharm, PharmD @ Bangalore
B.Pharm, M.Pharm Ayurved 2.50L @ WB
GNM, B.Sc./M.Sc. নার্সিং, P.B.B.Sc. BDS, BAMS, BHMS, BNYS, B.Sc. Paramedical ATOT, MLT, MIT etc.
KAFE EDUCATION FOUNDATION 8017250976 8240565056

মাধ্যমিক কিংবা H.S পাশের পর ITI কোর্স করে ভবিষ্যৎ গড়ার সুবর্ণ সুযোগ
দশগ্রাম অনুরণ প্রাইভেট ITI তে
ভারত সরকারের NCVT ও পঃ বঃ সরকারের WBSCVT অনুমোদিত
দশগ্রাম ঃঃ সবং ঃঃ পশ্চিম মেদিনীপুর
ইলেকট্রিসিয়ান (২ Yrs), ফিটার (২ Yrs), সার্ভেয়র (২ Yrs)
হেলথ্ সেনেটারি ইন্সপেক্টর (১ Yr) ৩১শে জুলাই পর্যন্ত ভর্তির ক্ষেত্রে স্পেশাল অফার
সার্ভেয়র - Rs. 23000/-
হেলথ সেনেটারি ইন্সপেক্টর Rs. 15000/-
২০২২-২৩ শিক্ষাবর্ষে ভর্তি চলিতেছে। ন্যূনতম যোগ্যতা মাধ্যমিক পাশ। হোস্টেলের সু-ব্যবস্থা রহিয়াছে
যোগাযোগ -9547221516 / 9832728877

উচ্চ মাধ্যমিক পাশের পরে কেরিয়ার গড়ার সেরা সুযোগ
W.B, ব্যাঙ্গালোর, ওড়িশা, A.P, উত্তরাখণ্ড থেকে সেরা কলেজে ভর্তি চলছে
B.Tech (All), D.Pharma, B.Pharma, Pharma-D, B.Sc. Agriculture, Fisheries Sc., Paramedical (U.G, Dip.), Hotel & Hospital Mgt, MBBS, BDS, BHMS, BAMS
পঃবঃ WBNC & INC অনুমোদিত ছেলে ও মেয়ে
নার্সিং- GNM (3 yrs.) B.Sc.(N) (4 yrs.)
NIOS থেকে MP / HS ও নেতাজী বিশ্ববিদ্যালয় থেকে U.G, P.G কোর্স করানো হয়
ব্রাইট ফিউচার কাউন্সেলিং একাডেমী (মেদিনীপুর/বেলদা/তেমাথানী/বালিচক/এগরা)
কথালাপ-9832728877 (ব্লকভিত্তিক W.B সমস্ত জেলাতে কাউন্সেলর চাই)

স্বাস্থ্য পরিষেবায় চাকুরীমুখী কোর্স
নার্সিং অনুমোদিত Council / UGC & BSS অনুমোদিত
GNM, B.Sc. Nursing, P.B.B.Sc (নার্সিং কোর্সের স্কলারশিপ সুবিধা)
Paramedical Course : BMLT / DMLT, Diploma / Bachelor in Radiology & OT, BPT / DPT, D.Optm, ECG, Critical Care, Dental (DDH & T), CSSD, অ্যালোঃ (CMS & ED), আয়ুঃ (DAMS), হোমিও : (DHom & DHMS), ফেবেটমি, Dialysis, D.Pharm & B.Pharm কোর্সে ভর্তি চলছে। (Own Campus, Hostel & Hospital)
CENTRAL INSTITUTE OF MEDICAL SCIENCE & TECHNOLOGY
126B, Raja Rammohan Sarani, Near Sealdah Railway St., Kolkata 700 009
9888 295 882 / 9331 062 421

উচ্চমাধ্যমিকের পরে উচ্চশিক্ষার জন্য
ব্যাঙ্গালোর, অন্ধ্রপ্রদেশ ও পশ্চিমবঙ্গের সেরা কলেজে ভর্তি চলিতেছে
D.Pharm B.Pharm Paramedical BAMS BHMS
নার্সিং GNM B.Sc. Dip. in Agriculture Hotel Management
শাশ্বতী কনসালটেন্সি
7/13, Mukundapur, Kol- 99 (মুকুন্দ ভবনের পিছনে)
Br. Office : Narayanpur, Nakhana, 24 Pgs (S)
Howrah : 9432850168 Simlapal : 9064184978 Contai : 9064764877 Sonarpur : 9836668280
9733336367 8343936307 ব্লক ভিত্তিক অ্যাডমিশন পার্টনার চাই

অঙ্কে দুর্বল ?
সরকারি চাকরীর পরীক্ষায় অঙ্কে 100% নম্বর নিশ্চিত করতে Magical Math খ্যাত A.D. Sir-এর কাছে প্রাইভেটে পড়ার সুবর্ণ সুযোগ। কলেজ স্ট্রিট/কাচরাপাড়া।
M:6291961779

Ph.D
July, 2022 সেশনের জন্য
Arts, Science, Commerce, Engineering, Management, Pharmacy, Law, Computer Sc, Music/Fine Arts, Hindi, English, Bengali, Sanskrit, Arabic, Microbiology, Agriculture (with full support)
Full Time / Part Time
IIEM, Kolkata
www.iiemkolkata.org
ডাইরেক্টর : ড. চৌধুরী
M-9874405658

All Schools managed by
GENEX SUPTENDU GROUP
BASUDEB NURSING ACADEMY
(Female)
মাত্র 3.5 লাখে পশ্চিমবঙ্গ থেকে Female Nursing করার সুযোগ
Vill. + PO- Sugandha, PS- Polba, Hooghly- 712102, near Amalpur Playground
Recognized By : Swasthya Bhawan Government of West Bengal
Order No : (HNG/E-08-20WW/599)
Affiliated By: INC (Applied), W.B.N.C. Order No- (902/07/NC)
LAKSHMI NURSING INSTITUTE
GNM(Male)
Sugandha, PS- Polba, Dist- Hooghly- 712102
Recognized By : Swasthya Bhawan Government of West Bengal
Order No : (HNG/4T-9-2019/PT-I/1065)
Affiliated By: INC, W.B.N.C. Order No- (757/07/NC)
Approved by INC
উচ্চমাধ্যমিকের পর একমাত্র চাকরি উপযোগী কোর্স নার্সিং
GNM Admission Open সেশন 2022-23
অত্যাধুনিক কলেজ ক্যাম্পাস ও ফ্রী Wi-Fi পরিষেবা
স্বাস্থ্য উপযোগী হোস্টেল ও স্বাস্থ্যকর খাবারের ব্যবস্থা
9748305453, 8335083933
8100613849, 8335063512

উচ্চশিক্ষায় পশ্চিমবঙ্গের একমাত্র নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
শ্রী রামকৃষ্ণ একাডেমী
1.5 লাখে D.Pharm
2.6 লাখে GNM
3.5 লাখে B.Sc. Nursing
1.32 লাখে LLB
এছাড়াও এখানে UGC Recognized Private University থেকে
B.A., B.Sc., B.Com, MA, M.Sc., M.Com B.Tech, M.Tech, MBA, B.Ed, Ph.D
100% পাশের গ্যারান্টি সহ ভর্তি করা হয়।
করে জীবনে প্রতিষ্ঠা লাভ করুন
542, G.T Road (S), Howrah- 711101
বেনারসী কুঠি বিল্ডিং (৩য় তল)
9477484191 / 9477484192

সরকার স্বীকৃত কোর্সে ভর্তি চলছে
1. ADVANCE GDA-ICCU (NURSING) 2. PHLEBOTOMIST (BLOOD COLLECTOR)
3. YOGA THERAPY - (6 Months) Affiliated to Health Care Sector Skill Council - NSDC - M.S.D.E, Govt. of India (JOB ASSISTANCE)
Diploma Courses: 1. Diploma in Medical Laboratory Technician 2. Diploma in O.T Technician 3. Diploma in X-Ray & Imaging Technology
Affiliated to Indian Medical Association HQ-New Delhi (Duration : 2 years + Internship)
Recognised by Health & Family Welfare, Govt. of NCT New Delhi
SCHOOL OF MEDICAL TECHNOLOGY
Affiliated Training Institute : 24 Girish Ch. Bose Road, Kolkata - 14
Ph : 9231520480, 33-22272310 (Entaly, above SBI)
Jhargram - 6294289478 • Burdwan - 8001508710 • Purulia - 9932965636 • Behrampore - 9733712773

## মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষার্থীদের দেশ ও বিদেশে চাকরীর সুযোগ

**TIEM®**

## THE INSTITUTE OF EDUCATION & MANAGEMENT

Course Approved by Govt. of India
Reg. With MSME Govt of India
Recognition By HRAEI

# Hotel & Hospitality MANAGEMENT

সেরার স্বীকৃতি
ভারতের সর্বাধিক প্রচারিত সাপ্তাহিক
কর্মসংস্থান-এর
বিচারে ২০১৯ সালের
PLACEMENT CATEGORY-তে
সেরা হোটেল
ম্যানেজমেন্ট কলেজ
TIEM

EDUCATION EXCELLENCE 2020

Education Excellence 2020 সেরার স্বীকৃতি




Education Excellence 2021 সেরার স্বীকৃতি




Education Excellence 2022 সেরার স্বীকৃতি

### কেন TIEM-এ ভর্তি হবেন ?

- Bank Loan-এর ব্যবস্থা ও চাকরি পাওয়ার পর পরিশোধ করার সুবিধা
- ভর্তির সময় Job bond Letter.
- Bank Loan ● Installment এ Course Fee দেওয়ার সুবিধা
- Fully AC Campus. ● wi-fi connectivity
- Free Separate Hostel facilities for Girls & Boys.
- Regular Industry visit.
- Concession for SC/ST/OBC/Girls
- Books & Uniform Free.

কোর্স করলেই দেশ বিদেশে চাকরি

কোর্স করতে করতে ৪000/-থেকে 12000/-টাকা Income এর সুযোগ

দরিদ্র ছাত্র-ছাত্রীদের কোর্স করার বিশেষ সুযোগ



Admissions OPEN

STUDENT
ক্রেডিট কার্ডের মাধ্যমে কোর্স করার সুবর্ণ সুযোগ

### TIEM থেকে পাশ করা কিছু কর্মরত ছাত্র-ছাত্রী

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| Ruma Guchait, F&B Service, Fairfield by Marriott, Bengaluru. | Binita Roy Bhowmik, Front Office, Shangri-La Bengaluru, Bengaluru | Priyanka Gomes, Guest Relation Executive, Taj Dubai, United Arab Emirates | Suchanda Guha, Front Office Assistant, Staybridge Suites, Dubai International, Dubai, United Arab Emirates | Rahul Middya, F & B Executive, Hilton Garden INN, Muscat, Oman | Rajat Karmakar, Commis-II, Life With Cacao, Riyadh, Kingdom of Saudi Arabia | Debnath Samanta, F&B Service, Novotel, Kolkata. | Rajdeep Chatterjee, Commis-I, Four Points By Sheraton, Kuwait |
| Ashim De, F & B Executive, Double Tree By Hilton, Gurgaon | Navjeet Kumar, Commis-I, Radisson Blu Hotel water Front, Dubai, United Arab Emirates | Samrat Chakraborty, Bartender, Courtyard By Marriott, Bengaluru | Bidyutlata Manna, F&B Service, Gokulam Grand, Bengaluru, | Prabhat Ghosh, F&B Service, Gokulam Grand, Bengaluru | Gourab Chakraborty, F & B Executive, JW Marroitt, Kulalumpur, Malaysia | Narayan Ghorai, Pastry Chif, Al Baz, Abudhabi, United Arab Emirates | Kamaruzzaman Sk, Room Attendant, JW Marroitt Marquis, Dubai, United Arab Emirates |

**Admission Office**
Hospital More, Tamluk
Purba medinipur-721636
6289638534/7548027134

**Last Date of Admission**
**30 July-2022**
7 Seats are Available

**Kolkata Campus**
6, Seal's Graden Lane
Kolkata-700 002(Near-Dumdum)
9002469602/8697588002

# যুব কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র

## যুবকল্যাণ ও ক্রীড়া দপ্তর, পশ্চিমবঙ্গ সরকার

ও বিভিন্ন কম্পিউটার প্রশিক্ষণ এজেন্সির যৌথ উদ্যোগে

এখন ভর্তি চলছে
রবিবার খোলা

**IT, DTP, FA, CAD এবং Hardware**

সার্টিফিকেট ও ডিপ্লোমা কোর্স

সাধারণের জ্ঞাতার্থে নিম্নলিখিত যুব কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্রগুলি কর্তৃক প্রচারিত :

**মৌলালী** - রাজ্য যুব কেন্দ্রাধীন কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র — নতুন ভবন - 'সাই প্লাজা', ৮৯, এ. জে. সি. বোস রোড,এন্টালী মার্কেটের বিপরীতে, IDBI ব্যাঙ্কের উপরে, মৌলালী কলকাতা - ৭০০০১৪ ☎ ৪০০৬৬৬৬৭/৯৮৩০৩৯০০০৪

**শিয়ালদহ** - ১০এ, মনীন্দ্র মিত্র রো, (সরস্বতী প্রেসের পাশের গলি) কলকাতা - ৭০০০০৯ ☎ ৮৩৩৫৮৯৩৬৬৬/৯৮৩০৮১৩৬৩৬

**বারাকপুর** - বারাকপুর পৌরসভা ভবন ☎ ৯০৫১০৪৭৯৪৭/৮৬৯৭৯৮৫৬৪৩

**সোদপুর HB টাউন** - পাণিহাটি কলেজের পাশে ☎ ৯৮৭৪৭৪৭০৩৮

**সোদপুর** - রেল স্টেশনের পাশে, মিউনিসিপ্যাল মার্কেট কমপ্লেক্সে ☎ ৯৩৩১১৩৪৪৮১/৯৮৮৩৩৩৬৯২৬

**বাঘাযতীন** - সি ৪২, বাঘাযতীন পল্লী, কলকাতা - ৭০০০৯২ ☎ ৯৮৭৪৬৪৪১১২

**হাওড়া** - দুলাল চন্দ্র সেন মার্কেট, 5th Floor ☎ ২৬৪১২৬৯২/৮৬৯৭৯৮৫৬৪১

**দুর্গাপুর** - 2nd Floor, সিটি সেন্টার, SBSTC বাস টার্মিনাস কমপ্লেক্স ☎ ৯৮৭৪৭৪৭০৩০/৯৮৭৪৭৪৭০৩১

**দুর্গাপুর বিধাননগর** - বিনয় বাদল দীনেশ ভবন, 2nd Floor, বিধাননগর রেসিডেন্ট অ্যাসোসিয়েশন, ইউরি গ্যাগারিন পথ ☎ ৯৮৭৪৭৪৭০৯০

**মালদা সদর** - ১৮/৫৯, রবীন্দ্র অ্যাভিনিউ, রাজমহল রোড, SBI ATM -এর পাশের বিল্ডিং ☎ ৮৬৯৭৭৭৭৭৮৫

**রায়গঞ্জ** - প্রীতি অ্যাপার্টমেন্টের দোতলায়, বকুলতলা, SBI ব্রাঞ্চের কাছে ☎ ৯৮৭৪৭৪৭০৩৩

**বালুরঘাট** - "শুভানণ ভবন" বঙ্গীয় গ্রামীন বিকাশ ব্যাঙ্কের উপরে ☎ ৯৮৭৪৭৪৭০৩২/৯৯৩২০১৩০৫৪

**শিলিগুড়ি** - ৮০, কলেজ পাড়া, কলেজ মাঠের পাশে ☎ ৯০৫১০১৩৫০২

**জলপাইগুড়ি** - কুঞ্জ ভবন, পাণ্ডা পাড়া রোড, কানাড়া ব্যাঙ্কের পাশে ☎ ২৭৭০৫৬/৯৮৭৪৬৪৪১১৫

**ময়নাগুড়ি** - জাগৃতি মোড়, জাগৃতি সংঘের দ্বিতীয় তল ☎ ৯০৭৩৯১৫৮৬৩

**কোচবিহার** - NBSTC বাস টার্মিনাসের পাশে, কানাড়া ব্যাঙ্কের ATM -এর উপরে, কোচবিহার পলিটেকনিক কলেজের কাছে ☎ ৯০৫১০৬৫৪৩২

**তুফানগঞ্জ সদর** - 'অন্তরঙ্গ মার্কেট কমপ্লেক্সের' দোতলায় তুফানগঞ্জ পৌরসভা ভবনের পাশে ☎ ৮৬৯৭৭৭৭৭৯২/৭৬০৩০৭৬১১১

**হলদিবাড়ী** - হলদিবাড়ী পৌরসভা ভবন ☎ ৯০৫১০১৩৫০৩


# যাদবপুর বিশ্ববিদ্যালয় ও আমরি হাসপাতালের যৌথ উদ্যোগে ডায়ালিসিস টেকনিশিয়ানের পেশাদারি কর্মমুখী কোর্স

**নিজস্ব প্রতিনিধি :** পশ্চিমবঙ্গে গত কয়েক বছর ধরে কিডনির রোগে আক্রান্তদের সংখ্যা দিন দিন বাড়ছে। ডায়ালিসিস প্রধানত এই ২ ধরণের — হেই মোডায়ালিসিস (Haemodialysis) ও পেরিটোনেইল ডায়ালিসিস (Peritoneal dialysis)। ডায়ালিসিসের কাজ রক্ত থেকে বর্জ্য পদার্থ ও অতিরিক্ত জল বের করে দেওয়া। কিডনি রোগীদের সাধারণভাবে সপ্তাহে ৩ দিন ৪ ঘন্টা ধরে ডায়ালিসিস করা হয়। এই মেশিন যাঁরা পরিচালনা করেন তাঁদের বলা হয় ডায়ালিসিস টেকনিশিয়ান। এই সব টেকনিশিয়ানদের কাজের মূল দায়িত্ব হল, রোগীকে ডায়ালিসিসের জন্য তৈরি করা, তদারকি করা, মেশিন অপারেট করা ও ডায়ালিসিস শেষ হওয়ার পর নির্ধারিত পদ্ধতি মানা। টেকনিশিয়ানরা ডায়ালিসিস চলাকালীন রোগীকে আরামে থাকতে সাহায্য করেন ও মেশিনটি যাতে ঠিকমতো কাজ করে সেদিকে নজর রাখেন। এই ধরণের কাজ করার জন্য বিশেষ প্রশিক্ষণের দরকার হয়। বলাবাহুল্য, এই রাজ্যে প্রশিক্ষিত ডায়ালিসিস টেকনিশিয়ানের যথেষ্ট অভাব আছে।

এই ঘাটতি পূরণ করে দক্ষ পেশাদার টেকনিশিয়ান তৈরির জন্য যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ক্লিনিক্যাল রিসার্চ সেন্টার কলকাতার এ.এম.আর.আই (AMRI) হাসপাতালের সঙ্গে যৌথ উদ্যোগে ডায়ালিসিস টেকনিশিয়ানের ট্রেনিং দিচ্ছে।

কোর্সের পুরো নাম 'ডায়ালিসিস টেকনিশিয়ান সার্টিফিকেট প্রোগ্রাম'। বিজ্ঞান শাখায় উচ্চ মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা এই কোর্সে ভরতি হতে পারেন। বয়সের কোনো কড়াকড়ি নেই। সীট ২৫টি। মোট ৯ মাসের কোর্স। যাদবপুর বিশ্ববিদ্যালয়ে থিওরির ক্লাস আর এ.এম.আর.আই হাসপাতালে প্র্যাক্টিক্যাল ক্লাস হবে।

ক্লিনিক্যাল রিসার্চ সেন্টারের উপদেষ্টা ড. কে. কৌতসু জানান, কর্মমুখি এই কোর্সের লক্ষ্য ও উদ্দেশ্য হল, স্বাস্থ্য পরিষেবার ক্ষেত্রে দক্ষ ও উন্নতমানের ডায়ালিসিস টেকনিশিয়ান তৈরি করা। ট্রেনিং শেষে কাজের অভাব হয় না। সফলদের ডায়ালিসিস টেকনিশিয়ান পদে কাজের সুযোগ আছে সরকারি-বেসরকারি হাসপাতাল, জেলা হাসপাতাল, স্বেচ্ছাসেবি সংস্থা, কিডনি বিশেষজ্ঞ কেন্দ্র ও নার্সিংহোমে।

কোর্স শুরু হবে ১৫ আগস্ট থেকে। ভরতির জন্য নির্ধারিত ফর্ম পাবেন ৫০ টাকা দিয়ে হাতে হাতে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ইনফর্মেশন সেন্টারে। কোর্স ফী ৬০ হাজার টাকা (জি.এস.টি প্রযোজ্য)। যাবতীয় প্রমাণপত্র-সহ পূরণ করা দরখাস্ত জমা দিতে হবে ১০ আগস্টের মধ্যে। যোগাযোগ করতে হবে এই ঠিকানায় : ক্লিনিক্যাল রিসার্চ সেন্টার, বায়োইকিউভ্যালেন্স বিল্ডিং, ৩য় তল। ফোন : ৯০৮৮৪০১৩৫৪।

# ফার্মাসির ডিপ্লোমা কোর্সে ভরতি

পশ্চিমবঙ্গ রাজ্য কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও দক্ষতা উন্নয়ন বিভাগ ফার্মাসীর ডিপ্লোমা কোর্সে ভরতি নিচ্ছে। ফিজিক্স, কেমিস্ট্রি ,বায়োলজি/ ম্যাথমেটিক্স বিষয় নিয়ে যে কোনো স্বীকৃত বোর্ড বা কাউন্সিল থেকে উচ্চমাধ্যমিক বা সমতুল কোর্স পাশ ছেলে-মেয়েরা ভরতির জন্য আবেদন করতে পারেন। বৃত্তিমূলক শাখায় উচ্চমাধ্যমিক পাশরা যোগ্য নয়। বয়স হতে হবে ৩১.১২.২০২২-র হিসাবে অন্তত ১৭ বছর। এই কোর্সটি ফার্মাসি কাউন্সিল অফ ইন্ডিয়া স্বীকৃত। প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। এই পরীক্ষা হবে ২৭ আগস্ট। আগ্রহীদের ২৫ জুলাইয়ের মধ্যে আবেদন করতে হবে এই ওয়েবসাইটে-www.webscte.co.in


উচ্চমাধ্যমিক পাশের পর ছাত্র-ছাত্রীরা কি নিয়ে পড়লে, কোথায় পড়লে ভবিষ্যৎ উজ্জ্বল হবে ? তার সঠিক সিদ্ধান্ত নিতে আজই আমাদের সাথে যোগাযোগ করুন ! দীর্ঘ ১৫ বছর ধরে আমরাই দেখাচ্ছি এর সঠিক দিশা...

**FEATURES**

- DEGREE FROM AFFILIATED BY STATE GOVT. UNIVERSITY
- 100% JOB ASSURANCE
- SCHOLARSHIP FACILITY
- EDUCATION LOAN AVAILABLE

অন্য জায়গায় ভর্তি হয়ে ঠকবেন !! নাকি সাফল্যের সাথে এক যুগ পার করা বিশ্বস্থ প্রতিষ্ঠানে ভর্তি হবেন ? সিদ্ধান্ত আপনার!!

GNM - নার্সিং | BSC- নার্সিং | PARA MEDICAL

BBA (H) | BCA | BBA (H) IN HOSPITAL MANAGEMENT

BBA (H) TOUR & TRAVELS | BBA (H) IT & ITES | MBA | MCA | B. TECH | M. TECH

HOTEL MANAGEMENT | লাইব্রেরী সায়েন্স | LLB

PHD | BA / B.SC / B.COM | MA / M.SC / M.COM

ঔষধের দোকান খোলার জন্য PHARMACY বাধ্যতামূলক

D. PHARMACY | B. PHARMACY

NIBEDITA INSTITUTE & MANAGEMENT

# NIBEDITA INSTITUTE AND MANAGEMENT

An ISO 9001 : 2015 CERTIFIED INSTITUTE / Govt. of W.B. Reg. No.- IV-1903-00021/2021

Website : nibeditainstituteandmanagement.com

হেড অফিস ঃ দুর্গাবাড়ি মোড়, ময়নাগুড়ি, জলপাইগুড়ি, ৭৩৫২২৪

8392029714 / 9932587694

# কৃষি ব্যবস্থাপনায় কয়েক হাজার চাকরির সুযোগ

**নিজস্ব প্রতিনিধি, কল্যাণী :** আমাদের দেশের অর্থনীতি এখনো কৃষিভিত্তিক। সেইদিক থেকে দেখতে গেলে কৃষি ব্যবস্থাপনার কোর্সের চাহিদা এখন বিশাল। প্রতি বছর এই পেশায় কয়েক হাজার দক্ষ ছেলেমেয়ে লাগে। অথচ সেই তুলনায় দক্ষ ছেলেমেয়ের সত্যিই খুব অভাব। কিন্তু কেন? এই কারণ জানতে আমরা কলেজের ডিরেক্টরের কাছে গিয়েছিলাম। রাজ্যে যে কটি মুষ্টিমেয় Rural Institute আছে, তার পুরোধায় আছে কল্যাণীর টেগোর স্কুল অফ রুরাল ডেভেলপমেন্ট অ্যান্ড অ্যাগ্রিকালচার ম্যানেজমেন্ট। আর এই প্রতিষ্ঠানটির প্রাণপুরুষ অনিন্দ্য দাশগুপ্ত ওপরের প্রশ্নের জবাবে জানালেন "এখনো ছেলেমেয়েরা Professional Course বলতে ডাক্তারি, ইঞ্জিনিয়ারিং-ই বোঝে। অথচ প্রতি বছর লাখ লাখ ডাক্তার, ইঞ্জিনিয়ার বেরোলেও সেই তুলনায় চাকরি কোথায়? অথচ এগুলির থেকে অনেক কম পয়সায় অনেক বেশি চাকরির সুযোগ আছে কৃষি ব্যবস্থাপনায়। কিন্তু শুধুমাত্র প্রচারের অভাবে ছেলেমেয়েরা তা জানতে পারে না। আর জানে না বলেই অনেক বেশি টাকা খরচ করে ডাক্তারি, ইঞ্জিনিয়ারিং পড়েও চাকরি পায় না।" কৃষি ব্যবস্থাপনায় দক্ষ হয়ে চাকরি পেতে হলে কী নিয়ে পড়তে হবে, কারা-ই বা পড়তে পারবে আর পড়লে কোথায় কী ধরনের চাকরি পাবে তা জানতে হলে চাই সঠিক গাইডেন্স। আর গাইডেন্সের জন্য চাই সঠিক কর্মমুখী প্রতিষ্ঠান। উচ্চমাধ্যমিক পাশ করে সবচেয়ে কম পয়সায় কী ধরনের কৃষি ব্যবস্থাপনার কোর্স করলে এই Industry-তে একজন দক্ষ কর্মী হিসাবে ভালো মাইনের চাকরি পাবেন তা জানতে হলে কল্যাণীর এই প্রতিষ্ঠানে যেতে পারেন — টেগোর স্কুল অফ রুরাল ডেভেলপমেন্ট অ্যান্ড অ্যাগ্রিকালচার ম্যানেজমেন্ট, বি-৭/৩০৮, কল্যাণী, নদিয়া। ফোন- ৭৪৩৯৪৯৮৬০০, ৯১২৩৮৩১৫২৬। Web : www.tsrdam.co.in

# MAKAUT ও গুরুকুলের যৌথ উদ্যোগে DMLT কোর্সে ভর্তি চলছে

**বিশেষ প্রতিনিধি :** বাংলা ও ভারতে ক্রমান্বয়ে বেড়ে চলেছে হাসপাতাল ও ডায়াগনিস্টিক সেন্টারের সংখ্যা। আজ সরকারি ও বেসরকারি উভয় ক্ষেত্রেই প্রয়োজন সুদক্ষ মেডিকেল ল্যাবরেটরি টেকনোলজিস্টদের। এই কথা চিন্তা করেই মৌলনা আবুল কালাম আজাদ ইউনিভার্সিটি অফ টেকনোলজি (মাকাউট) এর CCPTR ও গুরুকুল এর যৌথ উদ্যোগে ছাত্র ছাত্রীদের জন্য নিয়ে এসেছে D.M.L.T কোর্সে ভর্তির সুবর্ণ সুযোগ। যে কোন শাখায় 12th পাশ ছাত্রছাত্রীরা এই কোর্সটি করতে পারে। সরকারি ও বেসরকারি উভয় ক্ষেত্রেই D.M.L.T করা টেকনোলজিস্টদের চাহিদা বিপুল। আগামী দিনে কয়েকশো গুণ বাড়বে। সুনিশ্চিত কেরিয়ার গড়তে যে কোন শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছাত্রছাত্রীরা গুরুকুলের সুবিশাল ও অত্যাধুনিক ক্যাম্পাসে শ্রেষ্ঠ শিক্ষকমণ্ডলী, অত্যাধুনিক ল্যাবরেটরি, লাইভ ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং, MAKAUT এর সর্বত্র গ্রহণযোগ্য সার্টিফিকেট ও প্লেসমেন্ট সাপোর্ট। ভর্তির জন্য আজই যোগাযোগ করুন নিচের ঠিকানায়। আসনসংখ্যা সীমিত। গুরুকুল এডুটেক এডুকেশন অ্যান্ড রিসার্চ ফাউন্ডেশন, লাঙলবেড়িয়া, LASKUS ক্যাম্পাস, কলকাতা (নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশনের কাছে), ফোন- ৯৮০৪৭২০৪২৫, ৭০৫৯৯১৮১৮৬, ৯০৫১৩৫২৩০৭, ওয়েবসাইট- www.gurukulinstitute.org.in

## কমান্ড হাসপাতালে ৭৯

১ পাতার পর

ভারতীয় খাবার রান্নার কাজে দক্ষতা থাকতে হবে। শূন্যপদ : ৬টি (জেনাঃ ৪, তঃজাঃ ১, ও.বি.সি. ১)। এর মধ্যে প্রাঃসঃকঃ ১।

**ওয়াশারম্যান :** মাধ্যমিক পাশরা যোগ্য। মিলিটারি বা, সিভিলিয়ন জামা কাপড় ধোলাইয়ের কাজে দক্ষতা থাকতে হবে। শূন্যপদ : ১৫টি (জেনাঃ ৪, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৪, ই.ডব্লু.এস, ৪)। এর মধ্যে প্রাঃসঃকঃ ১।

**সাফাইওয়ালি :** মাধ্যমিক পাশ মেয়েরা যোগ্য। সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ বছরের অভিজ্ঞতা থাকলে ভালো হয়। শূন্যপদ : ৭টি (জেনাঃ ১, তঃজাঃ ২, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ২)।

**ট্রেডসম্যান মেট :** মাধ্যমিক পাশরা যোগ্য। সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ বছরের অভিজ্ঞতা থাকলে ভালো হয়। শূন্যপদ : ৬টি (জেনাঃ ৩, তঃজাঃ ১, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস. ১)। এর মধ্যে প্রাঃসঃকঃ ১।

**ওয়ার্ড সহায়িকা :** মাধ্যমিক পাশ মেয়েরা যোগ্য। দাই-এর কাজে কোনো হাসপাতালে কাজ করে থাকলে ভালো হয়। শূন্যপদ : ১৫টি (জেনাঃ ৬, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ৬)।

**লোয়ার ডিভিশন ক্লার্ক :** উচ্চমাধ্যমিক পাশরা ইংরিজি টাইপিংয়ে মিনিটে অন্তত ৩৫ টি শব্দ তোলার গতি থাকলে যোগ্য। শূন্যপদ : ৩টি (জেনাঃ)। এর মধ্যে প্রাঃসঃকঃ ১।

**ম্যাসেঞ্জার :** মাধ্যমিক পাশরা যোগ্য। সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ বছরের অভিজ্ঞতা থাকলে ভালো হয়। শূন্যপদ : ৬টি (জেনাঃ ২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ২)। এর মধ্যে প্রাঃসঃকঃ ১।

**সাফাইওয়ালা :** মাধ্যমিক পাশরা যোগ্য। সংশ্লিষ্ট ক্ষেত্রে ☞ এরপর ৭ পাতায়

JENPAS/ বিজ্ঞান বিভাগে উচ্চমাধ্যমিক উত্তীর্ণদের অভিনন্দন



ফিজিওথেরাপি চিকিৎসার জগতে প্রতিষ্ঠার প্রতিশ্রুতি

THE WEST BENGAL UNIVERSITY OF HEALTH SCIENCES

*Affiliated*

BARACKPORE COLLEGE OF EDUCATION

(Institute of Physiotherapy and Allied Health Sciences)

Admission Process is On

*E-mail : bce.bpt.bkp@gmail.com*

*Website : bceweb.in*

BACHELOR OF PHYSIOTHERAPY ( BPT )

*8582933150, 9830619194, 7044440901*

ITI-এ ভর্তি

NCVT অনুমোদিত

TIIME-ITI-এ 2022 সেশনে ভর্তির জন্য যোগাযোগ করুন :

কোর্স : ইলেকট্রিশিয়ান ও সার্ভেয়ার

9143234509, 9143237745

# ফুড অ্যান্ড নিউট্রিশন ও হিউম্যান ডেভেলপমেন্টের ডিগ্রি কোর্সে ভরতি

কলকাতা বিশ্ববিদ্যালয় ফুড ও নিউট্রিশন আর হিউম্যান ডেভেলপমেন্টে ৩ বছরের বি.এসসি ডিগ্রি কোর্সে ভরতি নিচ্ছে। শুধুমাত্র মেয়েরাই আবেদনের যোগ্য। যে কোনো স্বীকৃত কাউন্সিল থেকে গড়ে অন্তত ৫০% নম্বর পেয়ে বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক বা, সমতুল কোর্স পাশ ও সেইসঙ্গে কেমিস্ট্রিতে অন্তত ৫০% নম্বর (থিওরি ও প্র্যাক্টিক্যাল) থাকলে ফুড ও নিউট্রিশনের বি.এসসি অনার্সের ৩ বছরের ডিগ্রি কোর্সে ভরতির জন্য আবেদন করতে পারেন। গড়ে ৫০% নম্বর পেয়ে যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক বা, সমতুল কোর্স পাশ মেয়েরা হিউম্যান ডেভেলপমেন্টের ৩ বছরের বি.এসসি অনার্স কোর্সে ভরতির জন্য আবেদন করতে পারেন। যাদের উচ্চমাধ্যমিকে হোম ম্যানেজমেন্ট বিষয় ছিল, তাদের অগ্রাধিকার দেওয়া হবে। তপশিলী জাতি, উপজাতি ও প্রতিবন্ধী মেয়েদের ক্ষেত্রে উচ্চমাধ্যমিকে গড় নম্বর থাকতে হবে ৪০%। তবে বৃত্তিমূলক শিক্ষায় উচ্চমাধ্যমিক বা, সমতুল কোর্স পাশ ছেলেমেয়েরা ভরতির যোগ্য নয়। আবেদন ফী ১০০ টাকা। অনলাইনে আবেদন করতে হবে ১৮ জুলাই থেকে ৫ আগস্টের মধ্যে, এই ওয়েবসাইটে : www.caluniv.ac.in & www.caluniv-ucsta.net বিস্তারিত তথ্য পাবেন ওপরের ওয়েবসাইটে।

**Study without Tuition fees**

রেপুটেড ক্রিশ্চান মিশনারী চ্যারিটেবিল ট্রাস্ট — ব্যাঙ্গালোর, নিম্নবিত্ত কম আয় সঙ্গতিসম্পন্ন স্টুডেন্টদের জন্য শুধুমাত্র Hostel fees দেওয়ার বিনিময়ে ফুল টাইম নিম্নোক্ত কোর্সগুলি পড়ার সুযোগ দিচ্ছে — B.Tech [CSE/CIV/EE/MBCH/ECE], B.Pharmacy, MBA, MCA, BBA, BCA, GNM-Nursing. পড়ার সুযোগ ব্যাঙ্গালোরে। কোর্সগুলি NAAC অ্যাক্রিডেটেড, টপ র‍্যাঙ্ক ইন্সটিটিউশন-এ হওয়ায় 100% Placement এর সুযোগ আছে। বিশদ তথ্যের জন্য যোগাযোগ : State Head [WB]- **9564818258, 8918863968.**

*Note: ফ্যামিলির বাৎসরিক আয় 1 লাখের নীচে হতে হবে*

**সরকারি চাকরিতে GSCE স্টুডেন্টদের জয়জয়কার**

সম্প্রতি প্রকাশিত **ICDS Supervisor Mains, SSC Selection Posts, CGL, SI in Delhi Police, UPSC, Army** ইত্যাদি একাধিক পরীক্ষাগুলিতে **GSCE**-র ছাত্রছাত্রীদের সাফল্যের হার প্রায় ৮৭%। অভিজ্ঞ ফ্যাকাল্টি টিম, ইউনিক গাইডেন্স, ১০০% কমনযোগ্য প্রশ্নোত্তর, সাবজেক্ট ওরিয়েন্টেড স্পেশাল স্টাডি মেটিরিয়ালস এবং সর্বোপরি মক ইন্টারভিউ ফেসিলিটি– সব মিলিয়ে সরকারি চাকরির নিয়োগপত্র হাতে পাওয়ার এক **কমপ্লিট প্যাকেজ।**

**শূন্যপদ :** স্টাফ সিলেকশনে ৭০০০০, আর্মিতে ৪৬০০০ (অগ্নিবীর), ব্যাঙ্কে কয়েক হাজার, স্কুল সার্ভিসে ২০০০০ এর বেশি। স্বাস্থ্য দপ্তরে কয়েক লাখ নিয়োগে আবেদন চলছে। মাধ্যমিক থেকে স্নাতকোত্তর, নার্সিং থেকে ম্যানেজমেন্ট, আইটিআই বা ডিপ্লোমা– সমস্ত যোগ্যতায় সরকারি চাকরিতে চলছে নিয়োগ। জিএসসিইতে চলছে প্রতিটি পরীক্ষা অনুযায়ী স্পেশাল ক্লাস, শীঘ্রই যোগাযোগ করুন।

গ্রুপে অন্তত ৫ জন ভর্তি হলে কোর্স ফি-তে আকর্ষণীয় ছাড়। আসন সীমিত।

**GSCE কেন্দ্র**

| | |
|---|---|
| শিয়ালদহ (HO) | 9674087465, 9051040306 |
| কোচবিহার | 9830277023 |
| আলিপুরদুয়ার | 9674033336 |
| দিনহাটা | 9830277698 |
| জলপাইগুড়ি | 9674025600 |
| ধূপগুড়ি | 9830277257 |
| শিলিগুড়ি | 9674087473 |
| কালিম্পং | 9830277171 |
| মালদা | 9674087472 |
| বহরমপুর | 9674087471 |
| কৃষ্ণনগর | 9674087470 |
| রানাঘাট | 9674083508 |
| কল্যাণী | 9674087469 |
| ব্যারাকপুর | 9230056668 |
| ডানলপ | 9230056673 |
| বারাসাত | 9674087467 |
| কোন্নগর | 9230056667 |
| সোনারপুর | 9674087466 |
| পঃ মেদিনীপুর | 9230056671 |
| ঝাড়গ্রাম | 9674087874 |
| বর্ধমান | 9674025700 |
| বোলপুর | 9674012025 |
| ব্যান্ডেল | 9230056669 |
| কাটোয়া | 9830277230 |

**Helpline : 9830277100 / 200 / 300** Website : www.gsceindia.org

101 George Telegraph **GSCE** The Sure Way to Success

George Telegraph • Since 1920

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পাশের পর স্বাস্থ্য ক্ষেত্রে প্রচুর কাজ

**কল্যাণী বিশ্ববিদ্যালয় অনুমোদিত স্বাস্থ্য সম্পর্কিত প্যারামেডিক্যালের নানান কোর্সে ভর্তি চলছে**

SMFWBEE-2022 পরীক্ষাতে পাশ করা ছাত্রছাত্রীদের ক্ষেত্রে ভর্তিতে বিশেষ ছাড় (র‍্যাঙ্ক কার্ড সঙ্গে আনতে হবে)

উচ্চমাধ্যমিক পাশদের জন্য

(1) Diploma in Optometrycal Science & Opthalmic Technique
(2) Diploma in Medcial Laboratory Technicque (DMLT)
(3) Diploma in Medical Radiology Technique,
(4) Diploma in Physiotherapy Technique
(5) Diploma in Dental Technique & Oral Hygiene
(6) Diploma in Operation Theatre Technology
(7) Diploma in Critical Care Technology
(8) Diploma in Electrocardiography Technique & P.F.T
(9) Diploma in Dialysis Technique

এই 9টি কোর্সের সময়সীমা ২ বছর ও ৬ মাস ইন্টার্ণশিপ।



মাধ্যমিক পাশদের জন্য :

(10) Certificate in Community Medical Service & Essential Drug
(11) Certificate in Sanitary Inspection. এই দু'টি কোর্সের সময়সীমা ১ বছর ও ৬ মাস ইন্টার্ণশিপ।
(12) **Pre-Optometry and Pre-Technology (Bridge Course)**। সময়সীমা ১ বছর।

গ্র্যাজুয়েটদের জন্য :

Post Graduate Diploma in Hospital Management. এই কোর্সের সময়সীমা ১ বছর ও ৬ মাস ইন্টার্ণশিপ।

(যারা কলা বা, বাণিজ্য বিভাগে উচ্চমাধ্যমিক পাশ করবে, তাদের যে কোনো প্যারামেডিক্যাল কোর্সে ভর্তি হতে হলে মূল কোর্সের সাথে একই সময়সীমার মধ্যে ১ বছরের ব্রিজ কোর্সটি বাধ্যতামূলকভাবে করতে হবে)

**SUSRIJO INSTITUTE OF PARAMEDICAL TECHNOLOGY & OPTOMETRY**

**Webel IT Park,** IT & E Department, Govt. of W.B, হর্টিকালচার অফিসের সামনে (কোম্পানি বাগানের নিকট), কৃষ্ণনগর, নদিয়া, পিন - ৭৪১১০১। ফোন : **7001279061, 9064922886**

**Website : www.sipto.org**

# সাপ্তাহিক ঘটনাপ্রবাহ পঞ্জি

গত সপ্তাহের পর

**৩ জুলাই :** কর্ণাটকের চিত্রদুর্গের অ্যারোনটিক্যাল টেস্ট রেঞ্জ থেকে, দেশীয় প্রযুক্তিতে তৈরি নয়া ড্রোন 'অটোনমাস ফ্লাইং উইং টেকনোলজি ডেমনস্ট্রেটর'এর সফল পরীক্ষা করল 'ডিফেন্স রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অর্গানাইজেশন'। দেশীয় সংস্থা 'অ্যারোনটিক্যাল ডেভেলপমেন্ট এস্টাবলিশমেন্ট'এর নকশায় তৈরি হওয়া এই চালকহীন যুদ্ধবিমান জমির ওপরে থাকা লক্ষ্যবস্তুতে নিখুঁতভাবে আঘাত হানতে সক্ষম। এছাড়া, আকাশে শত্রু ড্রোনকে চিহ্নিত করে সেখানেই সেটিকে ধ্বংস করতেও পারবে এই ড্রোন। এই বিমানটি ছোট টার্বোফ্যান ইঞ্জিন দিয়ে ওড়ে। এই বিমানের সফল উড়ান একটি বড় পদক্ষেপ, যা 'স্বনির্ভর ভারত'এর পথকে আরও প্রশস্ত করবে বলে মনে করা হচ্ছে।



যুক্তরাজ্যের সংসদের তরফ থেকে, 'আয়ুর্বেদ রত্ন পুরস্কার' পেলেন 'অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ আয়ুর্বেদ'এর ডিরেক্টর তনুজা নেসারি। ভারতে ও বিদেশে আয়ুর্বেদের প্রচারে অসামান্য অবদানের স্বীকৃতি হিসাবে, যুক্তরাজ্যের সর্বদলীয় পার্লামেন্টারি গ্রুপ অন ইন্ডিয়ান ট্র্যাডিশনাল সায়েন্সেস'এর তরফ থেকে তাঁকে এই পুরস্কার দেওয়া হয়েছে।

❑ 'পরীক্ষা সঙ্গম' (parikshasangam.cbse.gov.in) নামে একটি নতুন পোর্টাল চালু করল 'সেন্ট্রাল বোর্ড অফ সেকেন্ডারি এডুকেশন'। এই পোর্টালের মাধ্যমে স্কুল, আঞ্চলিক অফিস ও সিবিএসই বোর্ডের সদর দফতর থেকে পরিচালিত বিভিন্ন পরীক্ষা সংক্রান্ত প্রক্রিয়াগুলিকে নিয়ন্ত্রণ করা হবে। পোর্টালটির ৩টি মূল বিভাগ রয়েছে — গঙ্গা (স্কুল বিভাগ), যমুনা (আঞ্চলিক কার্যালয় বিভাগ) ও সরস্বতী (সদর দফতর বিভাগ)। শিক্ষক, অশিক্ষক কর্মী, শিক্ষার্থী, অভিভাবক, সবাই এই নতুন পোর্টাল থেকে তাঁদের প্রয়োজনীয় তথ্য পেয়ে যাবেন। এছাড়াও, বোর্ড পরীক্ষার ফলাফলও দেখা যাবে এই পোর্টালের মাধ্যমে।

❑ লস অ্যাঞ্জেলেসে অনুষ্ঠিত 'সাউন্ড রানিং মিট'এ নতুন জাতীয় রেকর্ড গড়লেন ভারতীয় দৌড়বিদ পারুল চৌধুরি। এদিন, প্রথম ভারতীয় হিসাবে মহিলাদের ৩,০০০ মিটার ইভেন্টে ৯ মিনিটেরও কম সময়ে দৌড় শেষ করেছেন তিনি। ৮ : ৫৭.১৯ সেকেন্ড সময় নিয়ে তৃতীয় স্থান অর্জন করেছেন তিনি।




২০২২ সালে 'মিস ইন্ডিয়া'র সম্মান পেলেন কর্ণাটকের ২১ বছর বয়সি সিনি শেট্টি। এই প্রতিযোগিতায় প্রথম রানার আপ হয়েছেন রাজস্থানের রুবাল শেখাওয়াত ও দ্বিতীয় রানার আপ হয়েছেন উত্তর প্রদেশের শিনাতা চৌহান। এ বছর 'মিস ওয়ার্ল্ড' প্রতিযোগিতার মঞ্চে ভারতের হয়ে প্রতিনিধিত্ব করবেন সিনি।

❑ হলদিয়া ডকের ১ নং তেল জেটি থেকে, প্রথমবার ইন্দো-বাংলা প্রোটোকল রুট ধরে বাংলাদেশে রফতানি করা হল জীবাশ্মজাত তেলের অপরিশোধিত উপজাত ন্যাপথা। এদিন ১,৫০০ মেট্রিক টন ন্যাপথা রফতানি করা হল। বাংলাদেশের 'অ্যাকুয়া রিফাইনারিজ'কে এই ন্যাপথা পাঠাচ্ছে 'ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন লিমিটেড'। হলদিয়া তেল শোধনাগার ও হলদিয়া বন্দরের যৌথ উদ্যোগে এই পণ্য রফতানি শুরু হল। এর ফলে, হলদিয়া বন্দর ও বাংলাদেশের মধ্যে পেট্রোলিয়াম-সহ জীবাশ্ম তেলজাত অন্যান্য পণ্যের পরিবহণের ক্ষেত্রে এক বিরাট ব্যবসায়িক সম্ভাবনা খুলে গেল বলে মনে করা হচ্ছে।

❑ জাপানের কেন্তো মোমোতাকে ২১-৪ ও ২১-৭ ব্যবধানে হারিয়ে, ২০২২ সালে 'মালয়েশিয়া ওপন'এ পুরুষদের সিঙ্গলসে চ্যাম্পিয়ন হলেন ডেনমার্কের ব্যাডমিন্টন তারকা ভিক্টর অ্যাক্সেলসেন।

**৪ জুলাই :** যাত্রীদের সুবিধার জন্য, দীর্ঘতম স্কাইওয়াক চালু করল পশ্চিম রেল, যা মুম্বইয়ের বান্দ্রা টার্মিনাস থেকে খার রোড রেলওয়ে স্টেশনের সঙ্গে সংযোগ রক্ষা করবে। স্কাইওয়াকটি ৩১৪ মিটার দীর্ঘ ও ৪.৪ মিটার চওড়া। এই স্কাইওয়াকটির মাধ্যমে, যাত্রীরা খার স্টেশনে নেমে দক্ষিণ ফুট ওভার ব্রিজ দিয়ে সরাসরি বান্দ্রাতে পৌঁছাতে পারবেন। ১৪ কোটি টাকা খরচে এটি তৈরি হয়েছে।

❑ মহারাষ্ট্র বিধানসভার সর্বকনিষ্ঠ (৪৫ বছর) অধ্যক্ষ হিসাবে নির্বাচিত হলেন মুম্বইয়ের আইনজীবী তথা প্রথমবারের বিধায়ক (দক্ষিণ মুম্বইয়ের কোলাবার বিধায়ক) রাহুল নারওয়েকর। এই সম্মানিত সাংবিধানিক পদে নির্বাচিত হয়ে, সেইসঙ্গে ভারতের সর্বকনিষ্ঠ অধ্যক্ষেরও তকমা পেলেন তিনি। এছাড়াও, তিনি এখন দেশের সর্বকনিষ্ঠ আইনপ্রণেতা, যিনি দেশের শীর্ষ আইনসভা পদে নির্বাচিত হয়েছেন। এদিনের ভোটাভুটিতে মোট ১৬৪টি ভোট পান রাহুল। প্রসঙ্গত উল্লেখ্য, ২০২১ সালের ফেব্রুয়ারিতে মহারাষ্ট্র বিধানসভার অধ্যক্ষ পদ থেকে ইস্তফা দিয়েছিলেন নানা পাটোলে। সেই থেকে এই পদটি ফাঁকা ছিল। এতদিন ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসাবে দায়িত্ব পালন করছিলেন ডেপুটি অধ্যক্ষ নরহরি জিরওয়াল।

❑ খুব শীঘ্রই বিধানসভায় স্বাস্থ্য অধিকার বিল পেশ করতে চলেছে রাজস্থান সরকার। যার লক্ষ্য, সরকারি ও বেসরকারি স্বাস্থ্যসেবা প্রদানকারীদের মাধ্যমে জনগণকে মানসম্পন্ন ও সাশ্রয়ী মূল্যে স্বাস্থ্যসেবা প্রদান করা। ভারতের প্রথম রাজ্য হিসাবে এই উদ্যোগ নিল রাজস্থান। রাজ্যে চিকিৎসা পরিষেবা সম্প্রসারণ ও শক্তিশালী করার জন্য, রাজস্থান সরকারের বিডের একটি অংশ হল এই বিলটি।



বাঙালি চলচ্চিত্র পরিচালক তরুণ মজুমদার (৯১ বছর) মারা গেলেন। তাঁর প্রথম পরিচালিত চলচ্চিত্র ১৯৫৯ সালে উত্তম কুমার ও সুচিত্রা সেন অভিনীত 'চাওয়া পাওয়া'। টানা ৬০ বছরেরও বেশি সময় ধরে চলচ্চিত্র পরিচালনার কাজ করেছেন তিনি। শেষ চলচ্চিত্র তৈরি করেছেন ২০১৮ সালে 'ভালোবাসার বাড়ি'। ১৯৯০ সালে 'পদ্মশ্রী' সম্মান পান তিনি।

❑ 'ফোর্বস' পত্রিকার বিচারে, মার্কিন যুক্তরাষ্ট্রের সবথেকে ধনী স্ব-প্রতিষ্ঠিত মহিলাদের তালিকায় স্থান পেলেন ভারতীয় বংশোদ্ভূত মার্কিনি জয়শ্রী ভি.উল্লাল। ২০২২ সালের মে'র হিসাব অনুযায়ী, তাঁর মোট সম্পদের মূল্য ১.৭ বিলিয়ন ডলার। এই তালিকায় ১৫ তম স্থান পেয়েছেন তিনি। মার্কিনি কম্পিউটার নেটওয়ার্কিং কোম্পানি 'অ্যারিস্টা নেটওয়ার্কস'এর প্রেসিডেন্ট ও চিফ এক্সিকিউটিভ অফিসার জয়শ্রী। প্রসঙ্গত উল্লেখ্য, এই তালিকায় শীর্ষ স্থানে রয়েছেন 'এবিসি সাপ্লাই'এর সহ-প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান ডায়ান হেন্ড্রিকস।

**৫ জুলাই :** 'অ্যাসোসিয়েশন অফ ইন্ডিয়ান ইউনিভার্সিটিস'এর প্রেসিডেন্ট হিসাবে মনোনীত হলেন 'যাদবপুর বিশ্ববিদ্যালয়'এর উপাচার্য সুরঞ্জন দাস।

❑ দক্ষিণ সুদানে, রাষ্ট্রসঙ্ঘ মিশনের ফোর্স কম্যান্ডার হিসাবে মনোনীত হলেন লেফটেন্যান্ট জেনারেল মোহন সুব্রমনিয়ান।

❑ 'এসবিআই জেনারেল ইন্সিওরেন্স'এর ম্যানেজিং ডিরেক্টর ও চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে মনোনীত হলেন পরিতোষ ত্রিপাঠী।

❑ 'রেলটেল কর্পোরেশন অফ ইন্ডিয়া লিমিটেড'এর চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টর হিসাবে মনোনীত হলেন সঞ্জয় কুমার।

❑ সুইস প্রযুক্তি কোম্পানি 'Garmin Ltd.'এর একটি ইউনিট 'Garmin India'র প্রচারদূত হিসাবে মনোনীত হলেন ভারতীয় ট্রাইঅ্যাথলিট কৌস্তুভ রাদকর।

❑ 'অর্গানাইজেশন অফ দ্য পেট্রোলিয়াম এক্সপোর্টিং কান্ট্রিস'এর ২৮ তম সেক্রেটারি জেনারেল মহম্মদ সানুশি বারকিন্ডো (৬৩ বছর) মারা গেলেন। ২০১৬ সালের ১ আগস্ট থেকে মৃত্যুর আগে পর্যন্ত ওপেক'এর সেক্রেটারি জেনারেল হিসাবে দায়িত্ব পালন করেছেন তিনি।

❑ ওড়িশার উলসুরেই গ্রামের বাসিন্দা সরোজিনী মোহন্তর প্রতি সম্মান জানিয়ে, তাঁর নামে রাজ্যের একটি জঙ্গলের অংশের নাম 'সরোজিনী বন' রাখল ওড়িশার বনাই বন বিভাগ কর্তৃপক্ষ। সরোজিনী মোহন্ত হলেন ৪২ বছর বয়সি এক মহিলা, যিনি জঙ্গলের ৪ একর জায়গায় ২ বছরে ৯৫% বৃক্ষরোপণ করেছেন।

❑ মুদ্রাস্ফীতি মোকাবিলায়, এবার স্থানীয় মুদ্রা হিসাবে সোনার মুদ্রা ব্যবহারের সিদ্ধান্ত নিল জিম্বাবোয়ের কেন্দ্রীয় ব্যাঙ্ক। ভিক্টোরিয়া ফলসের নামানুসারে এই মুদ্রার নাম রাখা হয়েছে 'মোসি-ও-তুনিয়া'। ২৫ জুলাই থেকে এই সোনার মুদ্রা বিক্রির কাজ শুরু হবে। স্থানীয় মুদ্রা, মার্কিন ডলার ও অন্যান্য বিদেশি মুদ্রার মতোই এই সোনার মুদ্রাগুলি আন্তর্জাতিক মূল্যে ও খরচের ভিত্তিতে বিক্রি করা হবে। এই সোনার মুদ্রায় এক ট্রয় আউন্স সোনা থাকবে। ফিডেলিটি গোল্ড রিফাইনারি, অরেক্স ও স্থানীয় ব্যাঙ্কগুলি তা বিক্রি করবে।

❑ রেশন দোকানের মাধ্যমে, 'ন্যাশনাল ফুড সিকিউরিটি অ্যাক্ট' বাস্তবায়নে, ভারতের সব রাজ্যের মধ্যে শীর্ষ স্থান পেল ওড়িশা। ওড়িশার স্কোর ০.৮৩৬। দ্বিতীয় ও তৃতীয় স্থানে রয়েছে যথাক্রমে উত্তর প্রদেশ (০.৭৯৭) ও অন্ধ্র প্রদেশ (০.৭৯৪)।

❑ রাজ্যসভার মনোনীত সাংসদ হিসাবে ৪ জন বিশিষ্ট ব্যক্তিত্বের নাম ঘোষণা করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। এঁরা হলেন - বিশিষ্ট ক্রীড়াবিদ পিটি উষা, সঙ্গীত পরিচালক ইলাইয়ারাজা, চলচ্চিত্র পরিচালক কোদুরি বিশ্ব বিজয়েন্দ্র প্রসাদ ও মানবতাবাদী ধর্মগুরু ডি.বীরেন্দ্র হেগড়ে।

❑ বিশ্বের প্রথম দেশ হিসাবে, পুরুষ ও মহিলা ক্রিকেটারদের সমান ম্যাচ ফি দেওয়ার সিদ্ধান্ত নিয়ে নজির গড়ল নিউজিল্যান্ডের ক্রিকেট সংস্থা। টেস্ট, একদিনের ক্রিকেট বা টোয়েন্টি-২০ সব ক্ষেত্রেই সমান ম্যাচ ফি পাবেন পুরুষ ও মহিলা ক্রিকেটাররা। সবক্ষেত্রেই ক্রিকেটারদের চুক্তির অঙ্ক দ্বিগুণ থেকে চারগুণ পর্যন্ত বাড়ানো হয়েছে।

**৬ জুলাই :** ইন্সিওরেন্স কোম্পানি 'আভিভা ইন্ডিয়া'র চিফ এক্সিকিউটিভ অফিসার ও ম্যানেজিং ডিরেক্টর হিসাবে মনোনীত হলেন অসিত রথ।

❑ পঞ্জাবের চিফ সেক্রেটারি হিসাবে মনোনীত হলেন বিজয় কুমার জানজুয়া।

❑ ভোপাল ও ইন্দোর মেট্রো রেল প্রকল্পের জন্য, মেট্রো ট্রেন ও বিভিন্ন সিস্টেম সরবরাহ করার জন্য, ৩,২০০ কোটি টাকার একটি অর্ডার জিতল ফরাসি কোম্পানি 'অ্যালস্টম'। ভোপাল ও ইন্দোর মেট্রো রেল প্রকল্পের জন্য, ১৫ বছরের রক্ষণাবেক্ষণ-সহ ১৫৬টি মোভিয়া মেট্রো গাড়ি সরবরাহ করার জন্য, 'মধ্য প্রদেশ মেট্রো রেল কর্পোরেশন লিমিটেড' এই অর্ডারটি করেছে। এই প্রকল্পের ফলে ২ শহরের ৫.৭ মিলিয়নেরও বেশি মানুষ উপকৃত হবেন বলে মনে করা হচ্ছে।


## বিশেষ বিজ্ঞপ্তি

**কর্মসংস্থান** পত্রিকার প্রকাশিত যে কোনো বিতর্কিত আলোচনা বা, নিবন্ধের যাবতীয় দায়িত্ব লেখকের। কর্মসংস্থান কর্তৃপক্ষ কোনোভাবেই এজন্য দায়ী থাকবে না। ওই মতামত কারো পছন্দসই না হলে, প্রতিবাদ জানাতে পারেন। সেক্ষেত্রে তাও যথাযোগ্য মর্যাদায় ছাপা হবে। কারণ, এটি গণমাধ্যম।




ভারতীয় বায়ুসেনার ইতিহাসে এই প্রথমবার একসঙ্গে যুদ্ধবিমান উড়িয়ে নজির গড়লেন বাবা-মেয়ে জুটি। বাবা সঞ্জয় শর্মা যুদ্ধ বিমানের চালক, এয়ার কমোডোর। অন্যদিকে, মেয়ে অনন্যা শর্মা ভারতীয় বায়ুসেনার ফ্লাইং অফিসার। এদিন কর্ণাটকের বিদার এয়ারবেস থেকে, একসঙ্গে 'হক-১৩২' যুদ্ধবিমান ওড়ান এই জুটি। এখন ভারতীয় বায়ুসেনার সদর দফতরে কর্মরত বাবা সঞ্জয় শর্মা। অন্যদিকে, মেয়ে অনন্যা ২০২১ সালের ডিসেম্বরে, ফাইটার পাইলট হিসাবে যুদ্ধবিমান চালানোর ছাড়পত্র পান। প্রসঙ্গত উল্লেখ্য, ২০১৫ সালে যুদ্ধক্ষেত্রে মহিলাদের অন্তর্ভুক্তিতে সায় দেয় ভারতীয় বায়ুসেনা।

❑ নয়াদিল্লির এনএএসসি কমপ্লেক্সে, ২০২২ সালে ভারতের প্রথম 'অ্যানিম্যাল হেলথ সামিট'এর উদ্বোধন করলেন কেন্দ্রীয় মৎস্য, পশুপালন ও দুগ্ধজাত মন্ত্রী পরষোত্তম রুপালা। এই সামিট আয়োজনের দায়িত্বে ছিল 'ইন্ডিয়ান চেম্বার অফ ফুড অ্যান্ড অ্যাগ্রিকালচার' ও 'অ্যাগ্রিকালচার টুডে গ্রুপ'। দেশের খাদ্য ও পুষ্টি নিরাপত্তা, গ্রামীণ আয় ও সমৃদ্ধি আর সামগ্রিক অর্থনৈতিক উন্নয়নের বৃহত্তর লক্ষ্যের প্রতি পশু স্বাস্থ্যের তাৎপর্য বোঝার জন্য এই সামিটের আয়োজন করা হয়েছিল। এছাড়াও, এদিন পশু স্বাস্থ্যের উন্নতিকরণের জন্য আরও বেশি করে আয়ুর্বেদের ব্যবহারের আহ্বান জানান মন্ত্রী।

❑ ন্যানো-মেটেরিয়াল ব্যবহার করে, সোডিয়াম আয়ন ভিত্তিক ব্যাটারি ও সুপারক্যাপাসিটর তৈরি করলেন আইআইটি খড়গপুরের গবেষকরা। ব্যাটারিটি বৈদ্যুতিক সাইকেলে ব্যবহার করা যেতে পারে, যা খুব চার্জ করতে সক্ষম। এই ব্যাটারিটি প্রচলিত অন্যান্য ব্যাটারির তুলনায় সস্তা হওয়ায়, বৈদ্যুতিক সাইকেলের দাম কমে যাবে বলে মনে করা হচ্ছে। ব্যাটারিটি শিল্প-স্তরের উৎপাদনের ক্ষেত্রেও ব্যবহার করা যেতে পারে। আইআইটি খড়গপুরের পদার্থবিদ্যা বিভাগের অধ্যাপক ড.অমরীশ চন্দ্র এই সোডিয়াম আয়ন ভিত্তিক শক্তি সঞ্চয় প্রযুক্তি তৈরির জন্য কাজ করেছেন ও তাঁর দল ন্যানো-মেটেরিয়াল আবিষ্কার করেছেন।

❑ 'ইউরোপিয়ান ইন্টেলিজেন্স ইউনিট'এর তরফ থেকে প্রকাশিত, ২০২২ সালে 'গ্লোবাল লাইভবিলিটি ইনডেক্স'এ বিশ্বের সবথেকে ভালো বাসযোগ্য শহরগুলির তালিকায় শীর্ষ স্থান পেল ভিয়েনা। দ্বিতীয় ও তৃতীয় স্থানে রয়েছে যথাক্রমে কোপেনহেগেন ও জুরিখ। ভারতীয় শহরগুলির মধ্যে শীর্ষ স্থানে রয়েছে দিল্লি। ১৭৩টি শহরের মধ্যে দিল্লির স্থান ১৪০। এছাড়া, ভারতের অন্যান্য শহরের মধ্যে এই তালিকায় রয়েছে মুম্বই (১৪১), চেন্নাই (১৪২), আহমেদাবাদ (১৪৩) ও বেঙ্গালউরু (১৪৬)।

❑ বিশ্বের দ্বিতীয় (ইরানের গণিতবিদ মারিয়াম মির্জাখানির পর) মহিলা হিসাবে, অঙ্কের নোবেল পুরস্কার 'ফিল্ডস মেডেল' পেলেন ইউক্রেনের গণিতবিদ মারিনা ভিয়াজোভস্কা। গোলক প্যাকিংয়ের ক্ষেত্রে অসামান্য কাজের জন্য এই পুরস্কার পেলেন তিনি। মারিনা ছাড়াও এই পুরস্কার পেয়েছেন 'জেনেভা বিশ্ববিদ্যালয়'এর ফরাসি হুগো ডুমিনিল-কপিন, ব্রিটেনের 'অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়'এর জেমস মেনার্ড ও মার্কিন যুক্তরাষ্ট্রের প্রিন্সটনের জুন হুহ। প্রসঙ্গত উল্লেখ্য, প্রতি ৪ বছর অন্তর ৪০ বছরের কম বয়সি গণিতবিদদের এই পুরস্কার দেওয়া হয়।

☞ এরপর ৮ পাতায়

# ১৩৯ নার্স ও টেকনিশিয়ান

১ পাতার পর

বয়স হতে হবে ৩৫ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৪,৯০০ টাকা। শূন্যপদ : ১২৮টি (জেনাঃ ৬৫, ই.ডব্লু.এস. ১৬, ও.বি.সি. ২৪, তঃজাঃ ১০, তঃউঃজাঃ ১৩)।

**এক্স-রে টেকনিশিয়ান (রেডিওথেরাপি) :** রেডিয়েশন টেকনোলজি বা. রেডিওথেরাপি টেকনোলজির বি.এসসি. কোর্স পাশরা অন্তত ২ বছর কাজের অভিজ্ঞতা থাকলে যোগ্য। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৩৫,৪০০ টাকা। শূন্যপদ : ৩টি (ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)।

**এক্স-রে টেকনিশিয়ান (রেডিও ডায়াগনোসিস) :** রেডিওগ্রাফি বা. মেডিক্যাল ইমাজিং টেকনোলজির বি.এসসি. কোর্স পাশরা অন্তত ২ বছর কাজের অভিজ্ঞতা থাকলে যোগ্য। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৩৫,৪০০ টাকা। শূন্যপদ : ৬টি (ই.ডব্লু.এস. ৩, তঃজাঃ ১, তঃউঃজাঃ ২)।

**রেসপিরেটরি ল্যাবরেটরি টেকনিশিয়ান :** বি.এসসি. (এম.এল.টি.) কোর্স পাশরা অন্তত ১ বছর কাজের অভিজ্ঞতা থাকলে যোগ্য। কম্পিউটার সফটওয়্যার সংক্রান্ত কাজে ১ বছরের ট্রেনিং করে থাকতে হবে। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ২৯,২০০ টাকা। শূন্যপদ : ২টি (জেনাঃ)।

সব পদের বেলায়ই বয়স গুণতে হবে ১১-৮-২০২২'এর হিসাবে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, প্রতিবন্ধীরা ১০ বছর বয়সে ছাড় পাবেন। এই পদের বিজ্ঞপ্তি নং : Admn-I/DR/1(2)/2022, Date: 13.07.2022.

প্রার্থী বাছাই হবে অনলাইন পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা হবে ৪ সেপ্টেম্বর। ১০০টি এম.সি.কিউ. টাইপের প্রশ্ন হবে। প্রতিটি প্রশ্নে থাকবে ৪ নম্বর। সময় থাকবে ৯০ মিনিট। হল টিকিট ডাউনলোড করতে পারবেন ২৫ আগস্ট থেকে।

দরখাস্ত করবেন অনলাইনে, ১১ আগস্টের মধ্যে। এই ওয়েবসাইটে : www.jipmer.edu.in প্রথমে পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। এবার ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ১,৫০০ (তপশিলী হলে ১,২০০, প্রতিবন্ধীদের ফী লাগবে না) টাকা ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, নেট ব্যাঙ্কিংয়ে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

# কল্যাণী বিশ্ববিদ্যালয়ের স্বীকৃত প্যারামেডিক্যাল কোর্স করে নিশ্চিত চাকরির সুযোগ নিন

**নিজস্ব সংবাদদাতা :** কল্যাণী বিশ্ববিদ্যালয়ের স্বীকৃত ড. কে. আর. অধিকারী কলেজ অফ অপ্টোমেট্রি অ্যান্ড প্যারামেডিক্যাল টেকনোলজিতে সরকারি ও বেসরকারি চাকরির উপযোগী এই সব কোর্সে ভরতি চলছে : (1) ডিপ্লোমা ইন অপ্টোমেট্রিক্যাল সায়েন্স অ্যান্ড অফথ্যালমিক টেকনিক, (2) ডিপ্লোমা ইন ইলেক্ট্রো-কার্ডিওগ্রাফি অ্যান্ড পালমোনারি ফাংশন টেস্ট, (3) ডিপ্লোমা ইন ফিজিশিয়ান অ্যাসিস্ট্যান্ট অ্যান্ড এসেনসিয়াল ড্রাগ, (4) ডিপ্লোমা ইন ডেন্টাল টেকনোলজি অ্যান্ড ওর‍্যাল হাইজিন, (5) ডিপ্লোমা ইন মেডিক্যাল ল্যাবরেটরি টেকনিক, (6) ডিপ্লোমা ইন মেডিক্যাল রেডিওলজি টেকনিক, (7) ডিপ্লোমা ইন ফিজিওথেরাপি টেকনিক। যোগ্যতা : বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা ভর্তির জন্য আবেদন করতে পারেন। বিজ্ঞান ছাড়া অন্যান্য শাখার ছাত্রছাত্রীদের ক্ষেত্রে ১ বছরের ব্রিজ কোর্স (প্রি-অপ্টিমেট্রি ও প্রি-টেকনোলজি) পাশ করে ওইসব ডিপ্লোমা কোর্সে ভর্তি হতে পারবেন। কোর্সের মেয়াদ : ২ বছর ৬ মাস।

(8) কন্ট্যাক্ট লেন্স প্র্যাক্টিসের অ্যাডভান্সড কোর্স। যোগ্যতা : যে কোনো শাখার গ্র্যাজুয়েট বা অপ্টোমেট্রি ডিপ্লোমা কোর্স পাশ। ১ বছরের কোর্স। এছাড়াও মাধ্যমিক যোগ্যতায় সার্টিফিকেট কোর্স পড়ানো হয় এইসব ট্রেডে : (1) সার্টিফিকেট ইন কমিউনিটি, (2) মেডিক্যাল সার্ভিস অ্যান্ড এসেনসিয়াল ড্রাগ, (3) সার্টিফিকেট ইন স্যানিটারি ইন্সপেকশন, (4) সার্টিফিকেট ইন বেসিক প্র্যাক্টিক্যাল নার্সিং। সীমিত কয়েকটি সীটে ভর্তির সুযোগ পাবেন। ভর্তির জন্য এখনই যোগাযোগ করুন এই ঠিকানায় — কল্যাণী ওয়েবল আই.টি. পার্ক, ফেজ-।। (পঃবঃ সরকার), কল্যাণী-ব্যারাকপুর এক্সপ্রেস ওয়ে (ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্টের উল্টোদিকে), বুদ্ধ পার্কের কাছে, কল্যাণী, নদিয়া। ফোন- 9339218894, 9477425536, 8100149510.


**প্রগতি ITI-এ ভর্তি**
**বহরমপুর ও কৃষ্ণনগরে**

NCVT অনুমোদিত বহরমপুর প্রগতি ITI ও কৃষ্ণনগর প্রগতি ITI-এ ২০২২ সেশনে নিচের ট্রেডগুলিতে ভর্তির জন্য যোগাযোগ করুন:

কোর্স : ইলেক্ট্রিশিয়ান ও ফিটার

বহরমপুর : 9434900500
কৃষ্ণনগর : 9434900700



**JLD PRIVATE ITI**

আই.টি.আই. কোর্সে 2022 সেশনে নিচের ট্রেডগুলিতে ভর্তির জন্য যোগাযোগ করুন —

ELECTRICIAN FITTER SURVEYOR

College Campus

চাকরির গ্যারান্টি

Betberia, P.S. Barulpur, 24 Pgs. (S)

9831220905, 8116162939



**NETAJI SUBHAS OPEN UNIVERSITY**
(Recognised by UGC-DEB & Govt. of West Bengal) Approved Study Centre

ভর্তির বিজ্ঞপ্তি

(১) নাজিরপুর রেনবো এডুকেশনাল ইনস্টিটিউট (V-48)
বেজিনগর, মুর্শিদাবাদ; ফোন : 9733070694

(২) বিবেকানন্দ এডুকেশনাল ইনস্টিটিউট (V-56)
ময়নাগুড়ি রোড, জলপাইগুড়ি. ফোন : 8918929973

● অ্যাডভান্স ডিপ্লোমা ইন টেলারিং অ্যান্ড ড্রেস ডিজাইনিং। ● অ্যাডভান্সড ডিপ্লোমা ইন নিডিল ওয়ার্ক অ্যান্ড নিটিং (ছেলে ও মেয়ে উভয়ের জন্য)। এই দুটি কোর্স পাশ করার পর স্কুল সার্ভিস কমিশন (SSC)-তে কর্মশিক্ষা বিষয়ে আবেদন করা যায়। ● অ্যাডভান্সড ডিপ্লোমা ইন সাইকোলজিক্যাল কাউন্সিলিং। ● ২ বছর অ্যাডভান্সড ডিপ্লোমা ইন যোগা ও ন্যাচারোপ্যাথি। ● ডিপ্লোমা ইন ফার্মাকোলজি ম্যানেজমেন্ট। ● ডিপ্লোমা ইন প্রি-প্রাইমারি টিচার্স এডুকেশন। ● ডিপ্লোমা ইন ফায়ার সেফটি অ্যান্ড সিকিউরিটি ম্যানেজমেন্ট। ● ডিপ্লোমা ইন ল্যান্ড সার্ভে। ● ডিপ্লোমা ইন অর্গানিক এগ্রিকালচার অ্যান্ড হর্টিকালচার। ● মডার্ন অফিস ম্যানেজমেন্ট। ● ট্র্যাভেল অ্যান্ড ট্যুরিজম। ● ডিজাস্টার রিস্ক ম্যানেজমেন্ট। ● ডিপ্লোমা ইন মেডিসিন শপ অ্যাসিসট্যান্ট। ● ডিপ্লোমা ইন ডি.টি.পি অ্যান্ড নেটওয়ার্কিং / ITA। ● আর্ট অ্যান্ড ক্রাফট। ● CCTV টেকনিশিয়ন। ● মোবাইল ফোন / স্মার্ট ফোন রিপেয়ারিং। ● ট্যাক্সেশন / GST। ● বিউটি থেরাপি অ্যান্ড হেয়ার ড্রেসিং। ● ডিপ্লোমা ইন যোগা এডুকেশন। ● ডিপ্লোমা ইন ন্যাচারোপ্যাথি।



**নার্সিং, ফার্মেসী**
(ছেলে ও মেয়ে উভয়ের জন্য)

**GNM নার্সিং, B.Sc. নার্সিং**
**ডি.ফার্ম, বি.ফার্ম**
(INC, KNC, WBNC, PCI Approved কলেজ থেকে)

PARAMEDICAL BPT, BMLT, B.SC., ANAESTHESIA, RADIOLOGY, PHYSIOTHERAPY, HOSPITAL MANAGEMENT & OT TECHNICIAN

ভর্তির জন্য ইচ্ছুক ছাত্রছাত্রী সত্বর যোগাযোগ করুন –

**বেঙ্গল কলেজ অফ নার্সিং**
(A Unit of Bengal Suggestion Centre)

যোগাযোগ- জোড়া মন্দিরের পিছনে, লক্ষ্মীপুর মাঠ, বর্ধমান
(বর্ধমান রেলস্টেশন থেকে হাঁটা পথ মাত্র ৫ মিনিট)

M: 9933100791, 9635430785, 9002287061, 9832175837

ডাইরেক্টর- পবন চৌধুরী
Ph: 9434211612


# কমান্ড হাসপাতালে ৭৯

৫ পাতার পর

১ বছরের অভিজ্ঞতা থাকলে ভালো হয়। শূন্যপদ : ১০টি (জেনাঃ ৫, তঃজাঃ ১, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ১)। এর মধ্যে প্রাঃসঃকঃ ১।

সব পদের বেলায় বয়স গুনতে হবে ৩০-৭-২০২২'এর হিসাবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। তপশিলী, ও.বি.সি. ও প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ১৮,০০০-৫৬,৯০০ টাকা।

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। ২ ঘন্টার ১০০ নম্বরের ১০০টি অবজেক্টিভ টাইপের পরীক্ষায় থাকবে এইসব বিষয় : (১) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং -২৫ নম্বর, (২) নিউমেরিক্যাল অ্যাপ্টিটিউট -২৫ নম্বর, (৩) জেনারেল ইংলিশ - ৫০ নম্বর, (৪) জেনারেল অ্যাওয়ারনেস - ৫০ নম্বর। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। প্রশ্ন হবে ইংরিজি ও হিন্দিতে। লোয়ার ডিভিশন ক্লার্ক পদের বেলায় প্রশ্ন হবে উচ্চমাধ্যমিক মানের আর অন্যান্য পদের বেলায় প্রশ্ন হবে মাধ্যমিক মানের। নেগেটিভ মার্কিং আছে।

দরখাস্ত করবেন সাধারণ কাগজে, নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান পাবেন এই ওয়েবসাইটে : http://www.davp.nic.in/WriteReadData/ADS/eng_10603_1_2223b.pdf

তখন সঙ্গে দেবেন : (১) বয়স, শিক্ষাগত যোগ্যতা ও কাস্ট সার্টিফিকেটের স্ব-প্রত্যয়িত নকল, (২) নিজের নাম-ঠিকানা লেখা ও উপযুক্ত ডাকটিকিট সাঁটা খাম, (৩) এখনকার তোলা ৩ কপি পাশপোর্ট মাপের রঙিন ফটো (এক কপি দরখাস্তের নির্দিষ্ট জায়গায় সেঁটে ও দু'কপি দরখাস্তের সঙ্গে গেঁথে), (৪) ১০০ টাকার পোস্টাল অর্ডার। 'Comdt, CMDC (NC) REGT FUND A/C'. দরখাস্ত-ভরা খামের ওপর লিখবেন 'Application for the post.......... দরখাস্তের বাঁদিকের কোণে সংরক্ষিত ক্যাটেগরি উল্লেখ করবেন। দরখাস্ত পাঠাবেন রেজিস্ট্রি ডাকে বা, স্পিড ডাকে। পৌঁছনো চাই ৩০ জুলাইয়ের মধ্যে। এইঠিকানায় : Command Military Dental Centre (Northern Command), NCSR Gate, Opp. Army Public School Junior Wing, Udhampur (J&K), Pin-182101, C/o-56APO.


**উচ্চ মাধ্যমিকের পর কোনো প্রবেশিকা পরীক্ষা ছাড়াই কর্মমুখী ডিগ্রি কোর্সে ভর্তির সুযোগ**

ক্লাস XII এর পরে উচ্চশিক্ষায় রয়েছে core engineering এর কিছু বিষয় যা গড়ে দিতে পারে এক সুনিশ্চিত ভবিষ্যৎ। ভারতবর্ষ আজ গাড়ি উৎপাদনে বিশ্বে চতুর্থ স্থানাধিকারী এবং প্রায় ৩ কোটি ৭০ লক্ষ জনসমষ্টি এই শিল্পের সাথে যুক্ত। বর্তমানে পরিবেশ দূষণ রোধে BS VI Norm এর প্রণয়নে গাড়ি প্রযুক্তিতে এসেছে বড় পরিবর্তন এবং দ্রুত জনপ্রিয় হচ্ছে পরিবেশ বান্ধব Electric Vehicles। উন্নতমানের গাড়িতে আজ পরিলক্ষিত হচ্ছে Artificial Intelligence, Machine Learning, IoT- এর মতো প্রযুক্তির ব্যবহার। এই সব নতুন প্রযুক্তিতে প্রশিক্ষিত Automobile Engineer এর রয়েছে প্রচুর চাকরির সুযোগ। MCKV Institute of Engineering একটি NAAC-A মূল্যায়িত Autonomous College। এখানে শুধুমাত্র AICTE স্বীকৃত ও MAKAUT অনুমোদিত কোর্সে পাঠদান করা হয়ে থাকে। Automobile Engineering এ, 4years BTech কোর্সটি বিশেষভাবে উল্লেখযোগ্য। BS VI Technology, Electric Vehicle, design Software প্রভৃতি আধুনিক প্রযুক্তিতে প্রশিক্ষণের জন্য এই বিভাগের ল্যাবরেটরিগুলি Volvo Eicher Commercial Vehicles, Bosch Limited, BMW India, Hyundai Motors, Logiczap NextGen Technologies, Dassault Systems এর মতো সুপরিচিত অটোমোবাইল সংস্থার সাথে সংযুক্ত। কোর্স শেষে পড়ুয়ারা তাই সহজেই নামী অটোমোবাইল সংস্থায় Design, Manufacturing, Service, Sales প্রভৃতি ক্ষেত্রে চাকুরী পেয়ে থাকে। বর্তমানে এই বিভাগে আরো দুটি ৩ বছরের কর্মমুখী শিক্ষাক্রম BVOC in Automobile Servicing এবং BVOC in Automotive Manufacturing Technology চালু হয়েছে। Science, Arts এবং Commerce নিয়ে ক্লাস XII অথবা ITI পাশ করার পর এই কোর্সগুলিতে ভর্তি হওয়া যায় কোনো প্রবেশিকা পরীক্ষা ছাড়াই। পাঠক্রম শেষে রয়েছে অটোমোবাইল সংস্থায় Service/Floor Supervisor, Marketing Officer, Quality Engineer, Designer প্রভৃতি পদে নিশ্চিত চাকরির সুযোগ।

MCKVIE-তে রয়েছে 4years BTech in Mechanical Engineering এর কোর্স। পরিবর্তিত পাঠক্রমে সংযোজিত হয়েছে Mechatronics, 3d Printing Technology, এবং Robotics এর মতো বিষয়। উচ্চমানের ল্যাবরেটরির সুযোগসুবিধার সাথে এই বিভাগের Centre of Excellence in 3d printing পড়ুয়াদের দেবে এই প্রযুক্তিতে হাতে কলমে শিক্ষালাভ ও চাকরির সুযোগ। MCKVIE তাই হতেই পারে আপনার স্বপ্নের ঠিকানা।

**MCKV INSTITUTE OF ENGINEERING** | 243, G. T. Road (N), Liluah, Howrah, M : 90070 17339, www.mckvie.edu.in



**CCPTR, Maulana Abul Kalam Azad University of Technology (MAKAUT)**

ADMISSION OPEN

**B.Sc. Agriculture Biotechnology**
Eligibility : 10+2 Science / Vocational

**BBA in Rural Management**
Eligibility : 10 + 2 (Any)

**Diploma in Medical Lab Technology (DMLT)**
Eligibility : 10 + 2 (Any)

**Post Graduate Diploma In Agriculture & Fishery Management**
Eligibility : Graduate (Any)

- Best Faculty
- Best Infra
- 100% Placement*
- Live Industrial Training

**Gurukul Edutech Education & Research Foundation**
Langalberia LASKUS Campus, Kolkata- 700145, Near Narendrapur Ramakrishna Mission

M : 9804720425 / 7059918186 / 9051352337

Website- www.gurukulinstitute.org.in

# সাম্প্রতিক ঘটনাপ্রবাহ পঞ্জিকা

৬ পাতার পর

**৭ জুলাই** : ২০২২-'২৩ সালের জন্য, 'কনফেডারেশন অফ ইন্ডিয়ান ইন্ডাস্ট্রিজ'এর প্রেসিডেন্ট হিসাবে মনোনীত হলেন আর.দীনেশ।

❑ ভারতের নতুন জি-২০ শেরপা হিসাবে মনোনীত হলেন 'নীতি আয়োগ'এর প্রাক্তন সিইও অমিতাভ কান্ত।

❑ 'কনফেডারেশন অফ ইন্ডিয়ান ইন্ডাস্ট্রি'র প্রেসিডেন্ট হিসাবে মনোনীত হলেন আর.দীনেশ।

❑ 'ন্যাশনাল হাই স্পিড রেল কর্পোরেশন লিমিটেড'এর ম্যানেজিং ডিরেক্টর হিসাবে মনোনীত হলেন রাজেন্দ্র প্রসাদ।

❑ ভারতের ডেপুটি নির্বাচন কমিশনার হিসাবে মনোনীত হলেন আর.কে.গুপ্তা।

❑ ভিডিও কনফারেন্সিংয়ের মাধ্যমে, জম্মু ও কাশ্মীরের শ্রীনগরে স্বামী রামানুজাচার্যের 'শান্তির মূর্তি' উন্মোচন করলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। ৪ ফুট লম্বা এই মূর্তিটি মার্বেলের তৈরি। প্রসঙ্গত উল্লেখ্য, স্বামী রামানুজাচার্য ছিলেন একজন মহান চিন্তাবিদ, দার্শনিক ও সমাজ সংস্কারক।

❑ প্রথম মহিলা ও দ্বিতীয় ভারতীয় হিসাবে, 'আন্তর্জাতিক মুদ্রা ভাণ্ডার'এর 'প্রাক্তন প্রধান অর্থনীতিবিদদের ওয়াল'এ স্থান পেলেন ভারতীয় বংশোদ্ভূত মার্কিনি অর্থনীতিবিদ গীতা গোপীনাথ। প্রথম ভারতীয় হিসাবে এই সম্মান পেয়েছিলেন রঘুরাম রাজন, যিনি ২০০৩ থেকে ২০০৬ সাল পর্যন্ত 'আন্তর্জাতিক মুদ্রা ভাণ্ডার'এর প্রধান অর্থনীতিবিদ ও গবেষণা পরিচালক হিসাবে দায়িত্ব পালন করেছিলেন। প্রসঙ্গত উল্লেখ্য, 'আন্তর্জাতিক মুদ্রা ভাণ্ডার'এর প্রথম মহিলা মুখ্য অর্থনীতিবিদ ছিলেন গীতা। এখন, ২০২২ সালের ২১ জানুয়ারি থেকে 'আন্তর্জাতিক মুদ্রা ভাণ্ডার'এর প্রথম ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর হিসাবে দায়িত্ব পালন করছেন তিনি।

❑ ইনট্যাঞ্জিবল কালচারাল হেরিটেজ রক্ষার জন্য, ২০২২-২০২৬ সালের জন্য, ইউনেস্কোর ২০০৩ সম্মেলনের আন্তঃসরকারি কমিটিতে নির্বাচিত হল ভারত। ৫ থেকে ৭ জুলাই পর্যন্ত ইউনেস্কো'র সদর দফতর প্যারিসে অনুষ্ঠিত ২০০৩ সম্মেলনের নবম সাধারণ পরিষদের সময় এই নির্বাচন অনুষ্ঠিত হয়েছিল। ৬টি দেশ (ভারত, বাংলাদেশ, ভিয়েতনাম, কম্বোডিয়া, মালয়েশিয়া ও তাইল্যান্ড) এশিয়া-প্যাসিফিক গ্রুপের ৪টি শূন্যপদ পূরণের জন্য তাদের আবেদনপত্র জমা দিয়েছিল। ১৫৫টি রাষ্ট্রীয় দল থেকে মোট ১১০টি ভোট পেয়ে এই কমিটিতে নির্বাচিত হল ভারত। এর ফলে, এখন ইউনেস্কোর ২টি বিশিষ্ট কমিটির অংশ হল ভারত— ইনট্যাঞ্জিবল কালচারাল হেরিটেজ (২০২২-'২৬) ও ওয়ার্ল্ড হেরিটেজ (২০২১-২০২৫)। প্রসঙ্গত উল্লেখ্য, এর আগে ২ বার (২০০৬-২০১০ ও ২০১৪-২০১৮) ইনট্যাঞ্জিবল কালচারাল হেরিটেজ কমিটির সদস্য হিসাবে কাজ করেছে ভারত।

❑ ব্রিটেনের প্রধানমন্ত্রীর পদ থেকে ইস্তফা দিলেন বরিস জনসন। তবে, নতুন নেতা নিয়োগ না হওয়া পর্যন্ত তত্ত্বাবধায়ক প্রধানমন্ত্রী হিসাবে দায়িত্ব পালন করবেন বলে জানিয়েছেন তিনি।

**৮ জুলাই** : ২০২২-'২৪ সালের জন্য, 'মার্কেট রিসার্চ সোসাইটি অফ ইন্ডিয়া'র প্রেসিডেন্ট হিসাবে মনোনীত হলেন মনীশ মাখিজানি।

❑ অ্যাঙ্গোলার প্রাক্তন প্রেসিডেন্ট জোসে এডুয়ার্ডো ডস সান্তোস (৭৯ বছর) মারা গেলেন। তিনি আফ্রিকার সবথেকে দীর্ঘকালীন রাষ্ট্রপ্রধানদের একজন, যিনি প্রায় ৪ দশক ধরে অ্যাঙ্গোলার প্রেসিডেন্ট পদে ছিলেন। ১৯৭৯ থেকে ২০১৭ সাল পর্যন্ত দেশটির প্রেসিডেন্ট পদে ছিলেন তিনি।

❑ ভারতীয় এয়ারলাইন্সগুলির তালিকায় যুক্ত হল আরও এক নতুন সংস্থা 'আকাশ এয়ার'। ভারতীয় ধনকুবের ব্যবসায়ী, বিনিয়োগকারী রাকেশ ঝুনঝুনওয়ালা মালিকানাধীন এই নতুন সংস্থা এদিন 'ডিরেক্টরেট জেনারেল অফ সিভিল অ্যাভিয়েশন'এর পক্ষ থেকে 'এয়ার অপারেটর সার্টিফিকেট' পেল। এর ফলে, এই চলতি মাসের শেষেই বাণিজ্যিক কার্যক্রম শুরু করবে এই নতুন উড়ান সংস্থা। প্রথমে প্রতি মাসে ২টি করে বিমান চালানো হবে। পরে, আরও অনেকগুলি বিমান যুক্ত করা হবে।

❑ ভারতের প্রথম রেলওয়ে স্টেশন হিসাবে, অগমেন্টেড রিয়েলিটি স্ক্রিন দিয়ে সজ্জিত হল মুম্বইয়ের 'ছত্রপতি শিবাজী মহারাজ টার্মিনাস'। এই প্রযুক্তিটি স্টেশনে যাত্রীদের ডেডিকেটেড স্ক্রোলিং স্ক্রিন, রেলওয়ের তথ্য, সামাজিক সচেতনতার বার্তা, ট্রেনের ডিজিটালাইজড সময় সারণী প্রদর্শনের সুবিধা দেবে।



পশ্চিম জাপানের নারা শহরে এক জনসভায় ভাষণ দেওয়ার সময়, এক আততায়ীর গুলিতে গুলিবিদ্ধ হয়ে মারা গেলেন জাপানের প্রাক্তন প্রধানমন্ত্রী শিনজো আবে (৬৭ বছর)। জাপানের ইতিহাসে সবথেকে বেশি সময় ধরে প্রধানমন্ত্রী পদে ছিলেন তিনি। প্রথমবার ২০০৬ থেকে ২০০৭ সাল পর্যন্ত ও দ্বিতীয়বার ২০১২ থেকে ২০২০ সাল পর্যন্ত দেশটির প্রধানমন্ত্রীর দায়িত্বে ছিলেন তিনি। ২০২১ সালে ভারত সরকারের তরফ থেকে 'পদ্মবিভূষণ' পুরস্কার পান তিনি। এছাড়াও, ২০২২ সালে তাঁকে 'নেতাজী পুরস্কার'এ ভূষিত করা হয়।

❑ ৯ রাউন্ডের মধ্যে ৮ পয়েন্ট নিয়ে, 'গিজন দাবা মাস্টার্স' জিতলেন ভারতীয় গ্র্যান্ডমাস্টার দোম্মারাজু গুকেশ। এই জয়ের ফলে তাঁর ফিড রেটিং এখন ২,৬৯৩। ৬.৫ পয়েন্ট নিয়ে দ্বিতীয় স্থানে রয়েছেন ব্রাজিলিয়ান দাবা গ্র্যান্ডমাস্টার আলেকজান্ডার ফিয়ের ও ৬ পয়েন্ট নিয়ে তৃতীয় স্থানে রয়েছেন স্পেনের পেদ্রো আন্তোনিও গিনেস।

**৯ জুলাই** : 'গোয়া শিপইয়ার্ড লিমিটেড'এর চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টর হিসাবে মনোনীত হলেন ব্রজেশ কুমার উপাধ্যায়।

❑ দীর্ঘদিন অসুস্থতার পর, 'বিদেশ সঞ্চার নিগম লিমিটেড'এর প্রাক্তন চেয়ারম্যান ব্রিজেন্দ্র কুমার সিংগল (৮২ বছর) মারা গেলেন। 'ভারতীয় ইন্টারনেটের জনক' হিসাবে পরিচিত ছিলেন তিনি।

❑ সর্বকনিষ্ঠ হিসাবে, দক্ষিণ পোল্যান্ডের ক্রাকোতে, 'অ্যানালগ অ্যাস্ট্রোনট ট্রেনিং সেন্টার' থেকে অ্যানালগ অ্যাস্ট্রোনট প্রোগ্রাম সম্পন্ন করে ইতিহাস গড়লেন আন্ধ্রা প্রদেশের ১৯ বছর বয়সি জাহ্নবী দাঙ্গেটি। পশ্চিম গোদাবরী জেলার পালাকোল্লুর বাসিন্দা জাহ্নবী এএটিসি থেকে ২ সপ্তাহের (১৪ থেকে ২৫ জুন) ট্রেনিং প্রোগ্রাম সম্পন্ন করেছেন। প্রসঙ্গত উল্লেখ্য, 'অ্যানালগ অ্যাস্ট্রোনট ট্রেনিং সেন্টার' হল একটি বেসরকারি সংস্থা, যা মহাকাশযান বৈজ্ঞানিক গবেষণা চালানোর জন্য তৈরি করা হয়েছে।

❑ কোভিড-১৯ অতিমারির পর, যেসব পড়ুয়ারা স্কুলছুট হয়েছিল, তাদের স্কুলে ফিরিয়ে আনতে 'আর্ন উইথ লার্ন' নামে একটি প্রকল্প চালু করল ত্রিপুরা সরকার। এই প্রকল্পটি 'বিদ্যালয় চলো অভিযান'এর (চলো স্কুলে যাই) একটি অংশ। করোনা অতিমারি চলার সময়, ৬ থেকে ১৪ বছর বয়সি প্রায় ৯,০০০ শিক্ষার্থী স্কুলছুট হয়েছে। প্রসঙ্গত উল্লেখ্য, স্কুলছুট পড়ুয়াদের ফের স্কুলে ফিরিয়ে আনতে ২০০৯ সালে প্রথম 'বিদ্যালয় চলো অভিযান' চালু করেছিল রাজ্য সরকার।

❑ নির্মাণ শ্রমিকদের দক্ষতা উন্নত করার জন্য, 'মিশন কুশল কর্মী' কর্মসূচি চালু করলেন দিল্লির উপ-মুখ্যমন্ত্রী মনীশ সিসোদিয়া। 'দিল্লি স্কিল অ্যান্ড অন্ত্রেপ্রেনারশিপ ইউনিভার্সিটি' আর দিল্লি বিল্ডিং ও অন্যান্য নির্মাণ শ্রমিক কল্যাণ বোর্ডের সহায়তায় এই কর্মসূচিটি চালু করেছে দিল্লি সরকার। দিল্লি সরকারের লক্ষ্য, এই কর্মসূচির অধীনে ১ বছরে ২ লাখ নির্মাণ কর্মীকে প্রশিক্ষণ দেওয়া।

❑ ২০২২ সালে উত্তর প্রদেশের গাজিয়াবাদে অনুষ্ঠিত, অনূর্ধ্ব-১৯ 'বিশ্ব যোগা কাপ প্রতিযোগিতা'য় চ্যাম্পিয়ন হলেন হুগলি জেলার আরামবাগের ছেলে সূর্য মুখোপাধ্যায়। বিশ্বের ১৬টি দেশের প্রতিনিধিরা এই প্রতিযোগিতায় অংশ নিয়েছিলেন। সূর্যর যোগার নাম ছিল 'নাদারাজাসানা' (ডান্স পোজ) তথা দণ্ডায়মান পূর্ণ ধনুর আসন। এই বিভাগ থেকেই সোনার পদক পেলেন তিনি।

**১০ জুলাই** : মাইক্রো ব্লগিং সাইট 'ট্যুইটার'এর সঙ্গে ৪৪ বিলিয়ন ডলারের চুক্তি বাতিল করলেন 'টেসলা'র কর্ণধার এলন মাস্ক। ট্যুইটারের নীতি পছন্দ না হওয়ায়, এই সিদ্ধান্ত নিলেন তিনি। যার ফলে মাইক্রো ব্লগিং সাইটের শেয়ার নেমে গেছে ৭%।

❑ নাগপুরে, ৩.১৪ কিলোমিটার দৈর্ঘ্যের দীর্ঘতম ডাবল ডেকার সেতু তৈরি করে বিশ্বরেকর্ড গড়ল 'ন্যাশনাল হাইওয়েজ অথরিটি অফ ইন্ডিয়া' ও মহারাষ্ট্র মেট্রো। এই ডাবল ডেকার সেতুর একটি হাইওয়ে উড়ালসেতু ও অন্যটি দিয়ে মেট্রো রেল চলতে পারবে। এই ডাবল ডেকার সেতুতে তৈরি হওয়া সর্বাধিক (৩টি) মেট্রো স্টেশনগুলি 'এশিয়া বুক অফ রেকর্ডস' ও 'ইন্ডিয়া বুক অফ রেকর্ডস'এ স্থান পেয়েছে।

❑ ভারতের প্রথম রাজ্য হিসাবে উত্তর প্রদেশে এখন ১৩টি এক্সপ্রেসওয়ে রয়েছে। এক্সপ্রেসওয়েটির নাম 'বুন্দেলখণ্ড এক্সপ্রেসওয়ে'। মোট ৩,২০০ কিলোমিটার দীর্ঘ ১৩টি এক্সপ্রেসওয়ের মধ্যে ৬টি ব্যবহার করা হচ্ছে ও বাকি ৭টি নির্মাণাধীন রয়েছে। ১৬ জুলাই, ২৯৬ কিলোমিটার দীর্ঘ এই এক্সপ্রেসওয়েটি উদ্বোধন করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, যা বুন্দেলখন্ডকে দিল্লির সঙ্গে সংযুক্ত করেছে। এই এক্সপ্রেসওয়ের ফলে পূর্ব ও পশ্চিমের মধ্যে দূরত্ব যেমন কমবে, তেমনি নির্বিঘ্নে মানুষের সঙ্গে মানুষের যোগাযোগের ক্ষেত্রেও সহায়ক হবে।

❑ বিশ্বের প্রথম বোলার হিসাবে, টোয়েন্টি-২০ আন্তর্জাতিক ক্রিকেটে পাওয়ার প্লে-তে ৫০০টি ডট বল করে বিরল নজির গড়লেন ভারতীয় বোলার ভুবনেশ্বর কুমার। ইংল্যান্ডের বিরুদ্ধে দ্বিতীয় টোয়েন্টি-২০'তে এই নজির গড়লেন তিনি। এই তালিকায় দ্বিতীয় স্থানে রয়েছেন ওয়েস্ট ইন্ডিজের স্পিনার স্যামুয়েল বদ্রি। টোয়েন্টি-২০'তে পাওয়ার প্লে'তে ৩৮৩টি ডট বল করেছেন তিনি। ৩৬৮টি ডট বল করে তালিকায় তৃতীয় স্থানে রয়েছেন নিউজিল্যান্ডের পেসার টিম সাউদি।

## উইম্বলডন চ্যাম্পিয়নশিপস — ২০২২





| বিভাগ | চ্যাম্পিয়ন | রানার- আপ |
|---|---|---|
| পুরুষ সিঙ্গলস | নোভাক জকোভিচ | নিক কির্গিয়স |
| মহিলা সিঙ্গলস | এলিনা রিবাকিনা | ওনস জাবেউর |
| পুরুষ ডাবলস | ম্যাথিউ এবডেন ও ম্যাক্স পারসেল | নিকোলা মেকটিক ও মেট পাভিচ |
| মহিলা ডাবলস | বারবোরা ক্রেজিকোভা ও ক্যাটেরিনা সিনিয়াকোভা | এলিসে মার্টেনস ও ঝাং স্যুয়াই |
| মিক্সড ডাবলস | নিল স্কুপস্কি ও ডেসিরে ক্রজিক | ম্যাথিউ এবডেন ও সামান্থা স্টোসুর। |

❑ 'অস্ট্রিয়ান গ্রাঁ প্রি' জিতলেন মোনাকোর রেসিং কার ড্রাইভার চার্লস লেক্লার্ক (ফেরারি)।

❑ ২০২২ সালে ফিনল্যান্ডে অনুষ্ঠিত 'বিশ্ব মাস্টার্স অ্যাথলেটিক্স চ্যাম্পিয়নশিপ'এ, ১০০ মিটার দৌড়ে সোনার পদক পেলেন ভারতের ৯৪ বছর বয়সি ভগবানী দেবী ডাগর। ২৪.৭৪ সেকেন্ড সময় নিয়ে ১০০ মিটার দূরত্ব পূরণ করলেন তিনি। এছাড়াও, শট পাটে ব্রঞ্জ পদক পেয়েছেন তিনি।

**১১ জুলাই** : ভারতের প্রথম বিমানবন্দর হিসাবে, 'লেহ বিমানবন্দর'কে কার্বন নিরপেক্ষ বিমানবন্দর হিসাবে গড়ে তুলতে চলেছে ভারতের বিমানবন্দর কর্তৃপক্ষ। এজন্য, সোলার পিভি প্ল্যান্টের সঙ্গে হাইব্রিডাইজেশনে একটি 'জিওথার্মাল সিস্টেম' নতুন বিমানবন্দর টার্মিনাল ভবনে সরবরাহ করা হবে। এই সিস্টেমটি বায়ু ও মাটির মধ্যে তাপ বিনিময়ের মাধ্যমে কাজ করবে। কারণ, এর তাপ পাম্পগুলি স্থান গরম করা ও ঠান্ডা করার পাশাপাশি জল গরম করতেও সাহায্য করবে। এর ফলে, প্রতি বছর ৯০০ টন কার্বন নির্গমন কমবে বলে মনে করা হচ্ছে।



দক্ষিণ কোরিয়ার চাংওনে অনুষ্ঠিত, 'আইএসএসএফ বিশ্বকাপ'এ সোনার পদক পেলেন ভারতীয় শ্যুটার অর্জুন বাবুতা। মার্কিন যুক্তরাষ্ট্রের লুকাস কোজেনিস্কিকে ১৭-৯ ব্যবধানে হারিয়ে এই শিরোপা জিতলেন তিনি।

❑ ভারতের প্রথম এলিভেটেড আরবান এক্সপ্রেসওয়ে হতে চলেছে 'দ্বারকা এক্সপ্রেসওয়ে', যা ২০২৩ সালের মধ্যে চালু হচ্ছে বলে জানালেন কেন্দ্রীয় সড়ক পরিবহণ ও হাইওয়ে মন্ত্রী নীতিন গড়করি। 'নর্দার্ন পেরিফেরাল রোড' নামেও পরিচিত এই এক্সপ্রেসওয়েটি দিল্লির দ্বারকাকে হরিয়ানার গুরুগ্রামের সঙ্গে যুক্ত করবে। এক্সপ্রেসওয়েটির মোট দৈর্ঘ্য ২৯ কিলোমিটার, যার মধ্যে ১৯ কিলোমিটার থাকবে হরিয়ানায় ও বাকি ১০ কিলোমিটার থাকবে দিল্লিতে। এটি এনএইচ-৮ (দিল্লি-গুরুগ্রাম এক্সপ্রেসওয়ে) শিব-মূর্তি থেকে শুরু হবে আর দ্বারকা সেক্টর ২১, গুরুগ্রাম সীমান্ত ও বাসাই হয়ে খেরকি দৌলা টোল প্লাজার কাছে শেষ হবে।

❑ 'বিশ্ব জনসংখ্যা দিবস'এ, 'রাষ্ট্রসঙ্ঘ'এর তরফ থেকে প্রকাশিত এক রিপোর্ট অনুযায়ী, ২০২৩ সালে জনসংখ্যার নিরিখে চিনকে ছাপিয়ে যাবে ভারত। 'দ্য ওয়ার্ল্ড পপুলেশন প্রসপেক্টস ২০২২' রিপোর্টে বলা হয়েছে, ২০২২ সালের ১৫ নভেম্বরেই বিশ্বের জনসংখ্যা ৮০০ কোটিতে পৌঁছাবে।

❑ নয়া সংসদ ভবনের ছাদে ৬.৫ মিটার উচ্চতার ভারতের জাতীয় প্রতীক অশোক স্তম্ভের উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। প্রায় ১০০% বিশুদ্ধ ব্রঞ্জের তৈরি এই স্তম্ভটির ওজন ১৬,০০০ কেজি। ৬ মাসেরও বেশি সময় ধরে, দেশের বিভিন্ন প্রান্ত থেকে ১০০ জনেরও বেশি কারিগর এই প্রতীকটির নকশা, কারুকাজ ও ঢালাইয়ের কাজ করেছেন। অশোক স্তম্ভটিতে ৪টি সিংহের মূর্তি বৃত্তাকারে সজ্জিত রয়েছে। তার নীচে বেদিতে রয়েছে একটি হাতি, একটি ছুটন্ত ঘোড়া ও একটি ষাঁড়ের ছবি। আর এই তিন পশুর মাঝে রয়েছে একটি করে ধর্ম চক্র।

❑ 'ইন্টারন্যাশনাল ক্রিকেট কাউন্সিল'এর বিচারে, 'জুনের সেরা পুরুষ খেলোয়াড়'এর সম্মান পেলেন ইংল্যান্ডের ব্যাটার জনি বেয়ারস্টো। অন্যদিকে, 'জুনের সেরা মহিলা খেলোয়াড়'এর সম্মান পেলেন দক্ষিণ আফ্রিকার ব্যাটার মারিজানে কাপ।

এরপর আগামী সপ্তাহে

সঙ্কলক : পল্লবী দেওয়ান

# সরকারি চাকরির সেরা প্রতিষ্ঠান অ্যাকাডেমিক অ্যাসোসিয়েশন

## WBCS-2023-এর নতুন ব্যাচে ভর্তি চলছে। ক্লাস শুরু 31st July, 2022

### WBCS 2019




স্থানাভাবে সি ও ডি গ্রুপের ছবি দেওয়া গেল না

**অপশনাল ব্যাচে ভর্তি চলছেঃ অ্যানথ্রোপলজি, ভূগোল, ইতিহাস, সাইকোলজি**

## নিজের কেরিয়ারকে কোনো প্রতিষ্ঠানের হাত সঁপে দেওয়ার আগে দশবার ভাবতে হবে

গ্রাজুয়েশন, বি. এড বা মাস্টারসের্র পরীক্ষা শেষের মুখে। এবার শুরু করতে হবে চাকরীর জন্য পড়াশুনা। প্রতিযোগীতামূলক এই পরীক্ষার ধরন এবং ফর্মাট একেব্যারেই আলাদা। স্কুল কলেজের পড়াশুনার সঙ্গে এর কোনো মিলই নেই। কলেজ লেভেলে শুধুমাত্র দু'চারটি বিষয় পড়তে হয়। এখানে কিন্তু পড়তে হয় দশ-বারোটি বিষয়। সুতরাং প্রস্তুতি নেওয়ার জন্য বদল করতে হয় দৃষ্টিভঙ্গী। নতুন পন্থা বা আঙ্গিকে পড়াশুনা করা দরকার। যার জন্য প্রয়োজন সঠিক গাইড, যে দিতে পারবে প্রস্তুতির এক সর্বাঙ্গীন দিশা ও সাফল্যের রসায়নের ঠিকানা।

সকলের মনে এখন প্রশ্ন হল চাকরির পরীক্ষার প্রস্তুতি শুরু করতে চাইলে সর্বাগ্রে কী করা উচিৎ? চাকরির হদিশ পেতে এমন কোন দক্ষ কাউন্সেলারকে দরকার যিনি কোন প্রার্থীকে কাউন্সেলিং করে বাতলে দেবেন সঠিক পথের সন্ধান। উদাহরণ হিসাবে বলা যেতে পারে কেউ অঙ্কে কাঁচা, কেউ বা ইংরেজিতে, কেউ আবার মুখস্থ বিদ্যায় পারদর্শী, কেউ হয়তো বুঝে বুঝে পড়ে। বিভিন্ন ধরনের বৈশিষ্ট্যপূর্ণ পরীক্ষার্থীদের end এক হতে পারে, কিন্তু means কখনই এক নয়। এ কথা অনস্বীকার্য যে ভুবনায়নের ফলে বেসরকারি ক্ষেত্রে চাকরির দরজা খুলে গেছে। এই ক্ষেত্রে অর্থ এবং গ্ল্যামার থাকলেও তা তারুণ্যকে নিংড়ে নেয়। সবদিক দিয়ে বিবেচনা করে দেখলে, সরকারি চাকরির কোন বিকল্প হয় না। এখানে রয়েছে চাকরির মর্যাদা, স্থায়িত্ব ও নিরাপত্তা, বেতনও যথেষ্ট হ্যান্ডসাম। পরিসংখ্যান বলছে গ্রামবাংলার ছেলেমেয়েরা ইংরাজীতে একটু দুর্বল হয়। তাদের ক্ষেত্রে পি.এস.সি পরিচালিত পরীক্ষাগুলিকেই টার্গেট করা উচিৎ, কেননা কেন্দ্রীয় সরকারের (যেমনঃ সি.জি.এল, সি.এইচ.এস.এল, সি.ডি.এস., রেল, ব্যাঙ্ক) চাকরির পরীক্ষায় প্রার্থীকে ইংরাজী ও অঙ্কে পারদর্শী হতে হয়। এখন স্পেশালাইজেশনের যুগ। তাই একটি নিয়েই লেগে থাকা ভাল। পি.এস.সি. দশম শ্রেণি উত্তীর্ণদের জন্য ক্লার্কশিপ পরীক্ষা নেয়। তাছাড়া গ্র্যাজুয়েটদের জন্য রয়েছে মিসলেনিয়াস, পুলিশ সাব-ইন্সপেক্টর এবং ডব্লুবিসিএস—এই সকল পরীক্ষাগুলি একই ধরনের। তাই ডব্লুবিসিএস এর জন্য প্রস্তুতি নিলে অন্যান্যগুলির জন্য আলাদা করে পড়ার প্রয়োজন হয় না। ডব্লুবিসিএস যে ভীষণ কঠিন পরীক্ষা, এই ধারণা কিন্তু একদমই ভুল। ডব্লুবিসিএস এ সাফল্য লাভের জন্য দরকার কার্যকরী পরিকল্পনা ও সঠিক গাইডেন্স। এই কার্যকরী পরিকল্পনা রচনা করা একজন নতুন ছাত্রের পক্ষে কোন মতেই সম্ভব নয়। তাছাড়া সঠিক গাইডেন্সের অভাব বড়ই প্রকট। ডব্লুবিসিএস এর গাইডেন্স দিতে পারে তারাই যারা এই পরীক্ষায় সফল হয়েছে। যারা কোনদিন ডব্লুবিসিএস পরীক্ষায় বসেনি তাদের দ্বারা কী এই পরীক্ষায় সাফল্য লাভের কার্যকরী গেম প্ল্যান রচনা সম্ভব। ত্রিস্তরীয় এই পরীক্ষাটির প্রত্যেকটি স্তরে নির্দিষ্ট মানের নম্বর পেতে হয়, তার জন্য বিন্যাস সমবায় যাই হোক না কেন। একজন দক্ষ এবং কুশলী গাইড ছাত্রছাত্রীদের জন্য ফুল-প্রুফ এবং ফলপ্রসূ পরিকল্পনার সন্ধান দিতে পারে যার দ্বারা পরীক্ষার্থী অতি সহজেই ডব্লুবিসিএস - এ সাফল্য লাভ করতে পারে। আবারও জানানো হচ্ছে ডব্লুবিসিএস কিন্তু মোটেই কঠিন পরীক্ষা নয়। নিষ্ঠা ও অধ্যাবসায় থাকলেই চলবে, বাকীটা গাইডের কাজ। ডব্লুবিসিএস কাউকে খালি হাতে ফেরায় না। লেগে থাকলে চাকরি হবেই। ডব্লুবিসিএস না হলেও মিসলেনিয়াস কিংবা নিদেনপক্ষে ক্লার্কশীপ।

এবার আপনাদের সিদ্ধান্ত নেওয়ার পালা। নিতে হবে সঠিক সিদ্ধান্ত। মনে রাখতে হবে কোন ছাত্র বা ছাত্রী যদি কোন প্রতিষ্ঠানে ভর্ত্তি হয়, তখন কিছু অর্থের পাশাপাশি নিজের মহামূল্যবান কেরিয়ারটাও ওই প্রতিষ্ঠানের হাতে সঁপে দিয়ে আসে। বিচার করে দেখতে হবে প্রতিষ্ঠানটি এই গুরুদায়িত্ব পালনে সক্ষম কিনা। হাজার হাজার চাকরি প্রার্থী উদভ্রান্তের মত চটকদার বিজ্ঞাপনে প্রলুব্ধ হয়ে অন্তঃসারশূন্য কোচিং সেন্টারে নিজের কেরিয়ার তথা জীবনকে সঁপে দেয়। ফলে সময়, অর্থ ও শ্রম সবই নষ্ট হয়। উপরি পাওনা হতাশা ও ব্যর্থতা। এইভাবে কত শত ছাত্রছাত্রীর যে ভবিষ্যৎ নষ্ট হয়েছে তা বলার অপেক্ষা রাখে না। দূরবর্তী গ্রাম-বাংলার ছেলেমেয়েদের অবস্থা খুবই শোচনীয়। তাদের না জোটে সঠিক গাউডেন্স, না মেলে ভালো নোটপত্র। তাই চাকরির ফাইনাল লিস্টে কলকাতা বা তৎসংলগ্ন শহরগুলির ছাত্রছাত্রীদের সংখ্যাধিক্য লক্ষ্য করা যায়।

চাকরির প্রস্তুতি শুরু করার আগে দক্ষ এবং অভিজ্ঞ ব্যক্তিত্বকে দিয়ে কেরিয়ার কাউন্সেলিং করিয়ে নিতে যোগাযোগ করতে পারেন নীচের ঠিকানায়। ডব্লুবিসিএস অফিসার এবং ডব্লুবিসিএস বিশেষজ্ঞরা থাকবেন আপনার সহায়তায়। সুতরাং আর দেরী নয়। নিজের কেরিয়ারকে কোন প্রতিষ্ঠান বা ভাগ্যের (পড়ুন দুর্ভাগ্যের) হাতে সঁপে না দিয়ে জেনে নিন কোন চাকরিটা অপেক্ষা করছে আপনার জন্য। আর তার রাস্তাটাই বা কী?

সামিম স্যারের কাছে কেরিয়ার কাউন্সেলিং-এর জন্য প্রদত্ত নম্বরে নাম নথিভুক্ত করুন। যোগাযোগ 9674478644

## WBCS-2022
## MAINS MOCK TEST SERIES

মকটেস্ট শুরু: 14 August, 2022

**কোর্সটিতে রয়েছে**

- ১০০ নম্বরের সিলেবাস ভিত্তিক ২০টি মকটেস্ট (অঙ্ক এবং জি.আই.-এর সমাধান সহ)
- CA রাউন্ড আপ এবং 1000+MCQ
- প্রায় ৮০০ পৃষ্ঠার মেনস্ মকটেস্টের একটি বই (Published by Mc. Graw Hill)
- S&T, EVS & GK-এর কোয়েশ্চন ব্যাঙ্ক

### MOCK TEST SCHEDULE FOR WBCS MAINS 2022

| VSTs | Date | Subject |
|---|---|---|
| 1 | 14.08.22 | BENG/URDU/HINDI |
| 2 | 21.08.22 | ENG |
| 3&4 | 28.08.22 | HIST & GEO |
| 5&6 | 04.09.22 | S&T,EVS, GK, CA |
| 7&8 | 11.09.22 | IP & ECO |
| 9&10 | 18.09.22 | MATH & GI |

| VSTs | Date | Subject |
|---|---|---|
| 11&12 | 16.10.22 | HIST & GEO |
| 13&14 | 06.11.22 | S&T,EVS, GK, CA |
| 15&16 | 13.11.22 | IP & ECO |
| 17&18 | 20.11.22 | MATH & GI |
| 19 | 27.11.22 | BENG/URDU/HINDI |
| 20 | 11.12.22 | ENG |

Avail 10% discount on WBCS Mains Mock Test Series 2022. Offers valid upto **31st July, 2022**

To register please visit our website : www.academicassociation.com

**Mock Centre**
- College Street - 9674478644
- Berhampur - 9474582569
- Jhargram - 7548992359
- Barasat - 9073587432
- Darjeeling - 9832041123
- Uluberia - 9051392240

MAINS 2021 & Prelim 2022 Included






NOW AVAILABLE






**ICDS-এর ইন্টারভিউ ব্যাচে ভর্তি চলছে**

## WBCS-2023-এর নতুন ব্যাচে ভর্তি চলছে। ক্লাস শুরু 31st July, 2022

# ACADEMIC ASSOCIATION

H.O. : 2, Surya Sen Street (College Square), Kolkata - 12

Website : www.academicassociation.com

(033)79650408
9038786000
9674478644
9635147621

আর নয় ব্যাঙ্গালোর
পশ্চিমবঙ্গে থেকে GNM মাত্র 4.5 লক্ষ
এবং B.Sc. নার্সিং 5 লক্ষ টাকা।

SAMRIDDHI
INSTITUTE OF NURSING
WBNC, WBUHS অনুমোদিত এবং INC APPLIED

স্কলারশিপ-এর সুবিধা

CREDIT CARD
LOAN FACILITY
&
SWAMI VIVEKANANDA
SCHOLARSHIP

For Admission
9123674204 / 9874659030 / 7980336694

নিজস্ব HOSPITAL এ প্র্যাকটিক্যাল

এই প্রথম
বর্ধমান শহরে
NURSING COLLEGE

ADMISSION
OPEN



For Branch Enquiry : 9836238876

সরাইটিকর, গোলাপবাগ, রাজবাটি, পূর্ব বর্ধমান

## আশা কর্মী

১ পাতার পর

ডিভিশনের অধীন ব্লকের উপস্বাস্থ্য কেন্দ্রে কাজের জন্য 'আশা' কর্মী পদে কিছু তরুণী নেওয়া হচ্ছে। মাধ্যমিক পাশ বা, মাধ্যমিকে অকৃতকার্য বিবাহিতা, বিধবা বা, বিবাহবিচ্ছিন্না মহিলারা আবেদন করতে পারেন। উচ্চশিক্ষাগত যোগ্যতার মহিলারা মাধ্যমিকের সার্টিফিকেট দিয়ে দরখাস্ত করতে পারবেন। বয়স হতে হবে ১-৭-২০২২'এর হিসাবে সাধারণ প্রার্থীদের বেলায় ৩০ থেকে ৪০ বছরের মধ্যে। তপশিলীদের বেলায় বয়স হতে হবে ২২ থেকে ৪০ বছরের মধ্যে। প্রার্থীকে সংশ্লিষ্ট গ্রাম ও উপস্বাস্থ্য কেন্দ্রের স্থায়ী বাসিন্দা হতে হবে।

কোন ব্লকে ক'টি শূন্যপদ তা ওয়েবসাইটে পাবেন। দরখাস্ত করার শেষ তারিখ ২৬ জুলাই। এই ওয়েবসাইটে : http://north24parganas.gov.in আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## বোগরি রোড হল্ট স্টেশনে হল্ট এজেন্ট নিয়োগ

দক্ষিণ-পূর্ব রেলের পিয়ারডোবা ও গড়বেতা স্টেশনের মধ্যে বোগরি রোড হল্ট স্টেশনে হল্ট এজেন্ট নেওয়া হচ্ছে। অসংরক্ষিত টিকিট, প্লাটফর্ম টিকিট ও সিজিন টিকিট বিক্রি করার জন্য কমিশনভিত্তিক কাজ। মাধ্যমিক পাশরা অন্তত ১৮ বছর বয়স হলে যোগ্য। বোগরি রোড হল্ট স্টেশনের অধীন এলাকায় স্থানীয় বাসিন্দা হতে হবে।

দরখাস্ত করবেন নির্দিষ্ট ফর্মে। দরখাস্তের ফর্ম-সহ বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.ser.indianrailways.gov.in দরখাস্ত জমা দেওয়ার শেষ তারিখ ৩ আগস্ট। এই ঠিকানায় : সিনিয়র ডিভিশনাল কমার্শিয়াল ম্যানেজার, আদ্রা ডিভিশন।


সরকারী স্বীকৃত Sanitary Inspector কোর্স ও DMLT কোর্সে ভর্তি চলছে

- Advance Diploma in Sanitary Inspector (1 year)
- Diploma in Medical Laboratory Technology (2 years)

উপরে উল্লিখিত কোর্স ছাড়া SWM ও অন্যান্য স্বাস্থ্য সংক্রান্ত শর্ট কোর্সেও ভর্তি চলছে

যোগ্যতা : SI (H.S & Computer Basic), DMLT (H.S-Science)

শিক্ষান্তে সরকারী ও বেসরকারী ক্ষেত্রে কাজের সুযোগ যেমন — রেল Cantonment Board, পৌরসভা, পৌরনিগম, Port (Air & Sea), DVC, Medical Colleges, AIIMS, Pathological Lab ও অন্যান্য ক্ষেত্রে

IIHT 226 B. B. Ganguly Street Bowbazar, Kol-700012
7003224427, 9051260924, 9836396734
Website : www.iiht.in (11 AM to 4 PM)

সবচেয়ে কম খরচে হোটেল ও হসপিটালিটি ম্যানেজমেন্ট

- ভর্তির সময় লিখিত JOB গ্যারান্টি পেপার
- কোর্স চলাকালীন কোর্স ফি ফেরত
- হোস্টেল ফ্রি

ডিগ্রি - Rs. 1,50,000
ডিপ্লোমা কোর্স ফি - Rs. 22,500 to Rs. 60,500

বিদেশ ও ক্রুজে চাকরি পাওয়ার সুযোগ
www.bshm.co.in
গড়িয়া 9836046860

GEORGE GROUP OF COLLEGES
Unit of The George Telegraph Group
CAMPUSES: SEALDAH | TARATALA | MAHESHTALA | NARENDRAPUR | KONNAGAR

#Hopefortomorrow www.georgecollege.org | 25 কোর্স | 5 ক্যাম্পাস | 7500+ প্লেসমেন্ট | 90+ বিশ্ববিদ্যালয় মেডেল

চাকরিমুখী কোর্সে ভবিষ্যত গড়ুন

Degree Courses under MAKAUT | All courses are approved by UGC

Health Care
- ✓B.Sc in Medical Lab Technology
- ✓Bachelor in Medical Lab Technology
- ✓Bachelor in Clinical Optometry
- ✓BBA in Hospital Management
- ✓Masters in Optometry
- ✓Masters in Clinical Psychology
- ✓P.G. Diploma in Psychological Counselling

Information Technology
- ✓Bachelor in Computer Application (BCA)
- ✓M.Sc in Computer Science
- ✓Bachelor in Hardware & Networking

Media & Communication
- ✓Bachelor in Media Science
- ✓Bachelor in Multimedia, Animation & Graphics
- ✓B.Sc in VFX Film Making

Technology
- ✓Bachelor in Automobile Servicing Technology
- ✓Bachelor in Electronic Manufacturing Services

Management
- ✓Business Administration (BBA)
- ✓Bachelor in Sports Management
- ✓Bachelor in Travel & Tourism Management

approved by Bar Council of India
5 year B.A.LL.B affiliated to University of Calcutta
3 year LL.B affiliated to University of Burdwan

NCTE approved 2 year courses
B.Ed. affiliated to WBUTTEPA
D.El.Ed. affiliated to WBBPE

☎ 033 4181 6622 / 4181 6633

কেরিয়ার গড়ে উঠুক
প্রকৃতির হাতে, প্রযুক্তির সাথে

JIS UNIVERSITY | JIS GROUP Educational Initiatives



উচ্চমাধ্যমিক উত্তীর্ণ শিক্ষার্থীদের জন্য JIS UNIVERSITY তাদের পাঠ্যক্রমে নিয়ে এসেছে এক অভিনব সংযোজন। কৃষি প্রযুক্তি বিজ্ঞানের মাধ্যমে দেশের এবং নিজের ভবিষ্যত উজ্জ্বল করার এক সুবর্ন সুযোগ।

Upto 100% Scholarship Available

Accreditations, Affiliations & Approvals: UGC | ICAR | AICTE

ভর্তি চলছে ২০২২

JIS UNIVERSITY
School of Agricultural Sciences
B.Sc কৃষি বিজ্ঞান (অনার্স) (4 বছর) [ICAR সিলেবাস অনুযায়ী]
62913 20657 | 72783 57829
যোগ্যতা: বিজ্ঞান ও ভোকেশনাল এগ্রিকালচার কোর্সের সাথে উচ্চমাধ্যমিক পাশ

JIS COLLEGE OF ENGINEERING
B. Tech (এগ্রিকালচার ইঞ্জিনিয়ারিং) (4 বছর) [AICTE দ্বারা স্বীকৃত এবং MAKAUT - এর সাথে সংযুক্ত]
87773 41448 | 84209 34826
যোগ্যতা: পদার্থবিদ্যা, রসায়ন, গণিত./ WBJEE/CEE-AMPAI-WB-22 সহ উচ্চমাধ্যমিক পাশ

নিয়োগক্ষেত্র ও সম্ভাবনা
- রাষ্ট্রায়াত্ব ব্যাঙ্ক (ফিল্ড অফিসার, প্রবেশনারি অফিসার, সহকারী)
- কেন্দ্র ও রাজ্য সরকারে বিশেষ আধিকারিক (ADA, ফুড সেফটি, FCI ওয়্যারহাউস কর্পোরেশন, NABARD, FSSAI, উৎপাদন কেন্দ্র সুরক্ষা, ভূমি সংরক্ষণ ইত্যাদি)
- কর্পোরেট ক্ষেত্র, কৃষি-রাসায়নিক, খাদ্য প্রক্রিয়াকরণ, জৈব সার, (বীজ উৎপাদন, মাইক্রোবায়াল সার সংস্থা ইত্যাদি)
- অগ্রণী সমাজকল্যাণমূলক সংস্থায় বিশেষ আধিকারিক
- প্রযুক্তি আধিকারিক / ইঞ্জিনিয়ার (কৃষি-যান্ত্রিক, ট্রাক্টর ও পাওয়ার টিলার, কৃষি নির্ভর সংস্থা)
- উচ্চশিক্ষার সুযোগ (M.Sc, Ph.D, ICAR প্রতিষ্ঠানে শিক্ষা ও গবেষণা)
- কৃষি-উদ্যোগী, রাজ্য ও কেন্দ্র সরকারের সহায়তায়

সুবিধা এবং পরিকাঠামো
- বিস্তৃত ক্যাম্পাস, সুসজ্জিত ল্যাবরেটরি ও লাইব্রেরি সহ স্মার্ট ক্লাসরুম
- ট্রাক্টর, পাওয়ার টিলার ইত্যাদি কৃষি সরঞ্জাম দিয়ে সজ্জিত ফার্ম ওয়ার্কশপ
- ফিল্ড প্র্যাকটিস ও গবেষণার জন্য ক্যাম্পাসের অধীনেই বিশাল কৃষিজমি
- বিশেষজ্ঞ শিক্ষকমন্ডলী এবং ভিজিটিং ফ্যাকাল্টি
- কর্পোরেট সেক্টরের সাথে হাতে-কলমে প্রশিক্ষণ ও জাতীয় এবং বহুজাতিক সংস্থায় শিল্প প্রশিক্ষণ (বীজ, সার ও কীটনাশক)
- প্রতিযোগিতামূলক পরীক্ষার জন্য কোচিং-এর সুবিধা
- KVK, ICAR ইনস্টিটিউটে (NDRI, IVRI, আয়ুর্বেদা ইনস্টিটিউট, ইত্যাদি) একাধিকবার কৃষিক্ষেত্র পরিদর্শন
- ছেলে ও মেয়েদের জন্য সুসজ্জিত হস্টেল

PLACEMENT TRAINING FROM DAY 1 | Block A, Phase-III, Kalyani - 741235 | APPLY NOW www.jisgroup.org

# কল্যাণী বিশ্ববিদ্যালয় স্বীকৃত কৃষিবিজ্ঞান কোর্স করে চাকরির সুযোগ

ভারত-সহ আন্তর্জাতিক বাজারে কৃষি-শিল্প ও সহযোগীক্ষেত্রে উপযুক্ত প্রশিক্ষিত পেশাদারের চাহিদা সর্বত্র। এই বৃহৎ কর্মক্ষেত্রের উপযোগী পেশাদার তৈরির লক্ষ্যে কল্যাণী বিশ্ববিদ্যালয়ের স্বীকৃতি নিয়ে শুরু হয়েছে কৃষিবিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সুসংহত ডিপ্লোমা ও পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স যা পশ্চিমবঙ্গে প্রথম। বর্তমানে প্রচলিত কৃষিভিত্তিক আলাদা আলাদা ধরনের কোর্সগুলি আসলে নিয়োগ ক্ষেত্রকে সঙ্কুচিত করে। তাই দক্ষ ও উদ্যোগী যুবসমাজের সামনে আরো বৃহত্তর কর্মক্ষেত্রে নিজেকে প্রবেশ করানোর সুযোগ করে দেবে এই ৫টি সুসংহত ডিপ্লোমা ও সার্টিফিকেট কোর্স : **(১) ডিপ্লোমা ইন ভেটেরিনারি সায়েন্সেস অ্যান্ড অ্যানিমাল হাজবেন্ড্রি**। সময়সীমা : ২ বছর সঙ্গে ৬ মাস ইন্টার্ণশিপ। যোগ্যতা : উচ্চমাধ্যমিক পাশ। **(২) ডিপ্লোমা ইন অ্যাগ্রিকালচারাল সায়েন্স অ্যান্ড ম্যানেজমেন্ট**। সময়সীমা : ২ বছর সঙ্গে ৩ মাস ইন্টার্ণশিপ। যোগ্যতা : উচ্চমাধ্যমিক পাশ। **(৩) পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন ক্রপ প্রোডাকশন অ্যান্ড প্ল্যান্ট হেলথ ম্যানেজমেন্ট**। সময়সীমা : ২ বছর সঙ্গে ৩ মাস ইন্টার্ণশিপ। যোগ্যতা : যে কোনো শাখার গ্র্যাজুয়েট। **(৪) ডিপ্লোমা ইন অ্যাগ্রিকালচারাল এক্সটেনশন সার্ভিসেস ফর ইনপুট ডিলার্স**। সময়সীমা : ১ বছর যোগ্যতা : মাধ্যমিক পাশ। এই কোর্সটি সারের লাইসেন্স পাওয়ার ক্ষেত্রে অগ্রগণ্য। **(৫) সার্টিফিকেট ইন মাশরুম কাল্টিভেশন অ্যান্ড স্পন প্রোডাকশন**। সময়সীমা : ৩ মাস। যোগ্যতা : মাধ্যমিক পাশ।

কোর্স শেষে সার্টিফিকেট দেবে কল্যাণী বিশ্ববিদ্যালয়। সরকারি ও অধীনস্ত দপ্তরে আছে চাকরির সুযোগ। এছাড়া বেসরকারি দেশীয় / আন্তর্জাতিক কৃষি-শিল্প ও সহযোগী কোম্পানিতেও উচ্চপদে চাকরির সুযোগ আছে। পাশাপাশি সরকারি লাইসেন্স নিয়ে আছে স্বাধীন ব্যবসার সুযোগ (বীজ ও রাসায়নিক সার, জৈব সার ও রোগ পোকা নিবারণের ওষুধ)। কোর্স শেষে থাকবে ১০০% নিয়োগ সহায়তা। ভর্তি শুরু হয়েছে। আসন সংখ্যা সীমিত। সত্বর যোগাযোগ : Susrijo Institute of Agricultural Science, Technology and Management, WEBEL IT PARK (IT & E Department, Govt. of West Bengal), Krishnagar, Nadia, (Beside Krishnanagar Horticulture Department). Ph.: 8250155379, 9832015253 Website : www.siastm.org

# জীবন গড়ার পথ দেখাল জর্জ টেলিগ্রাফের প্লেসমেন্ট ফেয়ার



**নিজস্ব প্রতিনিধি, কলকাতা :** অতিমারির আবহেও ১৪ জুলাই জর্জ টেলিগ্রাফের শিয়ালদহ'এর মেইন ক্যাম্পাসে প্লেসমেন্ট ফেয়ারের আয়োজন করেছিল 'দ্য জর্জ টেলিগ্রাফ ট্রেনিং ইনস্টিটিউট'। রিলায়েন্স, জিও ইনফোকম, টাটা, ডাইকিন, উষা ইন্টারন্যাশনাল, হোন্ডা-সহ ১০০টিরও বেশি সংস্থা এই প্লেসমেন্ট ফেয়ারে অংশ নিয়ে সরাসরি ইন্টারভিউয়ের মাধ্যমে প্রার্থী বাছাই করে। জর্জ টেলিগ্রাফের বিভিন্ন ট্রেডের ৫০০'র বেশি ছাত্রছাত্রী এই প্লেসমেন্ট শিবিরে অংশ নেন।

আনুষ্ঠানিক ভাষণে দ্য জর্জ টেলিগ্রাফ গ্রুপের ম্যানেজিং ডিরেক্টর সুব্রত দত্ত জানান, 'রাজ্য কারিগরি শিক্ষা দফতরে ড. হুমায়ুন কবীর দায়িত্ব নেওয়ার পর কারিগরি শিক্ষার ক্ষেত্রে আলোড়ন এসেছে। আমরা রাজ্য সরকারের কারিগরি দফতরের সঙ্গে একসঙ্গে কাজ করতে চাই। রাজ্য সরকারের কারিগরি শিক্ষা দফতরের সঙ্গে আমাদের নানা কোর্সে সমঝোতা চুক্তি হয়েছে। আমরা চাই সরকারের সঙ্গে আমাদের বন্ধন অটুট থাকুক। তিনি আরো জানান, জর্জ টেলিগ্রাফের লক্ষ্য হল সব শিক্ষার্থীদের চাকরির ব্যবস্থা করা ও তাদের জীবনযাত্রার মান উন্নত করা ও শিল্পের বিকাশে সাহায্য করা। কারিগরি শিক্ষায় জর্জের ঐতিহ্যর সঙ্গে জড়িত এই প্রতিষ্ঠানের গোটা পূর্ব ভারত জুড়ে অসামান্য প্লেসমেন্ট রেকর্ড। আমার 'সবার জন্য চাকরি' এই জাতীয় লক্ষ্যকে মান্যতা দিই ও সেই লক্ষ্য পূরণ করতে আমরা বদ্ধপরিকর। তিনি আরো জানান, এই প্লেসমেন্ট ফেয়ারের সবথেকে বড় বৈশিষ্ট্য হল, যেসব কোম্পানি থেকে প্রতিনিধিরা এসেছেন, তাঁরাই ছিলেন আমাদের প্রাক্তন ছাত্রছাত্রী। এটা আমাদের কাছে একটা গর্বের বিষয়।'

এখানে নানা ধরনের কারিগরি প্রশিক্ষণ দেওয়া হয়। নতুন কোনো কোর্স চালু করার আগে তার চাকরির সম্ভাবনা খতিয়ে দেখা হয় ও তার জন্য আমাদের কর্পোরেট সেল রয়েছে। ১৯২০ সালে শুরু হওয়ার পর, কলকাতার শিয়ালদহ একটা মাত্র শাখা থেকে এখন ৭০টার বেশি প্রশিক্ষণ কেন্দ্র রয়েছে ও সব কেন্দ্রে ২৫,০০০ শিক্ষার্থী লেখাপড়া করছে।

অনুষ্ঠানে পশ্চিমবঙ্গ সরকারের টেকনিক্যাল এডুকেশন ও ট্রেনিং আর স্কিল ডেভেলপমেন্টের মন্ত্রী ড. হুমায়ুন কবীর বলেন, 'দেড় বছর এই দফতরে কাজের দায়িত্ব নেওয়ায় উপলব্ধি করেছি কারিগরি শিক্ষাই আগামী দিনের ভবিষ্যৎ। কৃষি আমাদের মূল ভিত্তি হলেও চাষের জমির পরিমাণ বাড়ছে না। বরং শিল্পক্ষেত্রে অনেক কিছু করার সুযোগ রয়েছে। আর এই ক্ষেত্রে দরকার দক্ষ ছেলে-মেয়ে। নিজেদের দক্ষ করে তুলতে পারলে কাজের অভাব হবে না।'

বিভাগীয় মন্ত্রী দেশের কারিগরি শিক্ষার দিশারী জর্জ টেলিগ্রাফ ট্রেনিং ইনস্টিটিউটের কাজের ভূয়সী প্রশংসা করে জানান, আজ থেকে ১০২ বছর আগে এই সংস্থার প্রতিষ্ঠাতা দেশের যুবদের কর্মসংস্থানের জন্য কারিগরি শিক্ষার কথা ভেবে কারিগরি প্রশিক্ষণ চালু করেন। তিনি ছিলেন অসম্ভব দূরদৃষ্টি সম্পন্ন মানুষ। শতাব্দীর প্রাচীন এই প্রতিষ্ঠান বাংলার গর্ব। জর্জ টেলিগ্রাফ নিজেদের প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের চাকরির জন্য ব্যক্তিগত উদ্যোগে যেমন প্লেসমেন্ট ফেয়ার করছে, তেমনি সরকারি উদ্যোগেও প্লেসমেন্ট ফেয়ার করা হচ্ছে এই মাস থেকে। ২৯ জুলাই হবে শিলিগুড়ি ও পরের মাসে হবে বহরমপুর। এভাবে নানা জায়গায় প্লেসমেন্ট ফেয়ার হবে। রাজ্যের নানা আইটিআই, পলিটেকনিক, ভোকেশন্যাল কোর্সের ছাত্র-ছাত্রীদের নানা কোম্পানি এসে বাছাই করে চাকরি দেবে। এই ধরনের প্লেসমেন্ট ফেয়ারের মাধ্যমে ৩০,০০০ ছেলে-মেয়েকে চাকরি দেওয়ার পরিকল্পনা নেওয়া হয়েছে।

কারিগরি মন্ত্রী আরো জানান, এই মুহূর্তে রাজ্যে ১৯৮টা সরকারি আইটিআই, ১৮৫টা পলিটেকনিক ও ৬০০০ ভোকেশন্যাল ট্রেনিং ইনস্টিটিউটের মাধ্যমে কারিগরি ও স্বল্পমেয়াদী বৃত্তিমূলক প্রশিক্ষণ দেওয়া হয় নানা বিষয়ে। ২০১৬ সালে চালু হওয়া 'উৎকর্ষ বাংলা' প্রকল্পের মাধ্যমে বৃত্তিমূলক শিক্ষার কর্মসূচি চলে। নানা শিল্পসংস্থার চাহিদা অনুযায়ী কারিগরি শিক্ষার নানা কোর্সের পাঠ্যক্রম তৈরি করা হচ্ছে। কারণ শিল্পসংস্থা সবসময়ে চায় তাদের কাজের উপযোগী দক্ষ লোক। এজন্য শিক্ষার্থীদের প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ হতে হবে। রাজ্য সরকারের লক্ষ্য কারিগরি শিক্ষার মাধ্যমে অল্পমেধাবী ও মাঝারি মানের ছেলে-মেয়েদের কর্মসংস্থানের ব্যবস্থা করা। এই অনুষ্ঠানে জর্জ টেলিগ্রাফের বিভিন্ন বিভাগের আধিকারিকরাও হাজির ছিলেন। তাঁরা কৃতী ছাত্রছাত্রীদের উত্তরীয় পড়িয়ে সম্মান জানান।

# কয়েকশো লেকচারার

১ পাতার পর

গাণিতিক বিজ্ঞান, ইঞ্জিনিয়ারিং সায়েন্স, আর্থ, অ্যাটমোস্ফিয়ারিক, ওশান ও প্ল্যানেটরি সায়েন্স বিষয় নিয়ে এম. এসসি. কোর্স পাশ ছেলেমেয়েরা মোট অন্তত ৫৫% (তপশিলী, শারীরিক প্রতিবন্ধী, দৃষ্টিহীন প্রতিবন্ধী ও ডক্টরেট ডিগ্রিপ্রাপ্ত প্রার্থীরা ১৯-৯-১৯৯১'এর আগে মাস্টার ডিগ্রি করে থাকলে ৫০%) নম্বর থাকলে আবেদন করতে পারেন। যাঁরা এবছর ওইসব শাখার এম. এসসি. বা, সমতুল কোর্সের ফাইনাল পরীক্ষা দিচ্ছেন, তাঁরাও আবেদনের যোগ্য।

জুনিয়র রিসার্চ ফেলোশিপের পরীক্ষার বেলায় বয়স হতে হবে ১-৭-২০২১'র হিসাবে ২৮ বছরের মধ্যে। তপশিলী, ও.বি.সি., শারীরিক প্রতিবন্ধী ও মেয়েরা বয়সে ৫ বছর ছাড় পাবেন। তবে লেকচারশিপ / অ্যাসিস্ট্যান্ট প্রফেসরের জন্য বয়সের কোনো কড়াকড়ি নেই। এই পরীক্ষায় পাশ করলে সরাসরি অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদের জন্য আবেদন করতে পারবেন বা, মাসিক স্টাইপেন্ড নিয়ে জুনিয়র রিসার্চ ফেলোশিপ নিয়ে পড়াশোনা চালাতে পারবেন। জুনিয়র রিসার্চ ফেলোশিপের বেলায় প্রথম ২ বছর স্টাইপেন্ড পাবেন মাসে ৩১,০০০ টাকা। এছাড়াও বার্ষিক অনুদান পাবেন ২০,০০০ টাকা। ২ বছর পর পিএইচ.ডি. হিসাবে নাম নথিভুক্ত করে থাকলে তখন সিনিয়র রিসার্চ ফেলোশিপ হিসাবে মাসে ৩৫,০০০ টাকা স্টাইপেন্ড পাবেন।

ফেলোশিপের জন্য যাঁরা এই পরীক্ষায় পাশ করবেন, তাঁরা অ্যাসিস্ট্যান্ট প্রফেসরের যোগ্যতা পাবেন। আর অ্যাসিস্ট্যান্ট প্রফেসরের পরীক্ষায় পাশ করলে জুনিয়র ফেলোশিপের যোগ্যতা পাবেন।

প্রার্থী বাছাই করবে 'ন্যাশনাল টেস্টিং এজেন্সি (এন.টি.এ.)'। ২০২২ সালের এই 'নেট' পরীক্ষা হবে সি.বি.টি. মোডে। দু'টি ধাপে পরীক্ষা হবে। প্রথম শিফটের পরীক্ষা হবে ৯টা থেকে ১২টা ও দ্বিতীয় শিফটের পরীক্ষা হবে ৩টা থেকে ৬টা। পূর্ব ভারতে এইসব কেন্দ্রে : কলকাতা, গুয়াহাটি, জামশেদপুর ও ভুবনেশ্বরে। পরীক্ষার তারিখ পরে জানানো হবে।

এই পরীক্ষায় থাকবে ৩টি পার্ট। ৩ ঘন্টার ২০০ নম্বরের লিখিত পরীক্ষায় অবজেক্টিভ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে (ব্রাকেটে সাবজেক্ট কোড দেওয়া হল) : (১) কেমিক্যাল সায়েন্স (সাবজেক্ট কোড ৭০১), (২) আর্থ, অ্যাটমোস্ফিয়ারিক, ওশান ও প্ল্যানেটরি সায়েন্স (সাবজেক্ট কোড ৭০২), (৩) লাইফ সায়েন্স (সাবজেক্ট কোড ৭০৩), (৪) ম্যাথমেটিক্যাল সায়েন্স (সাবজেক্ট কোড ৭০৪), (৫) ফিজিক্যাল সায়েন্স (সাবজেক্ট কোড ৭০৫)।

প্রশ্ন হবে ইংরিজি ও হিন্দি ভাষায়। প্রশ্নপত্র হবে ৩টি পার্টে। পার্ট-এ'তে থাকবে এইসব বিষয় : জেনারেল অ্যাপ্টিটিউট, লজিক্যাল রিজনিং, গ্রাফিক্যাল অ্যানালাইসিস, অ্যানালিটিক্যাল অ্যান্ড নিউমেরিক্যাল এবিলিটি, কোয়ান্টিটেটিভ কম্পারিজন, সিরিজ ফর্মেশন, পাজল ইত্যাদি।

পার্ট-বি'তে থাকবে বিষয়ভিত্তিক মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন। পার্ট-সি'তে থাকবে সায়েন্টিফিক কনসেপ্ট বিষয়ের জ্ঞান ও প্রয়োগ।

প্রথম ও দ্বিতীয় পার্টে প্রতিটি প্রশ্নের মান থাকবে ২ নম্বর আর তৃতীয় পার্টে প্রতিটি প্রশ্নের মান থাকবে ৪ নম্বর। প্রথম ও দ্বিতীয় পার্টে প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ০.৫ নম্বর কাটা যাবে। তৃতীয় পার্টে প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা যাবে।

**কেমিক্যাল সায়েন্সের বেলায়** প্রথম পার্টে ২০টি প্রশ্নের মধ্যে সর্বোচ্চ ১৫টি, দ্বিতীয় পার্টে ৪০টি প্রশ্নের মধ্যে সর্বোচ্চ ৩৫টি, তৃতীয় পার্টে ৬০টি প্রশ্নের মধ্যে সর্বোচ্চ ২৫টি অর্থাৎ, মোট ১২০টি প্রশ্নের মধ্যে ৭৫টি প্রশ্নের উত্তর দিতে হবে।

**আর্থ, অ্যাটমোস্ফিয়ারিক, ওশান ও প্ল্যানেটরি সায়েন্সের বেলায়** প্রথম পার্টে ২০টি প্রশ্নের মধ্যে সর্বোচ্চ ১৫টি, দ্বিতীয় পার্টে ৫০টি প্রশ্নের মধ্যে সর্বোচ্চ ৩৫টি, তৃতীয় পার্টে ৮০টি প্রশ্নের মধ্যে সর্বোচ্চ ২৫টি অর্থাৎ, মোট ১৫০টি প্রশ্নের মধ্যে ৭৫টি প্রশ্নের উত্তর দিতে হবে।

**লাইফ সায়েন্সের বেলায়** প্রথম পার্টে ২০টি প্রশ্নের মধ্যে সর্বোচ্চ ১৫টি, দ্বিতীয় পার্টে ৫০টি প্রশ্নের মধ্যে সর্বোচ্চ ৩৫টি, তৃতীয় পার্টে ৭৫টি প্রশ্নের মধ্যে সর্বোচ্চ ২৫টি অর্থাৎ, মোট ১৪৫টি প্রশ্নের মধ্যে ৭৫টি প্রশ্নের উত্তর দিতে হবে।

**ম্যাথমেটিক্যাল সায়েন্সের বেলায়** প্রথম পার্টে ২০টি প্রশ্নের মধ্যে সর্বোচ্চ ১৫টি, দ্বিতীয় পার্টে ৪০টি প্রশ্নের মধ্যে সর্বোচ্চ ২৫টি, তৃতীয় পার্টে ৬০টি প্রশ্নের মধ্যে সর্বোচ্চ ২০টি অর্থাৎ, মোট ১২০টি প্রশ্নের মধ্যে ৬০টি প্রশ্নের উত্তর দিতে হবে।

**ফিজিক্যাল সায়েন্সের বেলায়** প্রথম পার্টে ২০টি প্রশ্নের মধ্যে সর্বোচ্চ ১৫টি, দ্বিতীয় পার্টে ২৫টি প্রশ্নের মধ্যে সর্বোচ্চ ২০টি, তৃতীয় পার্টে ৩০টি প্রশ্নের মধ্যে সর্বোচ্চ ২০টি অর্থাৎ, মোট ৭৫টি প্রশ্নের মধ্যে ৫৫টি প্রশ্নের উত্তর দিতে হবে।

দরখাস্ত করবেন অনলাইনে, ১১ জুলাই থেকে ১০ আগস্টের মধ্যে। এই ওয়েবসাইটে : www.csirnet.nta.nic.in, www.nta.ac.in অনলাইনে দরখাস্ত করার আগে পাশপোর্ট মাপের ফটো (১০ থেকে ২০০ কেবির মধ্যে) ও সিগনেচার (৪ থেকে ৩০ কেবির মধ্যে) 'JPEG Format'এ স্ক্যান করে নেবেন।

প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করবেন। তখন সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন নম্বর নোট করে নেবেন। এবার স্ক্যান করা ফটো ও সিগনেচার আপলোড করবেন। তারপর পরীক্ষা ফী বাবদ ১,০০০ (ও.বি.সি.'দের বেলায় ৫০০, তপশিলী জাতি, তপশিলী উপজাতি ও তৃতীয় লিঙ্গের বেলায় ২৫০) টাকা ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, ইউ.পি.আই. বা, নেট ব্যাঙ্কিংয়ে জমা দেবেন, ১০ আগস্টের মধ্যে। প্রতিবন্ধীদের ফী লাগবে না। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। ফর্মে ভুল হয়ে থাকলে অনলাইনে সংশোধন করতে পারবেন ১২ আগস্ট থেকে ১৬ আগস্টের মধ্যে। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

লোন-লোন - নার্সিং পড়ার লোন
আমরা ভারত সরকারের "স্কীল ইন্ডিয়া" যোজনায় গ্যারান্টি সহকারে লোনের ব্যাবস্থা করি।
GNM নার্সিং, B.Sc নার্সিং, B.Sc প্যারামেডিক্যাল, B.Pharma/D. Pharma, সরাসরি ভর্তী চলছে
পশ্চিমবঙ্গ এবং ব্যাঙ্গালোরে পড়ানো হয়।

❖ দি অক্সফোর্ড মেডিক্যাল কলেজ
❖ এম.ভি.জে. মেডিক্যাল কলেজ
❖ বাসবেশ্বরা মেডিক্যাল কলেজ
❖ রয়্যাল স্কুল অফ নার্সিং
❖ সেন্ট জর্জ নার্সিং কলেজ
❖ কে.টি.জে নার্সিং কলেজ
❖ S.E.A কলেজ অফ নার্সিং
যোগাযোগ :- Dr. Asok Sen
নার্সিং ওয়ার্ল্ড কল্যাণী — মহাবিদ্যালয়ের সামনে 7596840256 // 6289605717
কলিকাতা — 2 Brabourne Road, Kol-700001
শাখা — আরামবাগ, দুর্গাপুর, নন্দীগ্রাম, জলপাইগুড়ি
Mob.:-7439194208 // 9748090754

# সমস্ত উচ্চমাধ্যমিক পাশ ছাত্রছাত্রীরা স্বল্প খরচে NURSING পড়ুন পশ্চিমবঙ্গের কলকাতাতে —

# MOTHER MARY INSTITUTE OF NURSING

## (M.R GROUP OF COLLEGES)

**Affiliated to WBNC, WBUHS, INC**

## GNM

Fees- 5.0 lakhs • Duration - 3 years

Eligibility- 10 + 2 • Any stream with 40% Marks

## B.Sc. Nursing

Fees- 5.9 lakhs • Duration - 4 years

Eligibility- 10 + 2 • With P.C.B. 45% Marks

### আমাদের পরিষেবা সমূহ

- আমাদের ৩৫০ বেড বিশিষ্ট নিজস্ব MR Hospital.
- ১২৫ বেড বিশিষ্ট নিজস্ব Binyak Multispeciality Hospital.
- পশ্চিমবঙ্গ সরকারের স্টুডেন্ট ক্রেডিট কার্ডের সুবর্ণ সুযোগ।
- আমাদের নিজস্ব হসপিটালে 100% ক্লিনিক্যাল প্র্যাক্টিস, ইনটার্নশিপ ও কর্মসংস্থানের সুযোগ।
- স্বামী বিবেকানন্দ স্কলারশিপ (SVMCM), নবান্ন স্কলারশিপ এর সুবিধা।

**Male GNM / B.Sc. Nursing**

Admission contact

6289638534

9832728877



## For Admission Seat Booking Contact Us

City Office and Hospital Campus : Dum Dum Sinthi More, Kolkata- 700050 Ph : 6289638534

College Campus : Nadibhag, Madhyamgram (Near Kolkata Airport), Kolkata- 700125

Phone No : 9903141993, 7890849794

Medinipur (East-West) & Jhargram Admission Office- 9832728877

# সাধারণ জ্ঞান

এখন সব রকমের চাকরির পরীক্ষায় সাধারণ জ্ঞান বিষয়ে প্রশ্ন আসছেই। দুঃখের কথা এ নিয়ে যতটা গুরুত্ব দেওয়া উচিত ছেলেমেয়েরা ততটা দেয় না। কেন? কারণ হিসাবে তারা বলছে এতবড় সিলেবাস, কোথা থেকে কী প্রশ্ন আসবে? কী ধরণের প্রস্তুতি নিলে সাধারণ জ্ঞান বিষয়েও কমন পাওয়া যাবে তা বুঝে ওঠা প্রায় অসম্ভব। এই সমস্যা সমাধানে এবার থেকে সাধারণ জ্ঞানের বিষয়ভিত্তিক ব্যাপারে জোর দিয়ে চাকরির উপযোগী পুরোপুরি নতুন ধরনের সম্ভাব্য প্রশ্নোত্তরের সেট দেওয়া হচ্ছে।

## সাধারণ বিজ্ঞান

১। পেরেকের ওপর হাতুড়ি মারা কোন বলের উদাহরণ — ঘাত বলের।

২। 'ব্রোমিন' কী — এক ধরণের তরল অধাতু।

৩। কোন মশাকে 'বাঘ মশা' বলে — এডিস মশা।

৪। বাষ্পমোচন হার মাপক যন্ত্রের নাম কী — গ্যানং'স পোটোমিটার।

৫। টাইফয়েড জীবাণুর আকৃতি কেমন — দণ্ডাকার।

৬। ক্যাপসিড আবরণের সব একককে কী বলে — ক্যাপসোমিয়ার।

৭। মিউকর কোন উৎসেচক উৎপন্ন করে — ডায়াস্টেজ উৎসেচক।

৮। বৃক্ক থেকে মূত্র মূত্রাশয়ে আসে কার মাধ্যমে — গবিনীর মাধ্যমে।

৯। চায়ের পাতায় কোন রেচন পদার্থ পাওয়া যায় — ট্যানিন।

১০। কে প্রথম কেঁচোকে 'কৃষকের বন্ধু'



বলেন — চার্লস রবার্ট ডারউইন।

## ইতিহাস

১১। 'আত্মীয় সভা' কে প্রতিষ্ঠা করেন — রাজা রামমোহন রায়।

১২। ব্রিটিশ সরকার কত সালে বঙ্গভঙ্গ খারিজ করেন — ১৯১১ সালে।

১৩। 'স্বাধীনতা হীনতায় কে বাঁচিতে চায়' কে লিখেছিলেন — রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়।

১৪। 'ভারতসভা' কে স্থাপন করেন — সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়।

১৫। 'ডন সোসাইটি' কে প্রতিষ্ঠা করেন — সতীশচন্দ্র মুখোপাধ্যায়।

১৬। আর্যদের স্বর্ণমুদ্রার নাম কী — মনা বা, নিষ্ক।

১৭। 'ভবানী মন্দির' বইটি কে প্রকাশ করেন — অরবিন্দ ঘোষ।

১৮। 'অযোধ্যা কিষাণ সভা'র প্রতিষ্ঠাতা কে ছিলেন — পণ্ডিত জওহরলাল নেহরু।

১৯। 'চিরস্থায়ী বন্দোবস্ত' কে প্রবর্তন



করেন — লর্ড কর্নওয়ালিস।

## ভূগোল

২০। ল্যাটিন ভাষায় 'নিশ্বাস' শব্দটির অর্থ কী — বৃষ্টি।

২১। 'ইউক্রেন' শব্দটির অর্থ কী — সীমান্তবর্তী বা, প্রান্তবর্তী অঞ্চল।

২২। ইউক্রেন অঞ্চলে কৃষ্ণমৃত্তিকাকে কী বলে — চার্নোজেম।

২৩। 'কাঁসাই' নদীটি কোথা থেকে উৎপন্ন হয়েছে — বিহারের পার্বত্য অঞ্চল থেকে।

২৪। 'ব্রাহ্মণী' জলপ্রপাত কোন পাহাড়ে আছে — অযোধ্যা পাহাড়।

২৫। 'চোলা' শৈলশিরা কোথায় আছে — তিস্তা নদীর পূর্ব দিকে সিকিম ও ভুটান সীমান্তে।

২৬। ভারতের কোন রাজ্য সবথেকে বেশি বক্সাইট উত্তোলন করে — ওড়িশা।

২৭। বায়ু উষ্ণ হলে কী হয় — হালকা হয়ে ওপরে উঠে যায়।

২৮। বায়ুতে জলকণা কাকে আশ্রয় করে ভেসে বেড়ায় — ধূলিকণা।

২৯। উজ্জয়িনী শহর কোন নদীর তীরে অবস্থিত — শিপ্রা।

## অর্থনীতি

৩০। 'এসবিআই জেনারেল ইন্সিওরেন্স'এর ম্যানেজিং ডিরেক্টর ও চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — পরিতোষ ত্রিপাঠী।

৩১। কোন কোম্পানি 'স্টার্টআপ স্কুল ইন্ডিয়া' নামে ৯ সপ্তাহ ব্যাপী ভার্চুয়াল প্রোগ্রাম চালু করেছে — গুগল।

৩২। কে সম্প্রতি প্রথম মহিলা ও দ্বিতীয় ভারতীয় হিসাবে, 'আন্তর্জাতিক মুদ্রা ভাণ্ডার'এর 'প্রাক্তন প্রধান অর্থনীতিবিদদের ওয়াল'এ স্থান পেলেন — ভারতীয় বংশোদ্ভূত মার্কিনি অর্থনীতিবিদ গীতা গোপীনাথ।

৩৩। 'ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক'এর নির্দেশ না মানার জন্য সম্প্রতি কোন ২টি ব্যাঙ্কের ওপর ১.০৫ কোটি টাকা জরিমানা আরোপ করা হয়েছে — কোটাক মাহিন্দ্রা ব্যাঙ্ক ও ইন্ডাসইন্ড ব্যাঙ্ক (কেওয়াইসি নিয়মগুলি না মেনে চলার জন্য এই জরিমানা আরোপ করা হয়েছে)।

৩৪। ইন্সিওরেন্স কোম্পানি 'আভিভা ইন্ডিয়া'র চিফ এক্সিকিউটিভ অফিসার ও ম্যানেজিং ডিরেক্টর হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — অসিত রথ।

## রাষ্ট্রনীতি

৩৫। কেশবানন্দ ভারতী বনাম কেরল রাজ্য মামলা কত সালে হয়েছিল — ১৯৭৩ সালে।

৩৬। ভারতীয় সুপ্রিম কোর্টের প্রথম মহিলা বিচারপতি কে ছিলেন — এম.ফতিমা বিবি।

৩৭। হাই কোর্টের বিচারপতির সংখ্যা প্রয়োজনানুসারে কে স্থির করেন — রাষ্ট্রপতি।

৩৮। ভারতের লোক আদালত কোথায় বসে — দিল্লি।

৩৯। গ্রাম পঞ্চায়েতে সর্বোচ্চ সদস্য সংখ্যা কত — ৩০ জন।

৪০। ভারতীয় সংবিধানে কাকে নির্ণায়ক ভোট প্রদানের ক্ষমতা দেওয়া হয়েছে — লোকসভার অধ্যক্ষ।

৪১। 'ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক' কবে প্রতিষ্ঠিত হয় — ১৯৩৫ সালের ১ এপ্রিল।

## সাম্প্রতিক ঘটনা

৪২। 'সেন্ট্রাল বোর্ড অফ ডিরেক্ট ট্যাক্সেস'এর চেয়ারম্যান হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — নীতিন গুপ্ত।

৪৩। কোন দেশে ড্রোন কারখানা চালু করতে চলেছে চেন্নাইয়ের ড্রোন স্টার্ট-আপ 'গারুদা অ্যারোস্পেস প্রাইভেট লিমিটেড' — মালয়েশিয়া।

৪৪। কোন দেশে সম্প্রতি ঐতিহাসিক পদ্মা সেতুর উদ্বোধন হল — বাংলাদেশ।

৪৫। ২০২২ সালে মার্কিনি অ্যাসেট ম্যানেজমেন্ট ফার্ম 'Mercer'এর তরফ থেকে প্রকাশিত 'কস্ট অফ লিভিং ইনডেক্স' অনুযায়ী, ভারতীয় শহরগুলির মধ্যে, বিদেশি কর্মীদের জন্য সবথেকে ব্যয়বহুল শহরের তকমা পেল কোন শহর — মুম্বই।

৪৬। সম্প্রতি চামোলি জেলার মণ্ডল উপত্যকা থেকে, অত্যন্ত বিরল মাংসাশী উদ্ভিদের খোঁজ পেলেন উত্তরাখণ্ডের বন দফতরের একদল গবেষক। উদ্ভিদটির নাম কী — *Utricularia Furcellata*।

৪৭। কোন দেশ সম্প্রতি মঙ্গল গ্রহের প্রথম পূর্ণাঙ্গ ত্রিমাত্রিক মানচিত্র তৈরি করল — চিন।

৪৮। 'অ্যাসোসিয়েশন অফ ইন্ডিয়ান ইউনিভার্সিটিস'এর প্রেসিডেন্ট হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — 'যাদবপুর বিশ্ববিদ্যালয়'এর উপাচার্য সুরঞ্জন দাস।

৪৯। ২০২২-'২৩ সালের জন্য, 'কনফেডারেশন অফ ইন্ডিয়ান ইন্ডাস্ট্রিজ'এর প্রেসিডেন্ট হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — আর.দীনেশ।

৫০। কোন ভারতীয় বংশোদ্ভূত সম্প্রতি 'ফোর্বস' পত্রিকার বিচারে, মার্কিন যুক্তরাষ্ট্রের সবথেকে ধনী স্ব-প্রতিষ্ঠিত মহিলাদের তালিকায় স্থান পেলেন —



ভারতীয় বংশোদ্ভূত মার্কিনি জয়শ্রী ভি.উল্লাল (এই তালিকায় ১৫ তম স্থান পেয়েছেন তিনি)।

৫১। সম্প্রতি প্রয়াত পি.গোপীনাথ নায়ার (৯৯ বছর) কোন ক্ষেত্রের সঙ্গে যুক্ত ছিলেন — স্বাধীনতা সংগ্রামী।

৫২। কোন ৪ জন বিশিষ্ট ব্যক্তিত্বকে সম্প্রতি রাজ্যসভার মনোনীত সাংসদ হিসাবে ঘোষণা করা হয়েছে — বিশিষ্ট ক্রীড়াবিদ পিটি উষা, সঙ্গীত পরিচালক ইলাইয়ারাজা, চলচ্চিত্র পরিচালক কোদুরি বিশ্ব বিজয়েন্দ্র প্রসাদ ও মানবতাবাদী ধর্মগুরু ডি.বীরেন্দ্র হেগড়ে।

৫৩। দক্ষিণ সুদানে, রাষ্ট্রসঙ্ঘ মিশনের ফোর্স কম্যান্ডার হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — লেফটেন্যান্ট জেনারেল মোহন সুব্রমনিয়ান।

৫৪। কোন শিক্ষা সংস্থা সম্প্রতি 'পরীক্ষা সঙ্গম' নামে একটি নতুন পোর্টাল চালু করল — সেন্ট্রাল বোর্ড অফ সেকেন্ডারি এডুকেশন।

৫৫। কোন আইআইটি'র গবেষকরা সম্প্রতি ন্যানো-মেটেরিয়াল ব্যবহার করে, ফাস্ট চার্জিং সোডিয়াম আয়ন ভিত্তিক ব্যাটারি তৈরি করলেন — আইআইটি খড়গপুর।

৫৬। সম্প্রতি ভারতীয় বায়ুসেনার ইতিহাসে এই প্রথমবার একসঙ্গে যুদ্ধবিমান উড়িয়ে নজির গড়লেন বাবা-মেয়ে জুটি। কোন যুদ্ধবিমান উড়িয়েছেন তাঁরা — 'হক-১৩২' যুদ্ধবিমান (বাবার নাম সঞ্জয় শর্মা ও মেয়ের নাম অনন্যা শর্মা)।

৫৭। মুদ্রাস্ফীতি মোকাবিলায়, কোন দেশ সম্প্রতি স্থানীয় মুদ্রা হিসাবে সোনার মুদ্রা ব্যবহারের সিদ্ধান্ত নিল — জিম্বাবোয়ে (ভিক্টোরিয়া ফলসের নামানুসারে এই মুদ্রার নাম রাখা হয়েছে 'মোসি-ও-তুনিয়া')।

৫৮। ভারতে প্রথম কোন রাজ্য সরকার বিধানসভায় স্বাস্থ্য অধিকার বিল পেশ করতে চলেছে — রাজস্থান সরকার।

৫৯। কে সম্প্রতি ২০২২ সালে ভারতের প্রথম 'অ্যানিম্যাল হেলথ সামিট'এর উদ্বোধন করলেন — কেন্দ্রীয় মৎস্য, পশুপালন ও দুগ্ধজাত মন্ত্রী পরষোত্তম রুপালা।

৬০। ভারতের নতুন জি-২০ শেরপা হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — 'নীতি আয়োগ'এর প্রাক্তন সিইও অমিতাভ কান্ত।

৬১। সুইস প্রযুক্তি কোম্পানি 'Garmin Ltd.'এর একটি ইউনিট 'Garmin India'র প্রচারদূত হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — ভারতীয় ট্রাইঅ্যাথলিট কৌস্তুভ রাদকর।

৬২। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সম্প্রতি কোন শহরে 'অখিল ভারতীয় শিক্ষা সমাগম'এর উদ্বোধন করলেন — বারাণসী।

৬৩। কোন দেশ সম্প্রতি ইনট্যাঞ্জিবল কালচারাল হেরিটেজ রক্ষার জন্য, ২০২২-২০২৬ সালের জন্য, ইউনেস্কোর ২০০৩ সম্মেলনের আন্তঃসরকারি কমিটিতে নির্বাচিত হল — ভারত।

৬৪। কে সম্প্রতি ব্রিটেনের প্রধানমন্ত্রীর পদ থেকে ইস্তফা দিলেন — বরিস জনসন।

৬৫। ২০২২ সালে কে 'মিস ইন্ডিয়া'র সম্মান পেলেন — কর্ণাটকের ২১ বছর বয়সি সিনি শেট্টি।

৬৬। যুক্তরাজ্যের সংসদের তরফ থেকে, কে সম্প্রতি 'আয়ুর্বেদ রত্ন পুরস্কার' পেলেন — 'অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ আয়ুর্বেদ'এর ডিরেক্টর তনুজা নেসারি।

৬৭। কে সম্প্রতি মহারাষ্ট্র বিধানসভার সর্বকনিষ্ঠ (৪৫ বছর) অধ্যক্ষ হিসাবে নির্বাচিত হলেন — রাহুল নারওয়েকর (এই সম্মানিত সাংবিধানিক পদে নির্বাচিত হয়ে, সেইসঙ্গে ভারতের সর্বকনিষ্ঠ অধ্যক্ষেরও তকমা পেলেন তিনি)।

৬৮। সম্প্রতি কোন রেল তাদের দীর্ঘতম স্কাইওয়াক চালু করল — পশ্চিম রেল (স্কাইওয়াকটি ৩১৪ মিটার দীর্ঘ ও ৪.৪ মিটার চওড়া)।

৬৯। 'কনফেডারেশন অফ ইন্ডিয়ান ইন্ডাস্ট্রি'র প্রেসিডেন্ট হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — আর.দীনেশ।

৭০। সম্প্রতি প্রয়াত মহম্মদ সানুশি বারকিন্ডো (৬৩ বছর) 'ওপেক'এর কত তম সেক্রেটারি জেনারেল ছিলেন — ২৮ তম।

৭১। সম্প্রতি ভারতের কোন রাজ্যের একটি জঙ্গলের অংশ সরোজিনী মোহন্তর নামে রাখা হয়েছে — ওড়িশা।

৭২। রেশন দোকানের মাধ্যমে, 'ন্যাশনাল ফুড সিকিউরিটি অ্যাক্ট' বাস্তবায়নে, কারা সম্প্রতি ভারতের সব রাজ্যের মধ্যে শীর্ষ স্থান পেল — ওড়িশা।

৭৩। বিশ্বের দ্বিতীয় মহিলা হিসাবে, কে সম্প্রতি অঙ্কের নোবেল পুরস্কার 'ফিল্ডস মেডেল' পেলেন —



ইউক্রেনের গণিতবিদ মারিনা ভিয়াজোভস্কা (গোলক প্যাকিংয়ের ক্ষেত্রে অসামান্য কাজের জন্য এই পুরস্কার পেলেন তিনি)।

৭৪। সম্প্রতি প্রয়াত তরুণ মজুমদার (৯১ বছর) কে ছিলেন — বাঙালি চলচ্চিত্র পরিচালক।

৭৫। কোথায় সম্প্রতি দেশীয় প্রযুক্তিতে তৈরি নয়া ড্রোন 'অটোনমাস ফ্লাইং উইং টেকনোলজি ডেমনস্ট্রেটর'এর সফল পরীক্ষা করল 'ডিফেন্স রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অর্গানাইজেশন' — কর্ণাটকের চিত্রদুর্গের অ্যারোনটিক্যাল টেস্ট রেঞ্জ।

## খেলাধূলা

৭৬। 'ইন্টারন্যাশনাল ওয়েটলিফটিং ফেডারেশন'এর প্রেসিডেন্ট হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — মহম্মদ জালুদ।

৭৭। ২০২২ সালে কোন দল এই প্রথমবার 'রঞ্জি ট্রফি'তে চ্যাম্পিয়ন হল — মধ্য প্রদেশ (মুম্বইকে ৬ উইকেটে হারিয়ে)।

৭৮। 'ইন্ডিয়ান অলিম্পিক অ্যাসোসিয়েশন'এর ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — অনিল খান্না।

৭৯। কে সম্প্রতি কিংবদন্তি ক্রিকেটার ব্রায়ান লারার ১৮ বছরের রেকর্ড ভেঙে



এক ওভারে ২৯ রান তুললেন — ভারতীয় অধিনায়ক জসপ্রীত বুমরা।

৮০। প্রথম ভারতীয় হিসাবে, কে ২০২১ সালে 'ইন্টারন্যাশনাল টেনিস হল অফ ফেম' ও 'ইন্টারন্যাশনাল টেনিস ফেডারেশন'এর তরফ থেকে 'গোল্ডেন অ্যাচিভমেন্ট পুরস্কার' পেলেন — বিজয় অমৃতরাজ (টেনিসে অসামান্য অবদানের জন্য এই পুরস্কার পেলেন তিনি)।

৮১। ২০২২ সালে কে 'অনূর্ধ্ব-২৩ এশিয়ান কুস্তি চ্যাম্পিয়নশিপ'এ ৮৬ কেজি ফ্রিস্টাইল ওয়েট বিভাগে ব্রঞ্জ পদক পেলেন — ভারতীয় ফ্রিস্টাইল কুস্তিগির দীপক পুনিয়া।

৮২। ২০২২ সালে কে 'ব্রিটিশ ফর্মুলা ওয়ান গ্র্যাঁ প্রি' জিতলেন — ফেরারির কার্লোস সেঞ্জ।

৮৩। বিশ্বের প্রথম দেশ হিসাবে, পুরুষ ও মহিলা ক্রিকেটারদের সমান ম্যাচ ফি দেওয়ার সিদ্ধান্ত নিয়ে নজির গড়ল কারা — নিউজিল্যান্ড।

৮৪। ২০২২ সালে 'মালয়েশিয়া ওপেন'এ পুরুষদের সিঙ্গলসে কে চ্যাম্পিয়ন হলেন — ডেনমার্কের ব্যাডমিন্টন তারকা ভিক্টর অ্যাক্সেলসেন (জাপানের কেন্তো মোমোতাকে ২১-৪ ও ২১-৭ ব্যবধানে হারিয়ে)।

৮৫। সম্প্রতি প্রয়াত ই.এন.সুধীর (৭৬ বছর) কোন খেলার সঙ্গে যুক্ত ছিলেন — ফুটবল।

সঙ্কলক : পলি দেওয়ান

## কেন্দ্রীয় সংস্থায় ৫১ অ্যাপ্রেন্টিস

১ পাতার পর

মেকানিক্যাল-৫টি, ইলেক্ট্রিক্যাল-৩টি, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন-৩টি।

**গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস (বি.ই. বা, বি.টেক.) :** ইলেক্ট্রনিক্স অ্যান্ড কম্পিউটার সায়েন্স, ইলেক্ট্রিক্যাল, কম্পিউটার সায়েন্স ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি (বি.ই. বা, বি.টেক্.) কোর্স পাশরা সংশ্লিষ্ট ট্রেডের জন্য আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। স্টাইপেন্ড মাসে ৯,০০০ টাকা। শূন্যপদ : ইলেক্ট্রনিক্স অ্যান্ড কম্পিউটার সায়েন্স ইঞ্জিনিয়ারিং -৪টি, ইলেক্ট্রিক্যাল-৪টি, কম্পিউটার সায়েন্স -৩টি।

**ট্রেড অ্যাপ্রেন্টিস ট্রেনি (আই.টি.আই.) :** মাধ্যমিক পাশরা এ.আই.সি.টি.ই.'র অনুমোদিত আই.টি.আই. থেকে ইলেক্ট্রনিক মেকানিক, ইলেক্ট্রিশিয়ান, ফিটার, কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট, সি.এন.সি. প্রোগ্রামার, ওয়েল্ডার ও টার্নার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে সংশ্লিষ্ট ট্রেডের জন্য যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। স্টাইপেন্ড মাসে ৭,০০০ টাকা। শূন্যপদ : ইলেক্ট্রনিক মেকানিক-৫টি, ইলেক্ট্রিশিয়ান-৫টি, ফিটার-৫টি, কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট-২টি, সি.এন.সি. প্রোগ্রামার-১টি, ওয়েল্ডার -২টি, টার্নার-২টি।

সব ক্ষেত্রে তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। ১২ মাসের ট্রেনিং। এই পদের বিজ্ঞপ্তি নং : ADE /HRD /Apprentice/ 01/2022.

প্রার্থী বাছাই হবে শিক্ষাগত যোগ্যতায় পাওয়া নম্বর দেখে। এরপর মেধা তালিকা তৈরি হবে।

টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস ও গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস ট্রেডের বেলায় আগ্রহী প্রার্থীদের প্রথমে নাম রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটে গিয়ে : www.mhrdnats.gov.in, আই.টি.আই. অ্যাপ্রেন্টিস ট্রেডের বেলায় আগ্রহী প্রার্থীদের প্রথমে নাম রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটে গিয়ে : https://apprenticeshipindia.gov.in

নাম রেজিস্ট্রেশন করার পর দরখাস্ত করতে হবে নিচের বয়ানে। দরখাস্তের ফর্ম পূরণ করার পর স্ক্যান করে তা পি.ডি.এফ. ফর্ম্যাটে ই-মেল করতে হবে ১৫ আগস্টের মধ্যে। এই ই-মেল আই.ডি.-তে : vanditha.ade@gov.in

## কৃষি প্রযুক্তি সহায়ক পদের প্রস্তুতি শুরু Fast Track-এ

রাজ্যে কৃষি প্রযুক্তি সহায়ক পদে নিয়োগের জন্য প্রস্তুতি চলছে। নিয়োগ করবে পাব্লিক সার্ভিস কমিশন। শূন্যপদ প্রায় ৪ হাজারের কাছাকাছি। তাই দেরি না করে এখন থেকেই প্রস্তুতি শুরু করুন ফাস্ট ট্রাক থেকে। এছাড়াও এখানে ডব্লু.বি.সি.এস, ক্লার্কশিপ, পুলিশ, এম.টি.এস., কম্বাইন্ড হায়ার সেকেন্ডারি লেভেল ইত্যাদি পরীক্ষার প্রস্তুতি যত্ন সহকারে করানো হয়। ভর্তির জন্য এখনই যোগাযোগ করুন এই নম্বরে : বারাসাত, নলহাটি ও কাটোয়াতে - 9433327850.

## ছাত্রছাত্রীদের ভর্তির সময় লিখিত চাকরির গ্যারান্টি দেয় একমাত্র BSHM

সবচেয়ে কম খরচে মধ্যবিত্ত ও নিম্ন মধ্যবিত্ত পরিবারের ছেলেমেয়েদের হোটেল ও হসপিটালিটি ম্যানেজমেন্ট কোর্স করিয়ে ভবিষ্যৎ গড়ার স্বপ্নপূরণ করে একমাত্র BSHM. এখানে বিভিন্ন ডিপ্লোমা ও ডিগ্রি কোর্স-এ ভর্তি চলছে। খুব সাধারণ ঘরের ছেলেমেয়েরাও সামান্য খরচ এ কোর্স করে জীবনে প্রতিষ্ঠা লাভ করতে পারে এবং ২৫০০০ থেকে ৩০০০০ টাকা প্রতি মাসে আয় করতে পারে। এর সাথে থাকা ও খাওয়া ফ্রি। দীর্ঘ ২০ বছর ধরে BSHM কয়েক হাজার ছেলে মেয়ের জীবনকে সুন্দর করে সাজিয়ে দিয়েছে। এখানকার প্রচুর ছাত্র crouse line এবং আমেরিকা - ইউরোপ সহ পৃথিবীর বিভিন্ন প্রান্তে কর্মরত এবং প্রতিষ্ঠিত। সেখানে তারা যে পরিমাণ টাকা প্রতি মাসে ইনকাম করে তা চিন্তাতীত। এখানের বিশেষ বৈশিষ্ট্য হল এরা মুখের প্রতিশ্রুতিতে বিশ্বাস করে না। তাই প্রতিটি স্টুডেন্টকে ভর্তির সময় লিখিত চাকরির গ্যারান্টি দিয়ে থাকে। BSHM এ কোর্স করা মানেই ১০০% চাকরি এবং অন্য সকলের থেকে এগিয়ে থাকা।

বিশেষ সুবিধা হল কোর্স চলাকালীন ভালো আয়ের সুযোগ এবং দূরের ছাত্র ছাত্রীদের জন্য হোস্টেল ফ্রি। এখানে ৯ মাসের সার্টিফিকেট কোর্স, ১ বছরের ডিপ্লোমা, দেড় বছরের ডিপ্লোমা, ২ বছরের ডিপ্লোমা এবং ৩ বছরের ডিগ্রি ও ২ বছরের মাস্টার্স কোর্স করানো হয়। তাই জীবনে প্রতিষ্ঠা পেতে ও জীবন গড়তে সরাসরি যোগাযোগ করুন — বিপ্লব দাস ৯৮৩৬০৪৬৮৬০ ও তন্দ্রা দে ৯২৩১৬৮০৬৫১. অথবা সরাসরি আসুন বি/৯, লক্ষ্মী নারায়ণ কলোনী, গড়িয়া, কলকাতা - ৪৭। মেল : bshm.kol@gmail.com, ওয়েবসাইট : www.bshm.co.in

## আই.টি.বি.পি'তে ৩৭

১ পাতার পর

সংস্থা থেকে সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৪-৮-২০২২'র হিসাবে ২০ থেকে ২৫ বছরের মধ্যে, অর্থাৎ জন্ম-তারিখ হতে হবে ১৫-৮-১৯৯৭'এর পর। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। শারীরিক মাপজোখ হতে হবে ছেলেদের বেলায় — লম্বায় অন্তত ১৭০ সেমি, বুকের ছাতি না-ফুলিয়ে ৮০ (তপশিলী উপজাতি হলে ৭৭) সেমি ও ফুলিয়ে ৮৫ (তপশিলী উপজাতি হলে ৮২) সেমি আর উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ ওজন। তপশিলী উপজাতিরা ৭.৫ সেমি আর অসম, ত্রিপুরা ও গোর্খারা ৫ সেমি উচ্চতায় ছাড় পাবেন। মেয়েদের বেলায় — লম্বায় অন্তত ১৫৭ সেমি আর উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ ওজন। তপশিলী উপজাতিরা ৭ সেমি আর অসম, ত্রিপুরা ও গোর্খারা ২ সেমি উচ্চতায় ছাড় পাবেন। দৃষ্টিশক্তি হতে হবে কাছের বেলায় ভালো চোখে N6 ও খারাপ চোখে N9. দূরের বেলায় এক চোখে ৬/৬ ও অন্য চোখে ৬/৯। ভাঙা হাঁটু, পায়ের চ্যাটালো পাতা, শিরাস্ফীতি, ট্যারা দৃষ্টি বা, বর্ণান্ধতা থাকলে আবেদনের যোগ্য নন। মূল মাইনে : ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা। শূন্যপদ : ৩৭টি। এর মধ্যে ছেলেদের জন্য ৩২টি (জেনাঃ ৭, ও.বি.সি. ১৫, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ২, ই.ডব্লু.এস. ৩)। মেয়েদের জন্য ৫টি (জেনাঃ ১, ও.বি.সি. ৩, তঃজাঃ ১)।

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে শারীরিক মাপজোখের পরীক্ষা হবে। সফল হলে শারীরিক সক্ষমতার পরীক্ষা। এই পরীক্ষায় থাকবে : ছেলেদের বেলায় — ১৬ সেকেন্ডে ১০০ মিটার দৌড়, সাড়ে ৭ মিনিটে ১.৬ কি.মি. দৌড়। মেয়েদের বেলায় — ১৮ সেকেন্ডে ১০০ মিটার দৌড়, ৪.৪৫ মিনিটে ৮০০ মিটার দৌড়। সফল হলে শারীরিক মাপজোখের পরীক্ষা। তারপর ২০০ নম্বরের লিখিত পরীক্ষায় থাকবে এইসব বিষয় : (ক) জেনারেল ইঞ্জিনিয়ারিং (সিভিল) অ্যান্ড স্ট্রাকচার- ১৬০ নম্বর। (খ) জেনারেল ইন্টেলিজেন্স, রিজনিং অ্যান্ড অ্যাওয়ারনেস - ৪০ নম্বর। সময় থাকবে ৩ ঘন্টা। সাধারণ প্রার্থীরা ৩৫% ও সংরক্ষিত প্রার্থীরা ৩৩% নম্বর পেয়ে কোয়ালিফাই করতে পারবেন। সব শেষে ডাক্তারি পরীক্ষা। দরখাস্ত করবেন অনলাইনে, ১৬ জুলাই থেকে ১৪ আগস্টের মধ্যে। এই ওয়েবসাইটে : www.recruitment.itbpolice.nic.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। এবার পরীক্ষা ফী বাবদ ছেলেদের বেলায় ২০০ টাকা অনলাইনে দিতে হবে। তপশিলী, মহিলা ও প্রাক্তন সমরকর্মীদের ফী লাগবে না। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।


যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশের পর নিশ্চিত চাকরির উপযোগী কোর্স করাচ্ছে

# TAGORE SCHOOL OF RURAL DEVELOPMENT AND AGRICULTURE MANAGEMENT

A unit of "Tagore Education & Rural Development Trust"

## কল্যাণী বিশ্ববিদ্যালয় স্বীকৃত

বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য এবং অধ্যাপকগণের তত্ত্বাবধানে গত ২০১০ সাল থেকে University of Kalyani দ্বারা স্বীকৃত পশ্চিমবঙ্গের সর্বপ্রথম ডিপ্লোমা কৃষি শিক্ষা প্রতিষ্ঠান Tagore School of Rural Development & Agriculture Management সাফল্যের সঙ্গে চলছে। উক্ত প্রতিষ্ঠান থেকে পাশ করা সকল ছাত্রছাত্রীদের দিচ্ছে চাকরির নিশ্চিত সুযোগ।

West Bengal Student Credit Card Scheme & Swami Vivekananda Scholarship Available

Admission Going On

**Courses** — TSRDAM-এর চাকরিমুখী ২ বছরের Diploma কোর্সগুলি হল :
☞ Seed & Nursery Management ☞ Soil & Plant Health Management
☞ Plant Protection ☞ Financing & Agri-business Management

ওপরের কোর্সগুলির জন্য ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ১০ + ২ যে কোনো শাখা থেকে। স্নাতক ডিগ্রি অগ্রগণ্য।

**Why TSRDAM :** ■ বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয় ও উত্তরবঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন এবং অভিজ্ঞ শিক্ষকমণ্ডলী ■ সুসজ্জিত ক্যাম্পাস ■ প্রত্যেকটি কোর্সের জন্য অত্যাধুনিক Practical Lab ■ বিভিন্ন Agriculture farm এবং Agro-Industryতে Training

Fully A.C Classroom and Campus

Placement : All final year students are placed in following organisation through campus interview ● Bayer Crop Science ● Dupont ● United Phosphorus Ltd. ● Pan Seed Pvt. Ltd. ● Krisi Rasayan ● Indofil Industries Ltd. ● Syngenta ● Nava Kisan Bio Plantec Ltd.

Webel IT Park, Phase-II, Kalyani, Nadia

Web : www.tsrdam.co.in Email : training.tsrdam@gmail.com

Phone : 7439498600, 9123831526



বিজ্ঞাপন

ISHM

# International School of Hospitality Management - Kolkata

সারা পৃথিবীর ১৭টা দেশের নামিদামি প্রথম সারির হোটেলে গেলে একটা জিনিস কমন পাবে। হোটেলের ম্যানেজার থেকে কুক, সার্ভিস বয় বেশিরভাগই আমাদের কলেজ থেকে পাশ করা প্রাক্তন ছেলেমেয়েরা। এটা আমাদের গর্ব নয়। এটা আমাদের পরিসংখ্যান। তোমরাও যদি ২০২২ সালে ভারতের সেরা হসপিটালিটি এডুকেশন ব্র্যান্ড (লন্ডন, ২০২২) হিসাবে পুরস্কার পাওয়া ISHM-এ ভরতি হয়ে বিদেশে নিজেদের চাকরি করতে দেখতে চাও তাহলে নিশ্চিন্তে চলে এসো আমাদের কাছে।




আমাদের ছেলেমেয়েরা ১টি নয়, ২টি করে চাকরি পায়। ১টি দেশে আরেকটি বিদেশে। তারা ঠিক করে কোনটি নেবে।

শুরুতেই মাসে **৮০,০০০ টাকা** প্যাকেজ পাওয়া তোমাদের কাছে স্বপ্ন মনে হলেও আমাদের কাছে তা বাস্তব। কেবিন ক্রু হিসাবে তুমিও নিজেকে প্রতিষ্ঠিত করতে পারো।

## ✓ Diploma in Aviation & Hospitality Management (Cabin Crew)

*Duration : 1 Year, Eligibility : 10th pass*

## ✓ BBA Aviation Management

*Duration : 3 Years, Eligibility : 12th pass*

**Facilities :-**

- *International Study tour in Malaysia in final year.*
- *In campus Aviation Drills in Aircraft Simulator. Exclusive hands on training @Durgapur Airport under Bengal Aero.*
- *Only college to have tie-up with Air-India ESL (AIESL) tie-ups for training in Kolkata International Airport.*
- *100% Placement Assistance.*

বিদেশে ঘুরতে যাওয়ার ইচ্ছা সবারই থাকে। কিন্তু টানা **৬ মাস** থাইল্যান্ড ও মালয়েশিয়ার মতো হসপিটালিটি সেক্টরের ক্ষেত্রে প্রথম সারির প্রফেশনাল ইউনিভার্সিটিতে কোর্স করিয়ে চাকরি কেবল আমরাই দিতে পারি।

## ✓ Advance Diploma in Hotel & Hospitality Management

*Duration : 2 Years, Eligibility : 10th pass*

## ✓ B.Sc in Hospitality & Hotel Management

*Duration : 3 Years, Eligibility : 12th pass*

**Facilities :-**

- *International Study tour in Russia / Thailand / Malaysia in final year.*
- *Get a chance to Stay in a 5 Star Hotel during PHT (Professional Hotelier Stay & Learn Training on first year.*
- *6 Months paid internships and On Job Training in Abroad.*
- *100% Placement Assistance*







- ✓ All courses UGC Recognised & Internationally Approved
- ✓ 76% Of our students get placed before completing the course
- ✓ Campus in Salt Lake Electronics Complex , Sector 5 (I.T hub) in Kolkata gives the opportunity to our students to do part time jobs during the course.
- ✓ Free Books , Uniform, Study Kit will be provided to every students
- ✓ Free Spoken English & Personality Development
- ✓ Get Scholarship up to 50,000 on all courses.

We provide the facility of Bank loan and Credit card loan

www.ishm.co.on

91 8335865555 / 8100881009



ISHM fully A.C. Campus

চাকরির পরীক্ষার গাইড

# জেনারেল ইংলিশ

**Direction (Qs. 1-5) :** *Read the following passage carefully and answer the questions given below it. Certain words / phrases are printed in bold to help you locate them while answering some of the questions.*

When people buy diamond jewellery, they often want to convey love or commitment someone dear and special. But, this jewellery, if it contains diamonds from Sierra Leone and Angola diamond mines in West Africa, could have a bloody part signifying mistreatment and abuse. The movie, Blood Diamond, traces the path of a large pink diamond found in Sierra Leone in the 1990's by a fisherman working as a slave in a rebel-controlled diamond mine. That diamond changed and ended many lives and the story of that stone carries a strong social message. The story design is an interesting fiction but it is based upon real life events. The movie sensitises the audience on how, a mineral resource can **fuel** oppression and the slaughter of thousands of people. This is not a first time phenomenon. It has happened before in Africa with ivory and gold.

What Are 'Conflict Diamonds' ?

Blood Diamonds, also known as 'Conflict Diamonds' are stones that are produced in areas controlled by rebel forces namely the Revolutionary United Front (RUF) that are opposed to internationally recognised governments. The rebels sell these rough diamonds, and the money is used to purchase arms or to fund their military actions. Blood Diamonds are often produced through the forced labour of men, women and children. They are also stolen during shipment or seized by attacking the mining operations of legitimate producers. These attacks can be on the scale of a large military operation. The stones are then smuggled into the international diamond trade and sold as legitimate gems. These diamonds are often the main source of funds for the rebels. Enormous amounts of money are at stake and bribes, threats, torture and murder are modes of operation. The profits made from the sale of these diamonds are used to fund terrorism and civil war. This is why the term 'blood diamonds' is used.

In the aftermath of horrific abuses committed by West Africa rebel groups enriched by diamond wealth, an international body backed by the United Nations (the Kimberley Process Certification Scheme) was founded to ensure that traders and consumers could identify blood diamonds and prevent their trade.

The flow of 'Conflict diamonds' has originated mainly from Sierra Leone, 'Angola', Democratic Republic of Congo, Liberia and Ivory Coast. The United Nations and other groups such as Global Witness and partnership Africa Canada are working to block the entry of conflict diamonds into the worldwide diamond Trade. Their approach has been to develop a government certification procedure known as the 'Kimberley Process'. The procedure requires each nation to certify that all rough diamond exports are produced through legitimate mining and sales activity. Diamonds exported from these nations are to be accompanied by certificates. These certificates state that the diamonds were produced, sold and exported through legitimate channels. The certification process, accounts for all rough diamonds, through every step of their movement, from mine to retail sale. Most consumers do not realize that they; may be purchasing blood diamonds even in 2010. The Amnesty International survey found that 83% of U.S. jewellers say their customes 'rarely or never' inquire about the source of diamonds. Retail customers buying a cut diamond are encouraged to insist upon a sales receipt document stating that their diamond originated from a conflict free source.

Nations who agree to participate in the Kimberley Process are not permitted to trade with non-member Nations. The Kimberly process is believed to have significantly reduced the number of 'Conflict Diamonds' that are reaching the international gem markets. Today 71 governments and several nongovernment organisations abide by the Kimberly Process. The World Diamond Council estimates that 99% of all diamonds are now conflict free.

However, despite implementation of the Kimberley Process, blood diamonds still exist and are entering the **legitimate** trade. Although the scheme makes it more difficult for diamonds from rebel-held areas to reach international markets, there are still significant weaknesses in the scheme that undermine its effectiveness. A United Nations Group of Experts has recently found that poor controls are allowing significant volumes of blood diamonds to enter the legitimate trade through Ghana, where they are being certified as conflict free. International trading centres need to introduce better systems for identifying suspicious shipments of rough diamonds. Many other diamond-producing countries have weak government controls that cannot guarantee that the diamonds they export are conflict-free.

1. What action have the U.N. and other international groups taken to block the entry of 'Conflict Diamonds' into the diamond trade ?

(A) They have introduced a certification procedure known as the 'Kimberley Process' (B) They are fighting against the rebel groups to obtain autonomy of the diamond mines (C) They have stopped importing diamonds from West Africa

(A) Only A and C (B) Only B and C (C) Only A (D) Only B (E) All A, B and C

2. What should be the role of the consumer in avoiding the purchase of 'Conflict Diamonds'?

(A) Consumers should not buy diamonds from Africa (B) Consumers should refrain from wearing all diamond jewellery (C) Consumers should switch to other precious gems (D) Consumers need not worry as 99% of the diamonds sold are conflict free (E) Consumers should always insist on the source of the diamonds

3. Which of the following is **NOT TRUE** of the 'Kimberley Process' as given in the passage ?

(A) Certification of all rough diamond exports by legitimate mining and sales activity (B) To help consumers identify blood diamonds and prevent their trade (C) To campaign for the sale of 'Conflict Diamonds' (E) To increase the number of conflict free diamonds entering the world of diamond trade

4. The movie 'Blood Diamond' is a reflection of ___

(A) The lives of fishermen in Sierra Leone (B) Diamonds that originated from mines under the control of rebel groups (C) A happy story of how diamonds have changed the lives of the poor (D) Only B and C (E) Only A and C

5. What are some of the weaknesses of the Kimberley certification process as underlined by the author ?

(A) Weak government controls and suspicious shipment of rough diamonds (B) Lengthy procedures to be followed in order to acquire the certification (C) Ability to trade only with non-member nations (D) Only A and B (E) Only A and C

6. Why are the diamonds that are mined in Sierra Leone called 'Blood Diamonds'

(A) The diamond stones are smuggled into the international diamond trade (B) It is sold to finance terrorism and other violent acts including civil war (C) The rough diamonds obtained from Sierra Leone signify freedom (E) Only B and D

7. How does the diamond trade help the Revolutionary United Front (RUF) rebel group ?

(A) The RUF use the profits made from mined diamonds to fund and buy weapons for their army (B) The diamond trade helps the families of the rebel groups (C) The profit made by the diamond trade is used 'to finance their education' (D) The diamond trade is the only source of finance for the RUF rebels (E) The RUF rebel group has complete monopoly over the diamond trade in Sierra Leone

8. The Flow of conflict diamonds has originated from ___

(A) Russia (B) Africa (C) America (D) South Asia (E) None of these

9. What are the benefits of the introduction of the 'Kimberley Process'?

(1) Helps reduce the number of conflict diamonds reaching the international gem markets (2) Provides an international certification scheme to ensure that the diamonds are conflict free (3) Involved in legitimising the process of the diamond trade

(A) Only 1 (B) Only 2 (C) Only 3 (D) Only 1 and 3 (E) All 1, 2 and 3

**Direction (Qs. 10-12) :** *Choose the word / group of words which is the most* **SIMILAR** *in meaning to the word printed in bold as used in the passage.*

10. **Abide by**

(A) Comprehend (B) Tolerate (C) Agree to (D) Bid on (E) Swear by

11. **Phenomenon**

(A) Occasion (B) Event (C) Undertaking (D) Disaster (E) Trend

12. **Fuel**

(A) Increase (B) Substitute (C) Energise (D) Contribute (E) Involve

**Direction (Qs. 13-15) :** *Choose the word / group of words which is the most* **OPPOSITE** *in meaning to the word printed in bold as used in the passage.*

13. **Legitimate**

(A) Safe (B) Risky (C) Unlawful (D) Reasonable (E) Warranted

14. **Fiction**

(A) Imagination (B) Fact (C) Narration (D) Fantasy (E) Plot

15. **Opposed**

(A) Supported (B) Repelled (C) Contradicted (D) Disparate (E) Distinct

## উত্তর

1(C). 2(E). 3(C). 4(B). 5(A). 6(B). 7(A). 8(B). 9(E). 10(C). 11(B). 12(A). 13(C). 14(B). 15(A).


রাজ্য ও কেন্দ্রীয় সরকারের
সিভিল সার্ভিস পরীক্ষায় গত
২ বছরে চাকরি পাওয়া আধিকারিকদের
পরীক্ষা প্রস্তুতি, টিপস, স্টাডি মেটেরিয়াল,
পরীক্ষা হলের স্ট্র্যাটেজি সহ
একগুচ্ছ প্রতিবেদন নিয়ে বেরোল

Appointment & Career News

WBCS / IAS পাশ করতে গেলে লাগবেই...

না পেলে সরাসরি যোগাযোগ করুন :
9830624170


## ন্যাবার্ডে ১৬১

১ পাতার পর

চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট, কস্ট অ্যাকাউন্ট্যান্ট বা, কোম্পানি সেক্রেটারিশিপ কোর্স পাশ হলেও যোগ্য। পিএইচ.ডি. কোর্স পাশরাও যোগ্য। শূন্যপদ : ৮০টি (জেনাঃ ৩৩, তঃজাঃ ১২, তঃউঃজাঃ ৬, ও.বি.সি. ২১, ই.ডব্লু.এস. ৮)।

**অ্যাগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং** : মোট অন্তত ৬০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৫৫%) নম্বর পেয়ে অ্যাগ্রিকালচার ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। মোট অন্তত ৫৫% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৫০%) নম্বর পেয়ে অ্যাগ্রিকালচার ইঞ্জিনিয়ারিংয়ের পোস্ট-গ্র্যাজুয়েট কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ৫টি (জেনাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১)।

**ফিশারিজ** : ফিশারি সায়েন্সের ডিগ্রি কোর্স পাশরা মোট অন্তত ৬০% (তপশিলী বা, প্রতিবন্ধী হলে ৫৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য। মোট অন্তত ৫৫% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৫০%) নম্বর পেয়ে ফিশারিজের পোস্ট-গ্র্যাজুয়েট কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ২টি (জেনাঃ ১, তঃউঃজাঃ ১)।

**ফরেস্ট্রি**: ফরেস্ট্রির ডিগ্রি কোর্স পাশরা মোট অন্তত ৬০% (তপশিলী বা, প্রতিবন্ধী হলে ৫৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য। মোট অন্তত ৫৫% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৫০%) নম্বর পেয়ে ফরেস্ট্রির পোস্ট-গ্র্যাজুয়েট কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)।

**প্ল্যান্টেশন / হর্টিকালচার** : হর্টিকালচারের সায়েন্সের ডিগ্রি কোর্স পাশরা মোট অন্তত ৬০% (তপশিলী বা, প্রতিবন্ধী হলে ৫৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য। মোট অন্তত ৫৫% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৫০%) নম্বর পেয়ে হর্টিকালচারের পোস্ট-গ্র্যাজুয়েট কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ২টি (জেনাঃ ১, তঃজাঃ ১)।

**ল্যান্ড ডেভেলপমেন্ট -সয়েল সায়েন্স** : অ্যাগ্রিকালচার, অ্যাগ্রিকালচার (সয়েল সায়েন্স বা, অ্যাগ্রোনমি) বিষয়ের ডিগ্রি কোর্স পাশরা মোট অন্তত ৬০% (তপশিলী বা, প্রতিবন্ধী হলে ৫৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য। মোট অন্তত ৫৫% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৫০%) নম্বর পেয়ে অ্যাগ্রিকালচার বা, অ্যাগ্রিকালচার (সয়েল সায়েন্স বা, অ্যাগ্রোনমি) বিষয়ের পোস্ট-গ্র্যাজুয়েট কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ৩টি (জেনাঃ ১, তঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)।

**অ্যাগ্রিকালচারাল মার্কেটিং / অ্যাগ্রি বিজনেস ম্যানেজমেন্ট** : মোট অন্তত ৬০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৫৫%) নম্বর পেয়ে অ্যাগ্রিকালচার মার্কেটিং বা, অ্যাগ্রিকালচারাল বিজনেস ম্যানেজমেন্টের ডিগ্রি কোর্স পাশরা আবেদন করতে পারেন। মোট অন্তত ৫৫% (প্রতিবন্ধী হলে ৫০%) নম্বর পেয়ে 1, এম.বি.এ. অ্যাগ্রিকালচার মার্কেটিং, অ্যাগ্রিকালচার বিজনেস ম্যানেজমেন্টের পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি, পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স পাশরাও যোগ্য। শূন্যপদ : ২টি (জেনাঃ ১, তঃজাঃ ১)।

**সিভিল ইঞ্জিনিয়ারিং** : মোট অন্তত ৬০% (প্রতিবন্ধী হলে ৫৫%) নম্বর পেয়ে সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। মোট অন্তত ৫৫% (প্রতিবন্ধী হলে ৫০%) নম্বর পেয়ে সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের পোস্ট-গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন। শূন্যপদ : ৩টি (জেনাঃ ১, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস. ১)।

**ফিনান্স** : মোট অন্তত ৬০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৫৫%) নম্বর পেয়ে বি.বি.এ. (ফিনান্স / ব্যাঙ্কিং), বি.এম.এস. (ফিনান্স / ব্যাঙ্কিং) কোর্স পাশরা যোগ্য। মোট অন্তত

এরপর ২০ পাতায়

সাম্প্রতিক তথ্যে ভরা

# জিজ্ঞাসা

*চাকরির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? বিজ্ঞপ্তি কবে বেরোবে? কোথায় যোগাযোগ করবেন? এইসব প্রশ্নের উত্তর জানতে এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।*

*এইবিভাগে উত্তর পেতে হলে E-mail করুন এইনম্বরে : karmajiggasa@gmail.com ই-মেলে নিজের নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করবেন।*

## স্টাফ সিলেকশনের

■ *স্টাফ সিলেকশন কমিশনের ২০২১ সালের মাল্টি টাস্কিং স্টাফ ও হাবিলদার পদের প্রথম পার্টের অনলাইন পরীক্ষা কবে থেকে শুরু হবে? — প্রিয়ব্রত দাস, ব্যারাকপুর, উত্তর ২৪ পরগনা।*

■■ এই পদের প্রথম পার্টের অনলাইন পরীক্ষা শুরু হয়েছে। কবে কাদের পরীক্ষা তা জানতে এই ওয়েবসাইট দেখুন : www.ssc.nic.in

## পুলিশে চাকরির

■ *পশ্চিমবঙ্গ পুলিশের কনস্টেবল পদের নতুন বিজ্ঞপ্তি এ'বছর বেরোবে কি? এই পদের জন্য বয়স, শিক্ষাগত যোগ্যতা, প্রার্থী বাছাই পদ্ধতি জানাবেন। — মৃনাল দাস, বিরাটী, উত্তর ২৪ পরগনা। পঙ্কজ চৌধুরী, আমডাঙ্গা, উত্তর ২৪ পরগনা। বিপুল দাস, হুগলি। শুভানন পাল, চন্দননগর, হুগলি।*

■■ মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর বয়সে ছাড় পাবেন। এন.ভি.এফ. ও হোম গার্ডে কর্মরত প্রার্থীরা সরকারি নিয়মানুযায়ী বয়সে ছাড় পাবেন। তবে সিভিক ভলান্টিয়াররা বয়সে ছাড় পাবেন না। অন্য রাজ্যের তপশিলী আর ও.বি.সি. সার্টিফিকেটধারীরা বয়সে কোনো ছাড় পাবেন না ও তাঁদের বেলায় 'সাধারণ প্রার্থী' হিসাবে দরখাস্ত করতে হবে।

ছেলেদের বেলায় শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬৭ সেমি, বুকের ছাতি না-ফুলিয়ে ৭৮ সেমি ও ফুলিয়ে ৮৩ সেমি। ওজন হতে হবে অন্তত ৫৭ কেজি। তপশিলী উপজাতিদের বেলায় লম্বায় অন্তত ১৬০ সেমি, বুকের ছাতি না-ফুলিয়ে ৭৬ সেমি ও ফুলিয়ে ৮১ সেমি আর ওজন থাকতে হবে অন্তত ৫৩ কেজি। মেয়েদের বেলায় শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬০ সেমি। ওজন হতে হবে অন্তত ৪৯ কেজি। গোর্খা, গাড়োয়ালিস, রাজবংশী ও তপশিলী উপজাতিদের বেলায় লম্বায় অন্তত ১৫২ সেমি আর ওজন থাকতে হবে অন্তত ৪৫ কেজি। মূল মাইনে : ২২,৭০০-৫৮,৫০০ টাকা।

প্রার্থী বাছাই করবে 'পশ্চিমবঙ্গ পুলিশ রিক্রুটমেন্ট বোর্ড'। মোট ৪টি পর্যায়ের পরীক্ষা হবে। প্রথমে প্রিলিমিনারি পরীক্ষা হবে। এই পরীক্ষায় সফল হলে শারীরিক সক্ষমতার পরীক্ষা। তাতে সফল হলে লিখিত মেন পরীক্ষা। তারপর হবে পার্সোন্যালিটি টেস্ট। প্রিলিমিনারি পরীক্ষায় ১০০ নম্বরের ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এই সব বিষয়ে : (ক) জেনারেল অ্যাওয়ারনেস ও জেনারেল নলেজ -৫০ নম্বর, (খ) এলিমেন্টারি ম্যাথমেটিক্স (মাধ্যমিক মানের) -৩০ নম্বর, (গ) রিজনিং-২০ নম্বর। সময় থাকবে ১ ঘন্টা। নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। প্রশ্ন হবে বাংলা ও নেপালী ভাষায়।

এই পরীক্ষায় কোয়ালিফাই করলে শারীরিক মাপজোখ (ফিজিক্যাল মেজারমেন্ট টেস্ট) ও শারীরিক সক্ষমতার পরীক্ষার (ফিজিক্যাল এফিসিয়েন্সি টেস্ট) জন্য ডাকা হবে। শারীরিক মাপজোখের পরীক্ষায় উচ্চতা, ওজন, বয়স ইত্যাদি দেখা হবে। শারীরিক মাপজোখের পরীক্ষায় সফল হলে (কোয়ালিফাই) শারীরিক সক্ষমতার পরীক্ষা হবে। ছেলেদের বেলায় এই পরীক্ষায় ৬ মিনিট ৩০ সেকেন্ডে ১,৬০০ মিটার দৌড়তে হবে আর মেয়েদের বেলায় ৪ মিনিটে ৮০০ মিটার দৌড়তে হবে। দৌড়ে একবারই সুযোগ পাবেন। দৌড়ের সময় রেডিও ফ্রিকোয়েন্সি আইডেনটিফিকেশন ডিভাইসের সাহায্য নেওয়া হবে। এই পরীক্ষায় কোয়ালিফাই করলে তবে মেন পরীক্ষার জন্য ডাকা হবে। ৮৫ নম্বরের লিখিত মেন পরীক্ষায় ৮৫টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) জেনারেল অ্যাওয়ারনেস ও জেনারেল নলেজ-২৫ নম্বর, (খ) ইংরিজি - ২৫ নম্বর, (গ) এলিমেন্টারি ম্যাথমেটিক্স (মাধ্যমিক মানের) - ২০ নম্বর, (ঘ) রিজনিং ও লজিক্যাল অ্যানালাইসিস -১৫ নম্বর। সময় থাকবে ১ ঘন্টা। মেন পরীক্ষাতেও নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। প্রশ্ন হবে বাংলা ও নেপালী ভাষায়। লিখিত মেন পরীক্ষায় কোয়ালিফাই করলে ১৫ নম্বরের ইন্টারভিউ হবে। এ'বছর বিজ্ঞপ্তি বেরোবে বলে পুলিশ রিক্রুটমেন্ট বোর্ড সূত্রে জানা গেছে।

## স্কুল সার্ভিসের

■ *আপার প্রাইমারির জন্য ডিগ্রি কোর্সে ৫০% নম্বর চাওয়া হয়। এই ৫০% নম্বর অনার্সে, না পাসে না পাস ও অনার্স মিলিয়ে পেতে হবে? — অসীম কুন্ডু।*

■■ অনার্সে কিংবা অনার্স ও পাস পেপার মিলিয়ে ৫০% নম্বর পেলেই যোগ্য।

## কোর্স ও ট্রেনিং

■ *পশ্চিমবঙ্গ সরকারের এ.এন.এম. ও জি.এন.এম. কোর্সে ভরতির জন্য বয়স, শিক্ষাগত যোগ্যতা, প্রার্থী বাছাই পদ্ধতি ইত্যাদি জানাবেন। এ'বছর ভরতির বিজ্ঞপ্তি কবে বেরোবে? — অসিতকুমার মন্ডল, নলবন, বারুইপুর, দক্ষিণ ২৪ পরগনা।*

■■ পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের অধীন রাজ্যের বিভিন্ন নার্সিং ট্রেনিং স্কুলে প্রায় ১০ হাজার সীটে 'অক্সিলিয়ারি নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি (এ.এন.এম.)' ও 'জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি (জি.এন.এম.)' কোর্সে ভরতির এন্ট্রান্স পরীক্ষার জন্য দরখাস্ত নেওয়া হয়। গত দু'বছর ধরে এই দুই কোর্সে ভরতির জন্য জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষা নিয়ে প্রার্থী বাছাই হচ্ছে। এই টেস্টে সফল হলে মেধা তালিকা তৈরি হবে। তারপর হবে ইন্টারভিউ, গ্রুপ ডিসকাশন ও কাউন্সেলিং। প্রার্থী বাছাই করে পশ্চিমবঙ্গ জয়েন্ট এন্ট্রান্স বোর্ড। কোন কোর্সে কেমন শিক্ষাগত যোগ্যতা, প্রার্থী বাছাই পদ্ধতি ইত্যাদি বিস্তারিত তথ্য দেওয়া হল :

**অক্সিলিয়ারি নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি (রিভাইজড) (এ.এন.এম.)** : মোট অন্তত ৪০% নম্বর পেয়ে যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ তরুণীরা আবেদন করতে পারেন। উচ্চমাধ্যমিকে ইংরিজি বিষয়ে ন্যূনতম ৪০% নম্বর পেয়ে থাকতে হবে। প্রার্থীদের সংশ্লিষ্ট জেলার গ্রাম পঞ্চায়েত এলাকার ৫ বছরের স্থায়ী বাসিন্দা হতে হবে। বাংলা ভাষায় লিখতে ও পড়তে পারা দরকার। ২ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ৫০০ টাকা।

**জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি (জি.এন.এম.)** : মোট অন্তত ৪০% নম্বর পেয়ে যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। উচ্চমাধ্যমিকে ইংরিজি বিষয়ে ন্যূনতম ৪০% নম্বর পেয়ে থাকতে হবে। ইংরিজি বিষয় নিয়ে হেলথ কেয়ার সায়েন্স নিয়ে ভোকেশনাল শাখায় উচ্চমাধ্যমিক পাশরা মোট অন্তত ৪০% নম্বর পেয়ে থাকলেও যোগ্য। এ.এন.এম. (পাশ নম্বর পেয়ে পাশ) হিসাবে নাম নথিভুক্ত থাকলেও যোগ্য। পশ্চিমবঙ্গে একটানা ৫ বছরের স্থায়ী বাসিন্দা হতে হবে। বাংলা ভাষায় লিখতে ও পড়তে পারা দরকার। ৩ বছরের ট্রেনিং। এ.এন.এম. কোর্সে ভরতির জন্য শুধুমাত্র মেয়েরা যোগ্য। আর জি.এন.এম. কোর্সে ভরতির জন্য ছেলেমেয়ে উভয় প্রার্থীরা যোগ্য।

ওপরের সব ক্ষেত্রে বয়স হতে হবে ১৭ থেকে ৩৫ বছরের মধ্যে। কোনো প্রার্থীই বয়সের ছাড় পাবেন না। এ'বছর যাঁরা উচ্চমাধ্যমিকের ফাইনাল পরীক্ষার্থীরাও যোগ্য। বাংলা ভাষায় বলতে, লিখতে পারায় দক্ষতা থাকতে হবে। যাঁরা গ্রাম পঞ্চায়েত এলাকার বাসিন্দা, তাঁরা এ.এন.এম. ও জি.এন.এম. উভয় কোর্সের জন্যই দরখাস্ত করতে পারবেন। কিন্তু যাঁরা গ্রাম পঞ্চায়েত এলাকার বাসিন্দা নন, তাঁরা শুধুমাত্র জি.এন.এম. কোর্সে ভরতির জন্য যোগ্য।

ট্রেনিংয়ে সফল হলে 'স্টাফ নার্স' পদে চাকরি পেতে পারেন। ট্রেনিংয়ের শেষে ৬ মাসের মধ্যে রাজ্য সরকারের স্টাফ নার্স পদে চাকরি পেলে ৫ বছর চাকরি করতে হবে। আবাসিক কোর্স। স্টাইপেন্ড আছে।

প্রার্থী বাছাই করে পশ্চিমবঙ্গ জয়েন্ট এন্ট্রান্স বোর্ড। 'Common Entrance Test for ANM (R) and GNM Courses'এর মাধ্যমে। এ'বছর এই পরীক্ষা ১১ জুন ও ১২ জুন হয়েছে। এখনো ফল বেরোয়নি। শিগগিরই ফল বেরোবে। এই পরীক্ষায় ১১৫ নম্বরের ১০০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) লাইফ সায়েন্স (নবম ও দশম লেভেল পর্যন্ত) - ৫০ নম্বরের ৪০টি প্রশ্ন থাকবে (ক্যাটেগরি-।'এ থাকবে ৩০টি প্রশ্ন, প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য ১ নম্বর কাটা হবে) (ক্যাটেগরি -।।'এ থাকবে ১০টি প্রশ্ন। প্রতিটি প্রশ্নে থাকবে ২ নম্বর। নেগেটিভ মার্কিং নেই)। (২) ফিজিক্যাল সায়েন্স (নবম ও দশম লেভেল পর্যন্ত) - ২৫ নম্বরের ২০টি প্রশ্ন থাকবে (ক্যাটেগরি-।'এ থাকবে ১৫টি প্রশ্ন, প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য ১ নম্বর কাটা হবে) (ক্যাটেগরি -।।'এ থাকবে ৫টি প্রশ্ন। প্রতিটি প্রশ্নে থাকবে ২ নম্বর। নেগেটিভ মার্কিং নেই)। (৩) ইংরিজি - ১৫ নম্বরের ১৫টি প্রশ্ন, (৪) অঙ্ক (নবম ও দশম লেভেল পর্যন্ত) - ১০ নম্বরের ১০টি প্রশ্ন, (৫) জেনারেল নলেজ - ১০ নম্বরের ১০টি প্রশ্ন। (৬) লজিক্যাল রিজনিং-৫ নম্বরের ৫টি প্রশ্ন। সময় থাকবে দেড় ঘন্টা। প্রশ্ন হবে ইংরিজি ও বাংলা ভাষায় (ইংরিজি ও লজিক্যাল রিজনিং ছাড়া)। উত্তর দিতে হবে ও.এম.আর. শীটে। আগামী বছর ভরতির জন্য বিজ্ঞপ্তি বেরোবে ডিসেম্বর-জানুয়ারি মাস নাগাদ। তখন বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে www.wbjeeb.in, www.wbjeeb.nic.in

■ *জেনপাস-ইউ.জি. রযেএন্ট্রান্স টেস্ট হল, তার ফল বেরিয়েছে কি? — প্রিয়া দাস, হাওড়া।*

■■ হ্যাঁ, ফল বেরিয়েছে। সফলদের র‍্যাঙ্ক কার্ড ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইটে : www.wbjeeb.nic.in

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যেসব পদে এখনো দরখাস্ত করতে পারবেন

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার সুযোগ আছে, তা এক নজরে দেওয়া শুরু হল।

| পদ | যোগ্যতা | শূন্যপদ | শেষ তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|---|---|
| কোল ইন্ডিয়ায় ম্যানেজমেন্ট ট্রেনি | গ্র্যাজুয়েট | ৪৮১ | ৭-৮-২২ | www.coalindia.in |
| নেভিতে অগ্নিবীর | HS পাশ | ২,৮০০ | ২২-৭-২২ | www.joinindiannavy.gov.in |
| উত্তর-মধ্য রেলে অ্যাপ্রেন্টিস | মাধ্যমিক ও HS পাশ | ১,৬৫৯ | ১-৮-২২ | www.rrcprvi.org |
| কলকাতা পুর নিগমে সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার | ডিপ্লোমা | ৬২ | ৬-৮-২২ | www.mscwb.org |
| গার্ডেনরিচ শিপবিল্ডার্সে অ্যাপ্রেন্টিস | ITI, মাধ্যমিক ডিগ্রি | ২৪৯ | ৫-৮-২২ | www.grse.in |
| ডি.আর.ডি.ও.-তে সায়েন্টিস্ট | গ্র্যাজুয়েট | ৬৩০ | ২৯-৭-২২ | www.rac.gov.in |
| ব্যারাকপুরে আর্মির র‍্যালি | এইট পাশ মাধ্যমিক, HS | - | নাম রেজিঃ ৩-৮-২২ পর্যন্ত | www.joinindianarmy.nic.in |
| নবোদয় বিদ্যালয়ে শিক্ষক-শিক্ষিকা, লাইব্রেরিয়ান | গ্র্যাজুয়েট, মাস্টার ডিগ্রি | ৪৯৪ | ২৯-৭-২২ | www.navodaya.gov.in |
| দিল্লি পুলিশে হেড কনস্টেবল | উচ্চমাধ্যমিক | ৮৫৭ | ২৯-৭-২২ | www.ssc.nic.in |
| ফার্টিলাইজার অ্যান্ড ট্রাভাঙ্কোরে ম্যানেজমেন্ট ট্রেনি, টেক. | গ্র্যাজুয়েট | ১১০ | ২৯-৭-২২ | www.fact.co.in |
| দিল্লি পুলিশে ড্রাইভার | মাধ্যমিক ও গাড়ি চালানোর অভিজ্ঞতা | ১,৪১১ | ২৯-৭-২২ | www.ssc.nic.in |
| পাওয়ার গ্রিডে অ্যাপ্রেন্টিস | ITI, ডিপ্লোমা মাস্টার ডিগ্রি | ৮৫৭ | ৩১-৭-২২ | www.powergrid.in |

আগামী ১৭ আগস্ট থেকে শুরু হওয়া রেলের গ্রুপ-ডি পরীক্ষায় সিলেবাসভিত্তিক 'Common' প্রশ্নোত্তর পেতে

এছাড়াও পাবেন

- SSC Multi Tasking Staff (৫ - ২২ জুলাই)
- WBCS Main, 2022 (আগস্ট / সেপ্টেম্বর)

আর

রাজ্য পুলিশের কনস্টেবল, সাব-ইন্সপেক্টর, SSC CHSL, CGL সহ সব ধরনের পরীক্ষার Up-to-date স্টাডি মেটেরিয়াল পেতে আজই কিনুন

সাফল্য সাধারণ জ্ঞান

সাফল্য Appointment & Career News

যোগাযোগ করুন : 9830624170

# রেলের গ্রুপ 'ডি'

রেলে গ্রুপ-ডি পদের অনলাইন টেস্ট শুরু হবে ১৭ আগস্ট থেকে। এই পরীক্ষায় ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েস টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল সায়েন্স - ২৫ নম্বর, (২) অঙ্ক - ২৫ নম্বর, (৩) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং - ৩০ নম্বর, (৪) জেনারেল অ্যাওয়ারনেস অ্যান্ড কারেন্ট অ্যাফেয়ার্স - ২০ নম্বর। সময় থাকবে মোট দেড় ঘণ্টা। এই পরীক্ষায় নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। প্রশ্ন হবে বাংলায়। এই পরীক্ষায় ঠিক যে ধরনের প্রশ্ন আসার সম্ভাবনা তেমনই ১০০টি প্রশ্নের উত্তর নিয়ে আলোচনা করলেন রাজ্য সরকারের মূল্যায়ণ পর্যদে কর্মরত **নুরুল ইসলাম**।



1. কিছু টাকার 10% সরল সুদে 2 বছরের সুদ 2400 টাকা। তবে একই সুদের হারে 2 বছরের চক্রবৃদ্ধি সুদ কত?
(A) 2450 টাকা (B) 2620 টাকা (C) 2520 টাকা (D) 2580 টাকা

2. 12 জন বালিকার গড় ওজন, 18 জন বালকের গড় ওজনের থেকে 6 কেজি কম। যদি 12 জন বালিকার ওজন 276 কেজি হয় তবে, 12 জন বালিকা ও 18 জন বালকের মোট ওজনের গড় ওজন কত?
(A) 25.4 কেজি (B) 27.2 কেজি (C) 28.8 কেজি (D) 26.6 কেজি

3. যদি $\cot\theta = \frac{a}{b}$ হয়, তবে $\frac{\cos\theta - \sin\theta}{\cos\theta + \sin\theta} = ?$
(A) $\left(\frac{a-b}{a+b}\right)$ (B) $\frac{a^2}{b^2}$ (C) $\frac{b}{a}$ (D) $\frac{a}{b}$

4. 4 জন পুরুষ ও 9 জন বালক একটি কাজ সম্পূর্ণ করে 3 দিনে, আবার 2 জন পুরুষ ও 6 জন বালক সেই একই কাজ সম্পূর্ণ করে 5 দিনে। তবে 8 জন পুরুষ ও 6 জন বালক কাজটি কত দিনে শেষ করবে?
(A) 3.5 (B) 2 (C) 1.5 (D) 2.5

5. 75 থেকে 97 পর্যন্ত সব পূর্ণ সংখ্যার যোগফল কত?
(A) 1598 (B) 1798 (C) 1958 (D) 1978

6. দৈনিক 7 ঘন্টা কাজ করে A ও B একটি কাজ যথাক্রমে 6 দিনে ও 8 দিনে করতে পারে। তারা একসঙ্গে দৈনিক 8 ঘন্টা কাজ করলে কত দিনে কাজটি শেষ হবে?
(A) 3 (B) 4 (C) 2.5 (D) 3.6

7. 15 বছর পর রাহুলের বয়স তার 5 বছর আগের বয়সের 5 গুণ হলে, বর্তমানে রাহুলের বয়স কত বছর?
(A) 5 (B) 10 (C) 15 (D) 50

8. একটি ব্যাগ 20% লাভে বিক্রি করা হল। যদি আরো 60 টাকা বেশি মূল্যে বিক্রি করা হত, তবে 30% লাভ হত। ব্যাগটির ক্রয়মূল্য কত টাকা?
(A) 500 (B) 600 (C) 550 (D) 620

9. $\frac{(6.4)^2 - (5.4)^2}{(8.9)^2 + (8.9 \times 2.2) + (11)^2} = ?$
(A) 0.118 (B) 0.92 (C) 1.5 (D) 0.61

10. 27 কে এমন দু'টি অংশে ভাগ করুন, যার একটি অংশ অন্যটির 35% হয়। সংখ্যা দু'টি কত?
(A) 18, 9 (B) 21, 6 (C) 20, 7 (D) 24, 3

11. বিদ্যালয়ের বার্ষিক পরীক্ষায় 42% ছাত্রছাত্রী বাংলায় ও 52% ছাত্রছাত্রী ইতিহাসে ফেল করেছে। যদি 17% ছাত্রছাত্রী উভয় বিষয়েই ফেল করে থাকে, তবে কত শতাংশ ছাত্রছাত্রী উভয় বিষয়েই পাশ করেছে?
(A) 23% (B) 27% (C) 34% (D) 40%

12. A একটি কাজ 6 দিনে করতে পারে। B এটি সম্পূর্ণ করতে 8 দিন সময় নেয়। একসঙ্গে কাজ করলে C, যতদিন A ও B লাগে ততদিন নেয়। একসঙ্গে কাজ করতে B ও C-এর কত দিন লাগবে?
(A) $\frac{12}{5}$ (B) $\frac{14}{5}$ (C) $\frac{11}{5}$ (D) $\frac{13}{5}$

13. একটি ট্রেন 16 সেকেন্ডে 155 মিটার ও 18 সেকেন্ডে 195 মিটার লম্বা একটি প্লাটফর্ম পার করে। ট্রেনটির গতিবেগ নির্ণয় করুন।
(A) 69 কিলোমিটার/ঘন্টা (B) 66 কিলোমিটার/ঘন্টা (C) 75 কিলোমিটার/ঘন্টা (D) 72 কিলোমিটার/ঘন্টা

14. তিনটি আলাদা আলাদা ঘড়ি থেকে যথাক্রমে প্রতি 2, 4 ও 6 ঘন্টায় অ্যালার্ম বাজে। যদি ঘড়িগুলি একই সময়ে চলতে শুরু করে, তবে 1 মাসে একসঙ্গে কতবার অ্যালার্ম বাজবে?
(A) 12 (B) 15 (C) 30 (D) 18

15. যদি a ধনাত্মক হয় ও $a^2 + \frac{1}{a^2} = 7$, তাহলে $a^3 + \frac{1}{a^3} = ?$
(A) 21 (B) $7\sqrt{7}$ (C) $3\sqrt{7}$ (D) 18

16. একটি জলের ট্যাঙ্ক $\frac{2}{5}$ অংশ ভরতি। নল A ট্যাঙ্কটিকে 12 মিনিটে ভরতি করতে পারে, যেখানে নল B 6 মিনিটে খালি করতে পারে। যদি দু'টি নলকেই একসঙ্গে চালু রাখা হয়, তাহলে পুরো ট্যাঙ্কটিকে সম্পূর্ণ ভরতি বা খালি করতে কত সময় লাগবে?
(A) 4.8 মিনিটে ভরতি হবে (B) 4.8 মিনিটে খালি হবে (C) 5.6 মিনিটে খালি হবে (D) 5.6 মিনিটে ভরতি হবে

17. একটি গোলকের আয়তন 4851 Cm³. তবে গোলকের ক্ষেত্রফল নির্ণয় করুন।
(A) 1716 Cm² (B) 1386 Cm² (C) 1625 Cm² (D) 3087 Cm²

18. $1 + \cfrac{1}{1 + \cfrac{2}{2 + \cfrac{3}{1 + \cfrac{4}{5}}}} = ?$
(A) $1\frac{5}{17}$ (B) $1\frac{6}{11}$ (C) $1\frac{11}{17}$ (D) $2\frac{11}{17}$

19. x যদি y-এর 90% হয়, তাহলে y, x-এর কত শতাংশ হয়?
(A) 11.1 (B) 111.1 (C) 121.11 (D) 101.11

20. সমাধান করুন $\frac{\sqrt{4375}}{\sqrt{7}} = ?$
(A) 25 (B) 16 (C) 64 (D) 36

21. সম্রাট 5.5 কিলোমিটার/ঘন্টা গতিতে হাঁটতে পারে ও 12.5 কিলোমিটার/ঘন্টা গতিতে সাইকেল চালাতে পারে। 76 কিলোমিটার দূরত্ব সম্পূর্ণ করার জন্য সম্রাট 10 ঘন্টা সময় নেন। সম্রাট কত ঘন্টা পায়ে হেঁটেছিলেন?
(A) 6 (B) 5 (C) 7 (D) 8

22. 1.005 ÷ 100.5 = এর মান নির্ণয় করুন।
(A) 1.001 (B) 0.01 (C) 0.1 (D) 0.001

23. একটি কাঠের বাক্স 1.8 মিটার লম্বা, 1.5 মিটার চওড়া ও 1.2 মিটার উঁচু ও সেটি 6 সেন্টিমিটার প্রস্থের লোহার ঘনক দিয়ে ভরতি। বাক্সটিতে ধরবে এমন লোহার ঘনকের সংখ্যা নির্ণয় করুন।
(A) 13500 (B) 14500 (C) 14000 (D) 15000

24. একটি বহুভুজের অন্তঃস্থ কোণের সমষ্টি হল 1260°. বহুভুজটির বাহুগুলির সংখ্যা নির্ণয় করুন।
(A) 9 (B) 8 (C) 10 (D) 11

25. দেবিকার বার্ষিক আয় হল 15,00,000 টাকা। সে প্রতি মাসে 30,000 ইএমআই দেন। তার মাসিক মাইনের কত শতাংশ ইএমআই দেন?
(A) 26 (B) 25 (C) 28 (D) 24

26. ? স্থানে নিচের কোনটি হবে?

| | | |
|---|---|---|
| 1 | 2 | 3 |
| 11 | 7 | 5 |
| 120 | 45 | ? |

(A) 16 (B) 19 (C) 17 (D) 15

27. অমিলটি খুঁজে বের করুন।
AD, BH, CI, DP, ET
(A) CI (B) AD (C) DP (D) BH

28. নিচের সিরিজে কোনটি বেমানান?
124, 172, 228, 290, 364
(A) 290 (B) 172 (C) 124 (D) 364

29. নিচের বিবৃতিটির ভিত্তিতে, দু'টি সিদ্ধান্তের মধ্যে কোনটি অনুসরণ করেছে?
বিবৃতি : কিছু সিংহ হল বাঘ
কিছু বাঘ হল গাধা
সিদ্ধান্ত :
1. কিছু সিংহ হল গাধা।
2. সব বাঘ হল গাধা।
(A) হয় (1) অথবা (2) অনুসরণ করেছে
(B) শুধুমাত্র (2) অনুসরণ করেছে
(C) (1) অথবা (2) কেউই অনুসরণ করছে না
(D) শুধুমাত্র (1) অনুসরণ করেছে

30. সিরিজটি সম্পূর্ণ করুন :
$P_5QR$, $P_4QS$, $P_3QT$, ____, $P_1QV$
(A) PQW (B) $PQV_2$ (C) $P_2QU$ (D) $PQ_3U$

31. একটি কোড ভাষায় GEL-কে 202215 হিসাবে লেখা হয়। KITE-এর জন্য কোড কী হবে?
(A) 1617722 (B) 1718722 (C) 1618723 (D) 1618722

32. যদি '$' অর্থ ÷, @ অর্থ +, # অর্থ × ও ©-এর অর্থ – হয়, তবে ? স্থানে কত হবে।
16 © 4 $ ? @ 5 # 15 = 90
(A) 12 (B) 4 (C) 8 (D) 16

33. সিরিজটি সম্পূর্ণ করুন :
2DR, 5GS, 8JT, ?
(A) 14NU (B) 12MV (C) 90U (D) 11MU

34. প্রিতমের একমাত্র বোনের বাবা হল রাজ। রাজ, প্রিতমের মায়ের কে?
(A) জ্ঞাতি ভাই/বোন (B) পিতা (C) স্বামী (D) বন্ধু

35. নিচের খালি জায়গায় বসতে পারে এমন চিত্রটি প্রদত্ত নকশা থেকে নির্বাচন করুন।



(A) (B) (C) (D)

36. বিবৃতি বিবেচনা করে সিদ্ধান্ত নির্বাচন করুন।
বিবৃতি : P ≥ Q, Q > R, R = S
সিদ্ধান্ত : I. S < Q, II. P > R, III. P > S
(A) সব সিদ্ধান্তই সঠিক (B) শুধুমাত্র II ও III সঠিক
(C) শুধুমাত্র I ও III সঠিক (D) শুধুমাত্র I সঠিক

37. Worlds Population Day : 11 July : : ? Doctor's Day :
(A) 21 May (B) 1 July (C) 7 April (D) 25 March

38. সূর্যোদয়ের সময়ে অয়ন ও শুভ একে অন্যের দিকে মুখ করে বসে আছে। যদি শুভ'র ছায়া অয়নের ডান দিকে পড়ে, তবে অয়ন কোন দিকে মুখ করে বসে আছে?
(A) উত্তর (B) দক্ষিণ (C) দক্ষিণ-পূর্ব (D) উত্তর-পূর্ব

39. নীচের সংখ্যাগুলির মধ্যে কোনটি অন্য গুলির থেকে আলাদা?
(A) 29 (B) 37 (C) 31 (D) 33

40.




(A) 225 (B) 269 (C) 314 (D) 324

41. রঞ্জন নিজের বাড়ি থেকে বেড়িয়ে দক্ষিণে 15 কিলোমিটার গেল। তারপর ডানদিকে ঘুরে আরো 25 কিলোমিটার পথ গেল। তারপর আবার ডান দিকে ঘুরে 10 কিলোমিটার পথ গেল। আবার বাঁ দিকে ঘুরে 8 কিলোমিটার পথ গেল ও সবশেষে ডান দিকে ঘুরে 5 কিলোমিটার পথ গেল। এখন সে তার বাড়ি থেকে কোন দিকে কত কিলোমিটার দূরে আছে?
(A) 33 কিলোমিটার পূর্বে (B) 33 কিলোমিটার পশ্চিমে
(C) 17 কিলোমিটার পশ্চিমে (D) 17 কিলোমিটার পূর্বে

**নির্দেশ (42–47) :** P, Q, R, S, T, V, W ও Y এই আট বন্ধু বর্গাকার টেবিলের চারপাশে বসে আছে। আটজনের মধ্যে 4 জন টেবিলের কোণায় বসে ও অন্য 4 জন টেবিলের ধারের মাঝে বসেছে। যারা কোণায় বসে, তারা কেন্দ্রের দিকে মুখ করে আর যারা ধারে বসেছে তারা বাইরের দিকে মুখ করে বসে আছে। P-এর ডান দিকে তৃতীয় স্থানে S বসেছে। P কেন্দ্রের দিকে মুখ করে বসেছে। Y, P অথবা S কারো পাশেই বসে নেই। R-এর ডানদিকের তৃতীয় স্থানে T বসেছে। টেবিলের ধারের মাঝে R বসেনি ও R, Y-এর পাশেও বসেনি। P ও Y-এর মাঝে মাত্র একজন বসে। Q, V-এর পাশে বসেনি।

42. সব বন্ধুরা যদি বর্ণমালা অনুসারে ও P থেকে ঘড়ির কাঁটা ঘূর্ণনের দিকে বসে, তবে এমন কত জন P ছাড়া থাকবে, যারা একই স্থানে বসে থাকবে?
(A) কেউ না (B) 1 (C) 2 (D) 3

43. 'Y'এর ক্ষেত্রে নিচের কোনটি সত্য?
(A) T, Y-এর পাশে বসে নেই (B) Y-এর বাঁদিকে দ্বিতীয় স্থানে R বসে।
(C) P ও V, Y-এর পাশে বসে (D) ওপরের কোনোটাই নয়

44. 'V'-এর বাঁদিকে চার নম্বর স্থানে কে বসে?
(A) Y (B) R (C) T (D) Q

45. 'R'-এর সাপেক্ষে Q-এর অবস্থান নির্ণয় করুন।
(A) একদম বাঁদিকে (B) একদম ডানদিকে (C) বাঁদিকের দ্বিতীয় স্থানে (D) ডানদিকের তৃতীয় স্থানে

46. 'W'র ডানদিকের তৃতীয় স্থানে কে বসে?
(A) R (B) S (C) Q (D) Y

47. T ও Q-এর মাঝে কত জন বসে আছে?
(A) 1 (B) 3 (C) 4 (D) কেউ না

48. নিচের সিরিজটিতে ভুলটি নির্বাচন করুন।
4, 2.5, 3.5, 6.5, 15.5, 41.25, 126.75
(A) 2.5 (B) 3.5 (C) 6.5 (D) 15.5

49. সাংকেতিক ভাষায় ENTRY মানে 98462 ও STEADY মানে 749312 বোঝায়, তবে NEATNESS বলতে নিচের কোনটিকে বোঝায়?
(A) 89648971 (B) 89348977
(C) 89439877 (D) 89643272

50. সিরিজটি সম্পূর্ণ করুন :
6 : 17.5 : : 8 : ?
(A) 12.25 (B) 16.5
(C) 20.25 (D) 22.5

51. শূন্যস্থান পূরণ করুন :
__op__mo__n____pnmop__
(A) mrpomn (B) mpnmop
(C) mnpmon (D) ompnomn

☞ এরপর ২০ পাতায়

# রেলের গ্রুপ 'ডি'

১৯ পাতার পর

52. ইংরিজি অভিধান অনুসারে নিচের শব্দটি তৃতীয় স্থানে রয়েছে?
(A) General (B) Genuine (C) Germany (D) Gerbera

53. একটি বালক একজন বালিকাকে পরিচয় করানোর সময় বললেন, বালিকাটি তার মায়ের ভাই-এর স্ত্রী-এর একমাত্র বোন, তবে বালিকার সঙ্গে তার মায়ের ভাইয়ের সম্পর্ক কী?
(A) শ্যালিকা (B) বোন (C) ভগিনী (D) মেয়ে

54. অমিল খুঁজে বের করুন :
(A) DVW (B) GST (C) JPQ (D) MNK

55. যদি PEN = 560, NIB = 126 হয়, তবে BOOK = ?
(A) 2475 (B) 3640 (C) 2551 (D) 2411

56. 2022 সালে 'জাতীয় রেল দিবস' কবে পালন করা হয়?
(A) 16 এপ্রিল (B) 16 মে (C) 16 জুন (D) 16 জানুয়ারি

57. সম্প্রতি সংবাদ শিরোনামে আসা ঋষি সুনক ব্রিটেনের কোন মন্ত্রকের দায়িত্বে ছিলেন?
(A) পরিবহণ (B) অর্থমন্ত্রক (C) সামরিক (D) বাণিজ্যিক

58. নীচের কোন ট্রেনটি কলকাতার সঙ্গে ঢাকার সংযোগ রক্ষা করে?
(A) মিতালী এক্সপ্রেস (B) মৈত্রী এক্সপ্রেস (C) বন্ধন এক্সপ্রেস (D) ওপরের সবকটিই

59. ভারতীয় রেলমন্ত্রক কত সালে প্রতিষ্ঠিত হয়?
(A) 1900 (b) 1905 (C) 1920 (D) 1947

60. ভারতের বিদেশ সচিব এখন কে?
(A) বিনয় মোহন কোয়াত্রা (B) অজয় কুমার (C) তরুন বাজাজ (D) রাজীব সিনহা

61. তালিকা I ও তালিকা II-এর মধ্যে সঠিকভাবে মিলিয়ে সঙ্কেত নির্বাচন করুন —

| তালিকা I | তালিকা II |
|---|---|
| রেলওয়ে জোন | সদরদফতর |
| (i) উত্তর-পূর্ব রেলওয়ে | (a) ভুবনেশ্বর |
| (ii) দক্ষিণ-পূর্ব মধ্য রেলওয়ে | (b) বিলাসপুর |
| (iii) উত্তর-মধ্য রেলওয়ে | (c) গোরক্ষপুর |
| (iv) পূর্ব উপকূলীয় রেলওয়ে | (d) এলাহাবাদ |

(A) (i) – d, (ii) – b, (iii) – a, (iv) – c
(B) (I) – c, (II) – b, (iii) – d, (iv) – a
(C) (i) – b, (ii) – d, (iii) – c, (iv) – a
(D) (i) – b, (ii) – a, (iii) – c, (iv) – d

62. 'ইন্ডিয়ান রেলওয়ে ইনস্টিটিউট অফ সিভিল ইঞ্জিনিয়ারিং' কোথায় অবস্থিত?
(A) কলকাতা (B) চেন্নাই (C) ভাদোদরা (D) পুণে

63. কোন ভাইসরয়-এর সময়কালে রেলওয়ে বোর্ড গঠিত হয়?
(A) লর্ড কার্জন (B) লর্ড চেমসফোর্ড (C) লর্ড হার্ডিঞ্জ (D) লর্ড মিন্টো II

64. ভারতে 1853 সালে প্রথম যে ট্রেন চালু হয়েছিল, তার নাম কী ছিল?
(A) সিন্ধ, স্বরাজ, সাহিব (B) সাহিব, সিন্ধ ও সুলতান (C) ইস্ট ইন্ডিয়া রেল (D) রয়্যাল এক্সপ্রেস

65. ব্রড গেজ লাইনের মধ্যে দূরত্ব কত?
(A) 1.56 মিটার (B) 1.77 মিটার (C) 1.67 মিটার (D) 1.76 মিটার

66. 'পিএম গতিশক্তি মাস্টার প্ল্যান'এর মাধ্যমে ক'টি নতুন 'বন্দে ভারত ট্রেন' চালানোর প্রস্তাব রাখা হয়েছে?
(A) 400টি (B) 500টি (C) 300টি (D) 600টি

67. দ্বাদশ পঞ্চবার্ষিকী পরিকল্পনা বা, ভারতের শেষ পঞ্চবার্ষিকী পরিকল্পনা কত সাল থেকে কত সাল পর্যন্ত চলেছিল?
(A) 2010 – 2015 (B) 2011 – 2015 (C) 2012 – 2017 (D) 2011–2016

68. কত নং ধারায় ভারতে অভিন্ন দেওয়ানী বিধি প্রচলন করার কথা বলা আছে?
(A) 44নং (B) 40নং (C) 45নং (D) 43নং

69. লোকসভার মোট আসনের কত অংশ পেলে সেই দলকে বিরোধী দল হিসাবে ধরা হবে?
(A) $\frac{1}{12}$ অংশ (B) $\frac{1}{5}$ অংশ (C) $\frac{1}{10}$ অংশ (D) $\frac{1}{4}$ অংশ

70. নীচের কোন কমিটিতে কোনো রাজ্যসভার সদস্য থাকেন না?
(A) এস্টিমেটস কমিটি (B) পাব্লিক অ্যাকাউন্টস কমিটি (C) ব্যবসায় পরামর্শদাতা কমিটি (D) বিধি কমিটি

71. কততম সংবিধান সংশোধনীর মাধ্যমে ভারত ও বাংলাদেশের মধ্যে জমির সীমানা চুক্তি হয়?
(A) 102 (B) 100 (C) 101 (D) 103

72. ভারতের জলপথের সীমারেখা কতদূর পর্যন্ত বিস্তৃত?
(A) উপকূল থেকে 3 নটিক্যাল মাইল (B) উপকূল থেকে 6 নটিক্যাল মাইল (C) উপকূল থেকে 12 নটিক্যাল মাইল (D) উপকূল থেকে 24 নটিক্যাল মাইল

73. 'জোজি লা' গিরিপথ নিচের কোন দু'টি স্থানকে সংযোগ করেছে?
(A) জম্মু-লাদাখ (B) মান্ডি-লে (C) শ্রীনগর-লে (D) শ্রীনগর - জম্মু

74. মধ্য প্রদেশের নেপানগর কীজন্য বিখ্যাত?
(A) টেক্সটাইল (B) নিউজপ্রিন্ট কাগজ (C) লৌহ ইস্পাত (D) সার

75. আন্টার্কটিকায় অবস্থিত ভারতের তৃতীয় গবেষণাগারটির নাম কী?
(A) মৈত্রী (B) গঙ্গোত্রী (C) ভারতী (D) লোপামুদ্রা

76. চুনাপাথর রূপান্তরিত হয়ে কীসে পরিণত হয়?
(A) স্লেট (B) মার্বেল (C) কোয়ার্টজাইট (D) নিস

77. 'বৈশেষিক দর্শন'এর রচয়িতা কে?
(A) কপিল (B) গৌতম (C) পতঞ্জলী (D) কণাদ

78. পার্শ্বনাথ জৈন ধর্মের কততম তীর্থঙ্কর?
(A) 23 (B) 22 (C) 21 (D) 24

79. 'চৌথ' ও 'সরদেশমুখী' নামে দু'টি কর কোন শাসকের নামের সাথে যুক্ত?
(A) আকবর (B) ঔরঙ্গজেব (C) শিবাজী (D) ফিরোজ শাহ তুঘলক

80. 1906 সালে কংগ্রেসের কলকাতা অধিবেশনে 'স্বরাজ' শব্দটি প্রথম ব্যবহার করা হয়। এই অধিবেশনের সভাপতিত্ব কে করেছিলেন?
(A) জওহরলাল নেহেরু (B) রাসবিহারী ঘোষ (C) দাদাভাই নৌরজি (D) রহিমতুল্লা সায়ানি

81. 'হলদিঘাটের যুদ্ধ' কত সালে হয়েছিল?
(A) 1556 (B) 1576 (C) 1540 (D) 1526

82. একটি যন্ত্র 10 কিলোগ্রাম ভার বল প্রয়োগ করে 250 কিলোগ্রাম ভার তোলে। যন্ত্রটির যান্ত্রিক সুবিধা হল —
(A) 50 (B) 25 (C) 2500 (D) 100

83. 1 কিলোওয়াট =
(A) $\frac{1}{2}$HP (B) $\frac{2}{3}$HP (C) $\frac{3}{4}$HP (D) $\frac{4}{3}$HP

84. 20 কিলোগ্রাম ভরের বস্তুতে 4 মি / সেং স্বরণ উৎপন্ন করতে যে মানের বল প্রয়োজন তা হল —
(A) 40 নিউটন (B) 80 নিউটন (C) 40 ডাইন (D) 80 ডাইন

85. একটি প্রোটন, একটি ইলেক্ট্রনের থেকে কত গুণ ভারি?
(A) 1850 (B) 1836 (C) 1860 (D) 1880

86. 10 ওহম রোধের 5টি বাতিকে সমান্তরাল সমবায়ে যুক্ত করলে তুল্য রোধ হয় —
(A) 25Ω (B) 30Ω (C) 2Ω (D) 0.5Ω

87. Ca(OCl)Cl কীসের রাসায়নিক সঙ্কেত?
(A) কাপড় কাচা সোডা (B) ন্যাপথলিন (C) ভিনিগার (D) ব্লিচিং পাউডার

88. সম্প্রতি বিশ্বকাপে সোনার পদক জয়ী মেহুলী ঘোষ কোন খেলার সঙ্গে যুক্ত?
(A) ব্যাডমিন্টন (B) শুটিং (C) টেবল টেনিস (D) বক্সিং

89. ভারতের কোন রাজ্যে সবথেকে বেশি ফল চাষ হয়?
(A) পশ্চিমবঙ্গ (B) উত্তর প্রদেশ (C) মহারাষ্ট্র (D) অন্ধ্র প্রদেশ

90. কত সালে প্রথম ভারতে 'জাতীয় অরণ্য নীতি' ঘোষিত হয়?
(A) 1947 (B) 1949 (C) 1950 (D) 1952

91. 'ডোলড্রামস' দেখা যায় কোন অঞ্চলে?
(A) মেরু অঞ্চল (B) নিরক্ষীয় অঞ্চল (C) ক্রান্তীয় অঞ্চল (D) উপ ক্রান্তীয় অঞ্চল

92. নিচের কোন রাজ্যের আঞ্চলিক লোকনৃত্য হল 'মারুনী'?
(A) মেঘালয় (B) সিকিম (C) নাগাল্যান্ড (D) অসম

93. Demise of-এর অর্থ কী?
(A) অপমান করা (B) ঘৃণা করা (C) মৃত্যু (D) জন্ম

94. বর্তমানে ভারতে মোট ক'টি ব্যাঘ্র সংরক্ষণ বনভূমি আছে?
(A) 20 (B) 27 (C) 45 (D) 52

95. 'লোসার' নিচের কোন রাজ্য/কেন্দ্রশাসিত অঞ্চলের আঞ্চলিক উৎসব?
(A) তামিলনাড়ু (B) কর্ণাটক (C) লাদাখ (D) উত্তরাখণ্ড

96. অ্যান্থনি আলবানেজ নিচের কোন দেশের প্রধানমন্ত্রী?
(A) অস্ট্রেলিয়া (B) দক্ষিণ কোরিয়া (C) তাইল্যান্ড (D) কাজাখ-ই-স্তান

97. 'India Aspires : Redefining Politics of Development' বইটির লেখক কে?
(A) অশ্বিনী বৈষ্ণব (B) নীতিন গডকড়ি (C) রাজনাথ সিং (D) সুষমা স্বরাজ

98. নিচের কোন সংস্থাটি 'স্টেট অফ ওয়ার্ল্ড পপুলেশন রিপোর্ট' তৈরি করে?
(A) World Bank (B) IMF (C) UNFPA (D) UNICEF

99. 2026 সালে 'কমনওয়েলথ গেমস' আয়োজন করবে কোন দেশ?
(A) কাতার (B) কানাডা (C) অস্ট্রেলিয়া (D) জাপান

100. সম্প্রতি প্রয়াত জাপানের প্রাক্তন প্রধানমন্ত্রী শিনজো আবে কোন রাজনৈতিক দলের হয়ে প্রতিনিধিত্ব করতেন?
(A) লিবারেল ডেমোক্র্যাটিক পার্টি (B) জাপানিস্ট কমিউনিস্ট পার্টি (C) ডেমোক্র্যাটিক পার্টি অফ দ্যা পিপল (D) সোশ্যাল ডেমোক্র্যাটিক পার্টি

## উত্তর

1(C). 2(D). 3(A). 4(D). 5(D). 6(A). 7(B). 8(B). 9(A). 10(C). 11(A). 12(A). 13(D). 14(B). 15(D). 16(B). 17(B). 18(C). 19(B). 20(A). 21(C). 22(B). 23(D). 24(A). 25(D). 26(A). 27(A). 28(A). 29(C). 30(C). 31(D). 32(B). 33(D). 34(C). 35(C). 36(A). 37(B). 38(B). 39(D). 40(A). 41(B). 42(A). 43(B). 44(A). 45(B). 46(D). 47(A). 48(C). 49(B). 50(D). 51(C). 52(D). 53(A). 54(D). 55(A). 56(A). 57(B). 58(B). 59(B). 60(A). 61(B). 62(D). 63(A). 64(B). 65(C). 66(A). 67(C). 68(A). 69(C). 70(A). 71(B). 72(C). 73(C). 74(B). 75(C). 76(B). 77(D). 78(A). 79(C). 80(C). 81(B). 82(B). 83(D). 84(B). 85(B). 86(C). 87(D). 88(B). 89(D). 90(D). 91(B). 92(B). 93(C). 94(D). 95(C). 96(A). 97(B). 98(C). 99(C). 100(A).

# ন্যাবার্ডে ১৬১

১৭ পাতার পর

৫৫% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৫০%) নম্বর পেয়ে ম্যানেজমেন্ট (ফিনান্স)'এর পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা বা, এম.বি.এ. ফিনান্স কোর্স পাশরা আবেদন করতে পারেন। ফিনান্সিয়াল অ্যান্ড ইনভেস্টমেন্ট অ্যানালিসিসের ডিগ্রি কোর্স পাশরা মোট অন্তত ৬০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৫৫%) নম্বর পেয়ে থাকলেও যোগ্য। শূন্যপদ : ৩০টি (জেনাঃ ১১, তঃজাঃ ৫, ই.ডব্লু.এস. ৩, ও.বি.সি. ১১)।

**কম্পিউটার অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজি :** কম্পিউটার সায়েন্স, কম্পিউটার টেকনোলজি, কম্পিউটার অ্যাপ্লিকেশন বা, ইনফর্মেশন টেকনোলজির ডিগ্রি কোর্স পাশরা মোট অন্তত ৬০% (তপশিলী বা, প্রতিবন্ধী হলে ৫৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য।

মোট অন্তত ৫৫% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৫০%) নম্বর পেয়ে কম্পিউটার সায়েন্স, কম্পিউটার টেকনোলজি, কম্পিউটার অ্যাপ্লিকেশন বা, ইনফর্মেশন টেকনোলজির বিষয়ের পোস্ট-গ্র্যাজুয়েট কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ২৫টি (জেনাঃ ১০, তঃজাঃ ৪, ও.বি.সি. ৯, ই.ডব্লু.এস. ২)।

ওপরের সব ক্ষেত্রে বয়স হতে হবে ১-৭-২০২২'এর হিসাবে ২১ থেকে ৩০ বছরের মধ্যে অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে ২-৭-১৯৯২ থেকে ১-৭-২০০১'এর মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, প্রতিবন্ধীরা ১০ (ও.বি.সি.'রা ১৩, তপশিলীরা ১৫) বছর ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ২৮,১৫০-৫৫,৬০০ টাকা। শুরুতে মাইনে মাসে প্রায় ৭০,০০০ টাকা। শুরুতে ২ বছরের প্রবেশন। তবে আরো ১ বছর প্রবেশনে থাকতে হবে। চাকরি হবে 'এ' গ্রেডে, ভারতের যে কোনো জায়গায়। এই পদের বিজ্ঞপ্তি নং : 2/Grade A /2022-23.

প্রার্থী বাছাই হবে প্রথমে অনলাইন প্রিলিমিনারি পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা হবে ৭ সেপ্টেম্বর। পূর্ব ভারতে এইসব কেন্দ্রে : কলকাতা, আসানসোল, দুর্গাপুর, হুগলি, কল্যাণী, গ্রেটার কলকাতা, শিলিগুড়ি, গ্যাংটক, ভুবনেশ্বর, গুয়াহাটি, পটনা, রাঁচী, আগরতলা ও শিলংয়ে। ২ ঘন্টার ২০০ নম্বরের পরীক্ষা। প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের। এই ৭ বিষয়ে : (১) জেনারেল অ্যাওয়ারনেস- ২০ নম্বর। (২) টেস্ট অফ রিজনিং- ২০ নম্বর। (৩) টেস্ট অফ ইংলিশ- ৩০ নম্বর। (৪) কম্পিউটার নলেজ- ২০ নম্বর। (৫) কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড- ২০ নম্বর। (৬) ইকনমিক অ্যান্ড সোশ্যাল ইস্যু - ৪০ নম্বর, (৭) অ্যাগ্রিকালচার অ্যান্ড রুরাল ডেভেলপমেন্ট - ৪০ নম্বর। (৮) ডিসিসান মেকিং - ১০ নম্বর।

প্রিলিমিনারি পরীক্ষায় সফলদের তালিকায় যাঁদের নাম থাকবে, তাঁরাই 'মেন' পরীক্ষা দিতে পারবেন। মেন পরীক্ষা হবে কলকাতা, রাঁচী, শিলং, গুয়াহাটি, ভুবনেশ্বরে। এই পরীক্ষায় থাকবে দু'টি পেপার। প্রথম পেপারে জেনারেল ইংলিশের ডেসক্রিপ্টিভ টাইপের দেড় ঘন্টার ১০০ নম্বরের পরীক্ষা হবে। দ্বিতীয় পেপারে অবজেক্টিভ টাইপের দেড় ঘন্টার ১০০ নম্বরের পরীক্ষায় থাকবে এইসব বিষয় : (ক) ইকনমিক অ্যান্ড সোশ্যাল ইস্যু আর অ্যাগ্রিকালচার ও রুরাল ডেভেলপমেন্ট, (খ) সংশ্লিষ্ট বিষয়ের প্রশ্ন। নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে এক নম্বর কাটা হবে। এরপর হবে ২৫ নম্বরের ইন্টারভিউ।

লিখিত পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত সিলেবাস অ্যাডমিট কার্ডের সঙ্গেই দেওয়া হবে। অ্যাডমিট কার্ড অনলাইনেই পাবেন। এছাড়াও বিস্তারিত সিলেবাস পাবেন এই ওয়েবসাইটে : www.nabard.org তপশিলী প্রার্থীদের বিনা খরচে প্রি-এক্সামিনেশন ট্রেনিং দেওয়া হবে কলকাতা, গুয়াহাটি, রাঁচী, পটনা ও শিলংয়ে। লিখিত পরীক্ষার কল লেটার একমাত্র ই-মেলে পাঠানো হবে। ডাকযোগে কোনো কল লেটার পাঠানো হবে না।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৮ জুলাই থেকে ৭ আগস্ট পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.nabard.org, http://cgrs.ibps.in অনলাইনে দরখাস্ত করার আগে একটি বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। তারপর সাদা কাগজে নিচের প্যারাগ্রাফটি নিজের হাতের লেখায় লিখে স্ক্যান করবেন "I............(Name of the candidate), hereby declare that all the information submitted by me in the application form is correct, true and valid. I will present the supporting documents as and when required.".

প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে আর ফটো ও সিগনেচার আপলোড করে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তখন ইউজার আই.ডি. ও পাশওয়ার্ড পাবেন। এরপর পরীক্ষা ফী বাবদ ৮০০ (তপশিলী, প্রতিবন্ধী হলে ১৫০) টাকা জমা দিতে হবে ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, ইন্টারনেট ব্যাঙ্কিং, ক্যাশ কার্ড বা, মোবাইল ওয়ালেটে। টাকা জমা দেওয়ার পর ই-রিসিপ্ট প্রিন্ট করে নেবেন। সবশেষে সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন।

TIEM®
Govt. Reg. : S/2L/No. 33016

The Institute of Education & Management
AN ISO 9001-2015 Certified

NOW ADMISSION OPEN

Hotel & Hospitality Management



কোর্স করলেই দেশ বিদেশে নিশ্চিত চাকরি
☞ কোর্স করতে করতে চাকরির সুযোগ
☞ দরিদ্র ছাত্র-ছাত্রীদের কোর্স করার বিশেষ সুযোগ

কেন TIEM-এ ভর্তি হবেন ?
❖ Fully Sanitized Classroom. ❖ Bank Loan-এর ব্যবস্থা ও চাকরি পাওয়ার পর পরিশোধ করার সুবিধা। ❖ Instalment এ Course Fees দেওয়ার সুবিধা। ❖ ন্যূনতম Course Fees এবং অফুরন্ত সুযোগ। ❖ Fully AC Campus. ❖ wi-fi connectivity. ❖ Free Separate Hostel facilities for Girls & Boys. ❖ Regular Industry visit. ❖ Concession for SC/ST/OBC/Girls. ❖ Books & Uniform Free.

সেরার স্বীকৃতি
ভারতের সর্বাধিক প্রচারিত সাপ্তাহিক
কর্মসংস্থান-এর
বিচারে ২০১৯ সালের
PLACEMENT CATEGORY-তে
সেরা হোটেল
ম্যানেজমেন্ট কলেজ
TIEM




Education Excellence 2020 সেরার স্বীকৃতি



Education Excellence 2021 সেরার স্বীকৃতি

For Admission Call
8768647416
7384783625

WB Nursing & Multi Services

MBBS
BDS
Paramedical
B. Pharm
D. Pharm

WB Nursing & Multi Services
Admission Open

ক্রেডিট কার্ডের মাধ্যমে নার্সিং পড়ার সুবর্ণ সুযোগ

GNM & B. Sc
নার্সিং
Up to 1Lakh Scholarship

পশ্চিমবঙ্গে GNM & B.Sc. Nursaing-এর সিট বুকিং-এর জন্য অতিসত্ত্বর যোগাযোগ করুন



Hospital More, Tamluk
Purba Medinipur, Pin-721636
7384783625
8116669515

## নেভিতে ২০০ অগ্নিবীর

১ পাতার পর

কাজ করতে হবে। সেইসঙ্গে সংগঠনকে দক্ষভাবে চালনার জন্য বিভিন্ন ধরনের কাজ করতে হবে।

জন্ম-তারিখ হতে হবে ১-১২-১৯৯৯ থেকে ৩১-৫-২০০৫'এর মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৫৭ সেমি., বুকের ছাতি অন্তত ৫ সেমি. প্রসারণক্ষম আর উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ ওজন। দৃষ্টিশক্তি হতে হবে চশমা ছাড়া ভালো চোখে ৬/৬ ও খারাপ চোখে ৬/৯ বা, চশমা পড়ে ভালো চোখে ৬/৬ ও খারাপ চোখে ৬/৬। এছাড়া রং চেনার ক্ষমতা CPII থাকতে হবে। শুরুতে বেসিক ট্রেনিং শুরু ডিসেম্বরে। ওড়িশার খুরদার আই.এন.এস. চিল্কায়। তারপর নির্দিষ্ট ট্রেডে নৌবাহিনীতে পেশাদারি ট্রেনিং। মোট ৪ বছরের চাকরি। চাকরি হবে চুক্তিতে। শুরুতে ৬ মাসের ট্রেনিং। ট্রেনিং চলার সময় স্টাইপেন্ড পাবেন। প্রথম বছর মাইনে পাবেন মাসে ৩০,০০০ টাকা। এর মধ্যে হাতে পাবেন ২১,০০০ টাকা। বাকি ৯,০০০ টাকা 'অগ্নিবীর করপাস ফান্ডে' জমা হবে। সম পরিমাণ টাকা অর্থাৎ, ৯,০০০ টাকা কেন্দ্রীয় সরকার করপাস ফান্ডে দেবে।

দ্বিতীয় বছর মাইনে পাবেন মাসে ৩৩,০০০ টাকা। এর মধ্যে হাতে পাবেন ২৩,১০০ টাকা। বাকি ৯,৯০০ টাকা 'অগ্নিবীর করপাস ফান্ডে' জমা হবে। সম পরিমাণ টাকা অর্থাৎ, ৯,৯০০ টাকা কেন্দ্রীয় সরকার করপাস ফান্ডে দেবে।

তৃতীয় বছর মাইনে পাবেন মাসে ৩৬,৫০০ টাকা। এর মধ্যে হাতে পাবেন ২৫,৫৫০ টাকা। বাকি ১০,৯৫০ টাকা 'অগ্নিবীর করপাস ফান্ডে' জমা হবে। সম পরিমাণ টাকা অর্থাৎ, ১০,৯৫০ টাকা কেন্দ্রীয় সরকার করপাস ফান্ডে দেবে।

চতুর্থ বছর মাইনে পাবেন মাসে ৪০,০০০ টাকা। এর মধ্যে হাতে পাবেন ২৮,০০০ টাকা। বাকি ১২,০০০ টাকা 'অগ্নিবীর করপাস ফান্ডে' জমা হবে। সম পরিমাণ টাকা অর্থাৎ, ১২,০০০ টাকা কেন্দ্রীয় সরকার করপাস ফান্ডে দেবে।

এছাড়াও অগ্নিবীরদের নন-কনট্রিবিউটরি স্কিমে ৪৮ লাখ টাকার জীবন বিমা করিয়ে দেওয়া হবে। মৃত্যুকালীন দুর্ঘটনা হলে প্রায় ১ কোটি টাকা দেওয়া হবে। শরীরের ৭৫% ক্ষতি হলে ২৫ লাখ আর ৫০% ক্ষতি হলে ১৫ লাখ টাকা পাবেন। সেইসঙ্গে রিস্ক, হার্ডশিপ, রেশন, পোশাক, ভ্রমণ ভাতা দেওয়া হবে। এছাড়াও বছরে ৩০ দিন ছুটি থাকবে। সেইসঙ্গে মেডিক্যাল লিভ-ও পাওয়া যাবে।

৪ বছর চাকরি করার পর ২৫% প্রার্থীকে পরীক্ষা দিয়ে ১৫ বছরের চাকরির জন্য কেন্দ্রীয় সরকারের স্থায়ী পদে নিয়োগ করা হবে জুনিয়র কমিশন্ড অফিসার বা, অন্য র‍্যাঙ্কে। তখন রেগুলার কর্মীর মতো পেনশনও পাবেন। বাকি ৭৫% কর্মীকে 'অগ্নিবীর স্কিল সার্টিফিকেট' দিয়ে চাকরি থেকে ছুটি দেওয়া হবে। তখন নিজের প্রাপ্য অগ্নিবীর করপাস ফান্ডের টাকা আর সরকারের দেওয়া করপাস ফান্ডের টাকা মিলিয়ে (সুদ-সহ) মোট প্রায় ১১ লাখ ৭১ হাজার টাকা এককালীন (এই প্যাকেজের নাম দেওয়া হয়েছে 'সেবা নিধি') দেওয়া হবে যা, আয়করে ছাড় দেওয়া হবে। এই সার্টিফিকেট দিয়ে অন্য কোনো সংস্থায় চাকরি পেতে পারেন কিংবা দ্বিতীয়বার কেরিয়ার তৈরির জন্য ব্যবসা করতে ঋণ পেতে পারেন। কোনো গ্র্যাচুইটি ও পেনশন নেই। এছাড়া বিনা খরচায় থাকা-খাওয়া ও চিকিৎসার সুযোগ আছে।

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে লিখিত পরীক্ষা, শারীরিক সক্ষমতার পরীক্ষা ও ডাক্তারি পরীক্ষা হবে। শিক্ষাগত যোগ্যতায় পাওয়া নম্বর দেখে মোট শূন্যপদের ৪ গুণ অর্থাৎ, ৮০০ জন প্রার্থীকে লিখিত পরীক্ষার 'কল লেটার' পাঠানো হবে। পশ্চিমবঙ্গ, বিহার, ঝাড়খন্ড ও উত্তর-পূর্বাঞ্চলের প্রার্থীদের বেলায় পরীক্ষা হবে 'কলকাতা'য়। সব ক্ষেত্রেই প্রশ্ন হবে অবজেক্টিভ টাইপের।

সফল হলে ওই একদিনেই শারীরিক সক্ষমতার পরীক্ষা হবে। এই পরীক্ষায় থাকবে ছেলেদের বেলায় সাড়ে ৬ মিনিটে ১.৬ কিমি দৌড়, ২০ বার ওঠ-বোস ও ১০ বার পুশ-আপ। মেয়েদের বেলায় ৮ মিনিটে ১.৬ কিমি দৌড়, ১৬ বার ওঠ-বোস ও ১০ বার হাঁটু ভেঙে সিট আপ।

এরপর ডাক্তারি পরীক্ষার জন্য ডাকা হবে। লিখিত পরীক্ষার সময় যাবতীয় প্রমাণপত্রের মূল সঙ্গে নিয়ে যাবেন। কল লেটার ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইট থেকে : www.joinindiannavy.gov.in মেধা তালিকা বেরোবে নভেম্বরে।

দরখাস্ত করবেন অনলাইনে, ২৫ জুলাই থেকে ৩০ জুলাইয়ের মধ্যে। এই ওয়েবসাইটে : www.joinindiannavy.gov.in

এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও নিচের এইসব প্রমাণপত্র স্ক্যান করে নেবেন : (ক) পাশপোর্ট মাপের রঙিন ফটো (১০ থেকে ৫০ কেবির মধ্যে), (খ) বুড়ো আঙুলের ছাপ (লেফট থাম্ব ইমপ্রেশন) (১০ থেকে ৫০ কেবির মধ্যে), (গ) সিগনেচার (১০ থেকে ৫০ কেবির মধ্যে), (ঘ) বয়স, শিক্ষাগত যোগ্যতার মার্কশীট। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## সেবিতে ২৪ অফিসার

১ পাতার পর

শাখার ডিগ্রি কোর্স পাশরা আবেদন করতে পারেন। যে কোনো শাখার ডিগ্রি কোর্স পাশরা কম্পিউটার অ্যাপ্লিকেশন, ইনফর্মেশন টেকনোলজির ২ বছরের পোস্ট-গ্র্যাজুয়েট কোর্স পাশ হলেও যোগ্য। বয়স হতে হবে ৩০-৬-২০২২'এর হিসাবে ৩০ বছরের মধ্যে অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে ১-৭-১৯৯২ বা, তারপর। তপশিলী, ও.বি.সি.'রা যথারীতি বয়সে ছাড় পাবেন। শুরুতে ২ বছরের প্রবেশন। মূল মাইনে : ৪৪,৫০০-৮৯,১৫০ টাকা। শূন্যপদ : ২৪টি (জেনাঃ ১১, ও.বি.সি. ৫, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ৩, ই.ডব্লু.এস. ১)।

প্রার্থী বাছাই হবে দু'টি ফেজে। প্রথম ফেজের পরীক্ষা হবে অনলাইনে। পরীক্ষা হবে ২৭ আগস্ট, কলকাতা, আসানসোল, শিলিগুড়ি, ধানবাদ, জামশেদপুর, রাঁচী, আগরতলা, গ্যাংটক। প্রথম ফেজে ২০০ নম্বরের দু'টি পেপার থাকবে। প্রথম পেপারে ১০০ নম্বরের মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : জেনারেল অ্যাওয়ারনেস, ইংলিশ ল্যাঙ্গোয়েজ, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউট, টেস্ট অফ রিজনিং। সময় থাকবে ৬০ মিনিট। দ্বিতীয় পেপারে ১০০ নম্বরের ৪০ মিনিটের পরীক্ষায় প্রশ্ন থাকবে সংশ্লিষ্ট বিষয়ের ওপর।

দ্বিতীয় ফেজের পরীক্ষা হবে ২৪ সেপ্টেম্বর। প্রথম পেপারে ১০০ নম্বরের ৬০ মিনিটের পরীক্ষায় প্রশ্ন হবে ইংরিজি ডেসক্রিপ্টিভ টাইপের টেস্ট আর দ্বিতীয় পেপারে ১০০ নম্বরের ২১০ মিনিটের পরীক্ষায় থাকবে সংশ্লিষ্ট বিষয়ের ওপর প্রশ্ন।

এম.সি.কিউ. টাইপের পার্টে নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা যাবে।

দ্বিতীয় ফেজের পরীক্ষায় প্রথম পেপারে ৩০% ও দ্বিতীয় পেপারে ৪০% নম্বর পেলে কোয়ালিফাই করতে পারবেন। এরপর হবে ইন্টারভিউ।

দরখাস্ত করবেন অনলাইনে, ৩১ জুলাই পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.sebi.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। প্রথমে পাশপোর্ট মাপের ফটো, সিগনেচার, লেফট থাম্ব ইমপ্রেশন স্ক্যান করে নেবেন। এছাড়াও নিচের এই প্যারাগ্রাফটি নিজের হাতে লিখে স্ক্যান করে নেবেন : 'I — (Name of the candidate), hereby declare that all the information submitted my me in the application form is correct, true and Valid. I wil present the supporting documents as and when required'.

এবার ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ১,০০০ (তপশিলী, প্রতিবন্ধী হলে ১০০) টাকা ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, অনলাইনে দিতে হবে। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।






# ১০ লক্ষ নতুন সরকারি চাকরির দৌড়ে এগিয়ে থাকতে প্রস্তুতি শুরু কলেজের পরেই



চাকরির অভাব বা বেকারত্বের সমস্যা দিন দিন বাড়ছে–এ কথা যেমন সত্যি, তেমনই প্রতিদিন নতুন সরকারি চাকরির সংখ্যা বাড়ছে, এটাও সত্যি। সম্মান, নিরাপত্তা, ভালো স্যালারি, নির্ভরযোগ্য পেনশন প্ল্যান ইত্যাদির জন্য সরকারি চাকরির কোনও বিকল্প হয় না। আর সঠিক পদ্ধতি, অভিজ্ঞ প্রশিক্ষণ এবং নির্দিষ্ট দিশার সাহায্যেই সরকারি চাকরি নিশ্চিত করা সম্ভব।

**প্রফেসর সমিত রায়** ফাউন্ডার চেয়ারম্যান, রাইস গ্রুপ

যাঁর নেতৃত্বে দীর্ঘ ৩৭ বছর ধরে প্রায় দেড় লক্ষের বেশি ছাত্রছাত্রী কেন্দ্রীয় ও রাজ্য সরকারের চাকরি পাওয়ার ক্ষেত্রে সফল হয়েছে।

সারা দেশে আগামী কিছুদিনের মধ্যেই **১০ লক্ষ নতুন সরকারি চাকরির** ঘোষণা হয়েছে। এর মধ্যে থাকছে রেল, পোস্ট অফিস, প্রতিরক্ষামন্ত্রক (সিভিল), রাজস্ব, স্বরাষ্ট্রমন্ত্রক সহ কেন্দ্রীয় সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ চাকরি। তাই প্রস্তুতি শুরু করা দরকার যত দ্রুত সম্ভব।

**সর্বভারতীয় সরকারি চাকরির ট্রেনিং যেসব প্রতিষ্ঠান দিচ্ছে তাদেরকে পেছনে ফেলে RICE-এর ছাত্রছাত্রীরা শীর্ষস্থান অধিকার করল।**

## ১৫ জুন প্রকাশিত PSC Clerkship Examination, 2019 (Advt. No.05/2019) পরীক্ষায় চূড়ান্ত সফল RICE-এর জেলার ছাত্রছাত্রীদের মধ্যে কিছু সংখ্যক ছাত্রছাত্রীর তথ্য প্রকাশ করা হল।

**সম্পূর্ণ বৈজ্ঞানিক পদ্ধতিতে ট্রেনিং, দক্ষ ও অভিজ্ঞ শিক্ষকদের ক্লাস ও হ্যান্ডআউট, ক্লাসনোট, নিয়মিত ছাত্রছাত্রীদের পারফরমেন্স বিশ্লেষণ ও নিরীক্ষণ, সমৃদ্ধ লাইব্রেরি, উন্নত স্টাডি মেটেরিয়াল, অনলাইন-অফলাইন ক্লাস রাইস-এর ছাত্রছাত্রীদের সাফল্যের রসায়ন।**

### ২০১৯-এর PSC Clerkship পরীক্ষায় RICE-এর সাফল্য সংখ্যা ৩৫০

পড়াশুনার পরিবেশ অত্যন্ত ভালো
**DEBARATI DAS**
P & AR Dept-LDC, Roll-208457
Santoshpur, Kol-75

দুর্বল দিকগুলো শুধরে নিয়েছি
**RANJAN CHAKRABORTY**
Directorate of Fisheries – LDC, Roll-614654
Barasat, Kol-700124

বিষয় ধরে ধরে রোজ পড়েছি
**MONALISA HALDER**
PWD-LDC, Roll-407040
South Sinthee Road, Kol-50

হোমওয়ার্ক গুরুত্ব দিয়ে করেছি
**RAMANUJ SEN**
PWD-LDC, Roll-233108
Jadavpur, Kol-32

মিশন ১০০ পরীক্ষার প্রশ্নগুলি খুব ভালো
**DIPAN MAJUMDAR**
Public Works (Roads Directorate) - LDC, Roll-213138
Masterpara, Kol-41

মান্থলি পরীক্ষা মকটেস্ট দিয়েছি
**ANANYA BERA**
Public Works (Roads Directorate) – LDC, Roll-234086
Baghajatin, Kol-86

কখনও হতাশ হতে দেয়নি রাইস
**ASHESH BAG**
Public Works Directorate – LDC, Roll-618437
Arambag, Hooghly

পরিকল্পনা করে পড়াশুনা করেছি
**SUCHETA PRAMANICK**
Public Works Directorate – LDC, Roll-627702
Chandannagar, Hooghly

স্কুল কলেজের মতো পড়াশুনা
**ARIJIT BOSE**
Public Works Directorate-LDC, Roll-411111
Diamond Harbour, 24 PGS(S)

শুধু মন দিয়ে পড়ে গেছি
**AKASH MUDI**
W.B. Legislative Assembly, Roll-126430
College Para, Alipurduar

অসংখ্য রেফারেন্স বই সমৃদ্ধ লাইব্রেরি
**ANIRUDDHA DAS**
PWD-LDC, Roll-301429
Rajpur, 24 PGS (S)

সরকারি চাকরির পাওয়ার লক্ষ্যভেদ
**TARIF MAHAMMAD**
P&AR Department, Roll-532692
Farakka, Murshidabad

১০-১২ ঘণ্টা পড়াশুনা করেছি
**TRISIT GHOSH**
Public Works Directorate – LDC, Roll-620870
Barasat, 24 PGS (N)

প্রথম থেকেই মন দিয়ে পড়েছি
**APARNA SAHA SONAR**
W.B. Legislative Assembly, Roll-126330
Haldibari, Coochbihar

৮-১০ ঘণ্টা বিষয় ধরে ধরে পড়েছি
**DIPANKAR SINHA**
Public Works Directorate – LDC, Roll-133174
Karandighi, U.Dinajpur

টার্গেট ছিল সফল হবই
**ANIRBAN BAKSHI**
P & AR Dept-LDC, Roll-813414
Podrah, Howrah

সব বিষয়ের ক্লাস খুব ভালো
**JAMES HANSDAH**
WRI & Development Directorate – LDC, Roll-525574
Kadampur, Alipurduar

স্যাররা সব সময়ই হেল্পফুল
**DIBESH MONDAL**
Directorate of MSME – LDA, Roll-504284
Srabannagar, Siliguri

পরিকল্পনা করে পড়েছি
**BAPI SHIT**
Public Works Directorate–LDC, Roll-1616395
Kostia, P.S.-Beliatore, Bankura

সব হ্যান্ডআউট মন দিয়ে পড়েছি
**SANHATI DHANG**
Directorate of Sundarban Development Board–LDC, Roll-1611314
Durlavpur, Bankura

মিশন ১০০ পরীক্ষা দিয়ে গেছি নিয়মিত
**BISWAJYOTI ROY SARKAR**
Directorate of Industrial Training – LDC, Roll-505211
Bolpur, Birbhum

রাইস-এ রেগুলার ক্লাস করে গেছি
**SNEHASHIS SARKAR**
Education Directorate – LDC, Roll-108416
Police Line (South), Burdwan

দক্ষ শিক্ষকদের ক্লাস করার সুযোগ...
**GANESH MAITY**
Education Directorate– LDC, Roll-1412227
Sutahata, Haldia, Medinipur (E)

শিক্ষকরা খুব সাহায্য করেছেন
**SARTHAK DAS**
Directorate of Drugs Control- LDC, Roll-128289
Chakjiandighi, Midnapore (E)

### ২০১৯-এর ICDS Mains পরীক্ষায় RICE-এর সাফল্য সংখ্যা ৭০০

"RICE -এর হেড অফিস (বেলঘরিয়া) এবং শিয়ালদহ (সিটি অফিস) শাখায় দিনে প্রায় ১২-১৪ ঘণ্টা পড়াশুনা করার পরিবেশ থাকার কারণেই RICE-এ ছাত্রছাত্রীরা এত বেশি সাফল্য পাচ্ছে"

**WBCS, PSC MISC, PSC Clerkship, WB Forest Service, WB Constable, Excise Constable, LDC, PSC IDO, SSC CGL, IBPS PO, IBPS Clerk, IBPS RRB, Banking ইত্যাদি গুরুত্বপূর্ণ পরীক্ষাগুলিতে বছরের পর বছর ধরে RICE নিজের সাফল্যের ঐতিহ্য বজায় রেখেছে।**

সাফল্যের তালিকায় নিজের নাম দেখতে হলে যোগাযোগ করুন আজই **62921 90230** | ricesmart.in

বেলঘরিয়া (হেড অফিস) 84799 02085 / 84799 18051 | শিয়ালদহ (সিটি অফিস) 84799 17959 / 84799 02091 | বেহালা 84799 17961 | সোনারপুর 84799 17962
হাওড়া ময়দান 84799 17956 | বারাসাত 84799 00574 | শিলিগুড়ি 84799 17965 | কোচবিহার 84799 00576 | মালদা 84799 17953 | বহরমপুর 84799 17952
বর্ধমান 84799 00575 | আসানসোল 84799 00577 | দুর্গাপুর 84799 00578 | খড়গপুর 84799 17955 | মেদিনীপুর | 84799 17954 | তমলুক 84799 17957

RICE EDUCATION | ricesmart
TOGETHER IN SUCCESS

# বিনা ডোনেশনে সরাসরি ভর্তি




কম সময়ে প্রফেশনাল কোর্স করে নিজেকে সু প্রতিষ্ঠিত করতে আজই যোগাযোগ করুন IIHPS-এর সাথে। বিগত ২০১৩ সাল থেকে পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলা থেকে উচ্চমাধ্যমিকে উত্তীর্ন ছেলেমেয়েদের-কে ভিন্ রাজ্যে নার্সিং কোর্স করিয়ে তাদের লক্ষ্যপূরণ করতে সক্ষম হয়েছে IIHPS।

একমাত্র IIHPS-এর মাধ্যমে ভর্তি হওয়া ছেলেমেয়েরা নার্সিং কোর্স করে পশ্চিমবঙ্গ সরকারের অধিনস্থ হসপিটাল ও সরকার অনুমোদিত নার্সিংহোমে কর্মরত।

## IIHPS-এর নিজস্ব হসপিটাল থাকায় ইন্টার্নশিপের সুবিধা।

- GNM NURSING
- B.Sc. NURSING
- P.B.B.Sc. NURSING

**সরাসরি ভর্তি চলছে**

- D. PHARMACY
- B. PHARMACY

## এছাড়াও প্যারামেডিকেল কোর্সে ভর্তি চলছে

## নার্সিং কোর্সগুলি পশ্চিমবঙ্গ, হায়দরাবাদ ও ব্যাঙ্গালোর থেকে করানো হয়

### আমাদের পরিষেবা

- নিজস্ব হসপিটাল থাকার জন্য ইন্টার্নশিপ করার সুবিধা।
- ১০০% এডুকেশন লোনের সহায়তা।
- ১০০% Placement-এর সুবিধা
- বাঙালি কলেজ ও খাবারের সুবিধা
- Next month থেকে spoken english ও Nursing fundamental -এর ক্লাস শুরু হতে চলেছে।



আরও বিস্তারিত জানতে যোগাযোগ করুন —

**Indian Institute of Higher & Professional Studies (IIHPS)**

(An ISO 9001 : 2015 Certified Institute) ● A Unit of Med Life Plus Multi Speciality Hospital & Diagnostic Centre

68 Rai Mallick Colony, Dum Dum, Kol- 70030, W.B

**H.O. Kolkata : 033 25483131, 9830116233**
**9830116992, 9874013210, 9874013370**

Owner : Sangsthaan Prakashan Pvt. Ltd., Printer : Mousumi Ghosh, Publisher : Mousumi Ghosh, Published from Flat No. B-3, 2nd Floor, 12/3/4 Jamir Lane, Kolkata - 700 019, Dist. : 24 Parganas (South), West Bengal and Printed from Sangsthaan Prakashan Pvt. Ltd., Vill : Nazirabad - Uchchepota, P.O. : Uchchepota, Gram Panchayet : Kheadaha, Dist. 24 Parganas (South), Kolkata - 700 150, West Bengal, Editor : Mousumi Ghosh. Phone No. : (033) 2460 6211/12, Fax No. : (033) 2460-8233. E-Mail : karmsang@gmail.com